লেকচার

Short সিলেবাসে

HSC সৃজনশীল

MADE EASY

with Test Papers

# ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

## প্রথম পত্র

অধিকতর ও Smart প্রস্তুতির জন্য

ডাউনলোড করতে QR Code টি স্ক্যান করো

অধিক অনুশীলনের জন্য বোর্ড প্রশ্নপত্রসহ মডেল টেস্ট ও শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাঙ্ক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই


**এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৩–৬**

১. ঢাকা, রাজশাহী, যশোর বোর্ড ২০২২ .......... ৩

২. কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, দিনাজপুর, ময়মনসিংহ বোর্ড ২০২২.......... ৪

৩. ঢাকা, রাজশাহী, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২১ .......... ৫

৪. সিলেট ও বরিশাল বোর্ড ২০২১ .......... ৬

**এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি---------- ৭–৮**

৫. সকল বোর্ড ২০২২ .......... ৭

৬. সকল বোর্ড ২০২১ .......... ৮

**শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৯–১৪**

৭. আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা.......... ৯

৮. নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা.......... ১০

৯. কুমিল্লা সরকারি মহিলা কলেজ, কুমিল্লা.......... ১১

১০. হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ, হবিগঞ্জ.......... ১২

১১. পটুয়াখালী সরকারি মহিলা কলেজ, পটুয়াখালী .......... ১৩

১২. মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ.......... ১৪

**শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি---------- ১৫–২০**

১৩. আব্দুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী.......... ১৫

১৪. শহীদ বীর বিক্রম রমিজ উদ্দীন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা.......... ১৬

১৫. গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ.......... ১৭

১৬. বিএএফ শাহীন কলেজ, যশোর.......... ১৮

১৭. দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর.......... ১৯

১৮. শেরপুর সরকারি কলেজ, শেরপুর .......... ২০

**এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল---------- ২১–২২**

১৯. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১ .......... ২১

২০. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২.......... ২২

**এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ২৩–২৪**

২১. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩.......... ২৩

২২. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪ .......... ২৪

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ১ ঢাকা, রাজশাহী, যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 6 7

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট

### ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, প্রথম পত্র — সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ ফয়সাল শীতের ছুটিতে চট্টগ্রাম অঞ্চলে বেড়াতে গেল। সেখানে সে বিভিন্ন কৃষিদ্রব্য, উৎপাদন পদ্ধতি এবং স্থানীয় লোকের কষ্ট সহিষ্ণুতা ও তাদের আতিথেয়তা দেখে বিস্মিত হয়। পাহাড়ি এলাকার চাষাবাদ পদ্ধতির সাথে তার নিজ এলাকা বরিশাল অঞ্চলের অনেক অমিল খুঁজে পায়। সে আরোও লক্ষ করল মানুষের আচার-আচরণ, পোশাক-পরিচ্ছদ, খাবার-দাবারসহ সবকিছুই যেন এলাকাভিত্তিক আলাদা-আলাদা বৈশিষ্ট্যের অধিকারী।

ক. জাহেলিয়া শব্দের অর্থ কী? ১
খ. জাজিরাতুল আরব বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত অঞ্চলের সাথে আরবের ভূপ্রকৃতির যে অঞ্চলের মিল আছে তার বর্ণনা দাও। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত অবস্থার ন্যায় আরবদের চারিত্রিক বৈশিষ্ট্যও সে দেশের পরিবেশ দ্বারা প্রভাবিত হয়েছে—মূল্যায়ন কর। ৪

২ ▶ গোমতী নদীর তীরবর্তী রাস্তা অনেক উঁচু এবং প্রশস্ত। এর কারণ হলো পূর্বে বর্ষাকালে গোমতী নদীতে পানি বেড়ে গিয়ে আশেপাশের এলাকায় প্লাবন সৃষ্টি করত। এতে চাষাবাদের সমস্যা হতো এবং ক্ষেতের ফসল নষ্ট হয়ে যেত অনেক সময় দুর্ভিক্ষ সৃষ্টি করত। তাই সরকার নদীর তীরে স্থায়ী বাঁধ নির্মাণ করে এলাকাবাসীর দুর্দশা লাঘব ও কৃষির উন্নয়নের ব্যবস্থা করেছেন। কুমিল্লা শুধু কৃষির জন্যই নয়, ব্যবসা বাণিজ্যের জন্যও বিখ্যাত। কুমিল্লার খাদি দেশে-বিদেশে পরিচিত। কুটির শিল্প, মৃৎ শিল্পসহ ছোট ছোট অনেক কলকারখানাও এখানে রয়েছে।

ক. মিশরীয় লিখন পদ্ধতির নাম কী? ১
খ. প্যাপিরাস কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের গোমতী নদীর সাথে মিশরীয় সভ্যতার কোন নদীর সামঞ্জস্য পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে উক্ত সভ্যতার অবদান মূল্যায়ন কর। ৪

৩ ▶ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে প্রতিবছর ২১ ফেব্রুয়ারি বাংলা একাডেমি বই মেলার আয়োজন করে। উক্ত মেলায় বিভিন্ন কবি-সাহিত্যিকদের লেখা নতুন নতুন বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। ছোট ছোট শিশু-কিশোর ও কবি-সাহিত্যিকরা বিভিন্ন কবিতা, সাহিত্য আবৃত্তি করেন। ঐখানে সর্বস্তরের জনতার ঢল নামে। মাননীয় প্রধানমন্ত্রী শ্রেষ্ঠ কবি-সাহিত্যিকদের অমর একুশে পদক বা পুরস্কার প্রদান করেন।

ক. প্রাক-ইসলামি আরবের একেশ্বরবাদী সম্প্রদায়ের নাম কী? ১
খ. কিউনিফর্ম বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কবি-সাহিত্যিকদের পুরস্কার প্রাক-ইসলামি যুগের কোন পুরস্কারের অনুরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের মেলায় প্রাক-ইসলামি যুগের সাংস্কৃতিক কর্মকাণ্ডের পূর্ণ প্রতিফলন হয়েছে? ব্যাখ্যা কর। ৪

৪ ▶ আব্রাহাম লিংকন পৃথিবীর বিখ্যাত ব্যক্তিদের একজন। আমেরিকা যখন দাসব্যবস্থা নিয়ে মারাত্মক গৃহযুদ্ধে লিপ্ত তখন তিনি দাস মুক্তির শপথ নিয়ে শত প্রতিকূলতার মধ্যে আমেরিকাকে সঠিক পথ দেখিয়েছিলেন। তিনি গণতন্ত্র বলতে সাধারণের ইচ্ছা, মানবাধিকার ও জনগণের সর্বোচ্চ কল্যাণ সাধন বলে মনে করতেন। মানবজাতির সার্বিক কল্যাণ সামনে রেখে তিনি আমেরিকাকে নেতৃত্ব দিয়েছিলেন।

ক. খন্দকের যুদ্ধ কত সালে হয়েছিল? ১
খ. ওমরাতুল কাযা বা মুলতবি হজ কী? ২
গ. মহানবি (সা.)-এর কোন সংস্কারের সাথে আব্রাহাম লিংকনের সংস্কারের মিল রয়েছে— ব্যাখ্যা কর। ৩
ঘ. মহানবি (সা.)-এর রাজনৈতিক ও সামাজিক চিন্তার সাথে উদ্দীপকে বর্ণিত আব্রাহাম লিংকনের রাজনৈতিক ও সামাজিক দর্শনের সাদৃশ্য ও বৈসাদৃশ্যগুলো মূল্যায়ন কর। ৪

৫ ▶ যশোধর সিং অভিনেতা এবং শরীর চর্চাবিদ হিসেবে সমাজে প্রতিষ্ঠিত হওয়ার কারণে এমনিতেই তার অনেক অনুসারী ছিল। তারপরও ধর্মকে ব্যবহার করে আরও মর্যাদা ও অর্থবিত্তের মালিক হওয়ার আকাঙ্ক্ষায় তিনি 'ক' অঞ্চলে ঢেঁরা খুলে বসেন। নিজে ধর্মগুরু সেজে কাল্পনিক ধর্ম বিশ্বাসের মিথ্যা লোভ দেখিয়ে প্রচুর ভক্ত ও অর্থের মালিক হন। কিন্তু তার এহেন কার্যকলাপ রাষ্ট্র ও ধর্মের জন্য হুমকি মনে করে সরকার তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করে। একই সাথে অন্যান্য ধর্ম ব্যবসায়ীদেরকেও সরকার সমূলে দমন করেন।

ক. বয়স্ক পুরুষদের মধ্যে কে প্রথম ইসলাম গ্রহণ করেন? ১
খ. গ্রন্থাকারে কুরআন লিপিবদ্ধ করার কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মতো ভণ্ড ধর্ম ব্যবসায়ীর আবির্ভাব কোন খলিফার আমলে প্রকট আকার ধারণ করেছিল? বুঝিয়ে লেখ। ৩
ঘ. উদ্দীপকে ধর্ম ও রাষ্ট্রের প্রতি হুমকিস্বরূপ উল্লিখিত কর্মকাণ্ডের তুলনায় রিদ্দা আন্দোলন ছিল আরও ভয়াবহ ও সুদূরপ্রসারী—উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬ ▶ ভ্রান্তিবিলাসী আরব বসন্তের ঢেউ মিসরের বয়োবৃদ্ধ প্রেসিডেন্টকে ক্ষমতাচ্যুত করে। কিন্তু জনগণ নতুন যাকে শাসক নিয়োগ করে তিনি সেনাপ্রধানের সাথে ক্ষমতার দ্বন্দ্বে জড়িয়ে পড়েন। ফলে নতুন শাসক শক্তি ও শাসনে যোগ্যতার পরিচয় দিলেও কূটকৌশলে বিরোধীদের কাছে হেরে যান এবং অল্প সময়ের মধ্যে কঠিন পরিণতি ভোগ করেন। সেনাপ্রধান খোলস ছেড়ে প্রেসিডেন্টের পদ দখল করেন।

ক. 'আসাদুল্লাহ' কার উপাধি? ১
খ. 'শিয়া' শব্দের অর্থ ব্যাখ্যাসহ লেখ। ২
গ. মিসরের প্রেসিডেন্টের পরিণতির সাথে হযরত উসমান (রাঃ)-এর পরিণতির সামঞ্জস্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ক্ষমতার দ্বন্দ্বের নিরিখে হযরত আলী (রাঃ) ও মুয়াবিয়া (রাঃ)-এর মধ্যকার দ্বন্দ্বের পরিণতি মূল্যায়ন কর। ৪

৭ ▶ চেঙ্গিস খান শুধু তার নিজস্ব বীরত্বে বিশাল সাম্রাজ্যের অধিকারী হতে পারেননি। তার দক্ষ সেনাপতিদের রণনিপুণতাই তার সাম্রাজ্যের বিশাল বিস্তৃতির প্রধান কারণ ছিল। তাছাড়া সাম্রাজ্য বিস্তার করেই তিনি ক্ষান্ত হননি। তার বিশাল সাম্রাজ্যকে তিনি উত্তর ও দক্ষিণাঞ্চল নামক দুটি প্রধান উইং-এ বিভক্ত করে সেখানে দুইজন দক্ষ প্রতিনিধি নিয়োগ করেছিলেন। তারা দুইজনই পরস্পর প্রতিযোগিতার মাধ্যমে রাজ্য বিস্তার করতেন। তবে এদের মধ্যে দক্ষিণাঞ্চলীয় প্রতিনিধি মঙ্গু খান ছিলেন খুবই নৃশংস।

ক. সর্বপ্রথম কোন খলিফা মধ্য এশিয়ায় রাজ্য বিস্তার করেছিলেন? ১
খ. হিমারীয়-মুদারীয় দ্বন্দ্বের কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মঙ্গু খানের সাথে প্রথম ওয়ালিদের শাসনামলের কোন প্রাদেশিক গভর্নরের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. চেঙ্গিস খানের মতো খলিফা প্রথম ওয়ালিদও মূলত দক্ষ সেনাপতিদের কারণে খিলাফতের সর্বোচ্চ বিস্তৃতি ঘটাতে সক্ষম হয়েছিলেন— বিশ্লেষণ কর। ৪

৮ ▶ স্পেনীয়রা কৃষিপ্রধান দেশ ব্রাজিল দখল করে সেখানে দাপ্তরিক ভাষা হিসাবে স্পেনিশ চালু করে। তাছাড়া খ্রিষ্টানদের কৃষিজমি ক্রয় বন্ধ ঘোষণা করে এবং তাদের উপর যে কর রেয়াত প্রচলিত ছিল তা রহিত করে। ফলে খ্রিষ্টান ধর্ম গ্রহণ করে জনগণের যে রাষ্ট্রীয় সুবিধা পাওয়ার কথা ছিল সেসব থেকে তারা বঞ্চিত হয়।

ক. খলিফা আব্দুল মালিক কোন বংশের শাসক ছিলেন? ১
খ. সংক্ষেপে হাজ্জাজ বিন ইউসুফের পরিচয় দাও। ২
গ. উদ্দীপকে দাপ্তরিক ভাষা প্রচলনের মতো খলিফা আব্দুল মালিক কোন পদক্ষেপ গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে স্পেনের গৃহীত পদক্ষেপের আলোকে খলিফা আব্দুল মালিকের রাজত্ব সংস্কার আলোচনা কর। ৪

৯ ▶ প্রাচীন রুশ দেশীয় একজন রাজা প্রজাহিতৈষী ছিলেন। তার মহানুভবতায় আকৃষ্ট হয়ে দেশের অভ্যন্তরে একদল মানুষ তাকে ঈশ্বরের সাথে তুলনা করতে থাকে। এতে রাজা বিব্রতবোধ করেন। উক্ত আচরণ থেকে বিরত রাখার চেষ্টা করে ব্যর্থ হয়ে রাজা তাদের বন্দি করেন। উক্ত সম্প্রদায়ের আচরণ ও কর্মকাণ্ডে রাজ্যে বিদ্রোহ দেখা দেওয়ার সম্ভাবনা ছিল। তাদের বন্দি করার ফলে রাজা বড় ধরনের বিপদের হাত থেকে রক্ষা পায়। এর ফলে রাজ্যে বিশৃঙ্খলা প্রশমিত হয়ে শান্তি প্রতিষ্ঠিত হয়।

ক. বাগদাদ নগরীর প্রতিষ্ঠাতা কে? ১
খ. খলিফা আল মামুনের 'জ্ঞানমনস্ক' কর্মকাণ্ডের একটি উদাহরণ দাও। ২
গ. উদ্দীপকে খলিফা আল মনসুরের শাসনামলের কোন ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বর্ণিত ঘটনার আলোকে বলা যায় রুশ দেশীয় রাজার মতো আল মনসুরও রাজনৈতিক প্রজ্ঞা দ্বারা মহাবিপর্যয় থেকে রক্ষা পেয়েছিলেন— বিশ্লেষণ কর। ৪

১০ ▶ নাদির শাহ প্রজাদের সুবিধার্থে যে খাল খনন করেছিলেন তা আমাতুন বিবির খাল নামে পরিচিত। নাদির শাহের রাজ্যের সুখ-স্বাচ্ছন্দ্যের কথা মানুষের মুখে মুখে। প্রজাদের প্রতি তার দরদ বিশ্ববাসী জেনে যায়। তার পার্শ্ববর্তী শক্তিধর রাজ্যের শাসক মানিক চাঁন একবার তার রাজ্য আক্রমণ করলে নাদির শাহ এমন দাঁতভাঙ্গা জবাব দেন যে, মানিক চাঁন তার আনুগত্য স্বীকার করে কর প্রদানে বাধ্য হন।

ক. খায়জুরান কে ছিলেন? ১
খ. 'বার্মাকি' বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আমাতুন বিবির খাল-এর সাথে খলিফা হারুন অর রশিদের রাজত্বকালের কোন জনহিতকর কাজের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের নাদির শাহের সাথে মানিক চাঁনের সংঘর্ষের মতোই হারুন অর রশিদ পার্শ্ববর্তী শাসকের সাথে সংঘর্ষে জড়িয়ে ছিলেন— উক্তিটি ব্যাখ্যা কর। ৪

১১ ▶ একদল জ্ঞানপিপাসু ব্যক্তিবর্গের পৃষ্ঠপোষকতায় ঢাকায় 'এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ' প্রতিষ্ঠিত হয়। জ্ঞান-বিজ্ঞানের চর্চার জন্য এখানে প্রাচীন গ্রন্থাবলি সংরক্ষণ করা হয়। এই প্রতিষ্ঠানটি নতুন নতুন গবেষণার কাজেও পৃষ্ঠপোষকতা দিয়ে থাকে। কিন্তু সরকারি প্রতিষ্ঠান না হওয়ায় নতুন গবেষণায় প্রতিষ্ঠানটি যথাযথ সহযোগিতা দিতে অক্ষম।

ক. খলিফা আল মামুনের স্ত্রীর নাম কী ছিল? ১
খ. আল মামুনের প্রতি পারসিকদের সমর্থনদানের কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির কর্মকাণ্ডের সাথে আল মামুনের কোন প্রতিষ্ঠানের সামঞ্জস্য লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. আব্বাসী খিলাফতে শিক্ষা সংস্কৃতির উন্নয়নে আল মামুন প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানটির অবদান এশিয়াটিক সোসাইটির তুলনায় বেশি ছিল— বিশ্লেষণ কর। ৪

## ২ ✔ কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, দিনাজপুর, ময়মনসিংহ বোর্ড ২০২২

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, প্রথম পত্র ◐ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ হোয়াংহো নদীর তীরে চীন সভ্যতার গোড়াপত্তন হয়। হোয়াংহো নদীকে চীনের দুঃখ বলা হলেও এ নদী অধিবাসীদের জীবনে বিশাল ভূমিকা রাখে। নদীর উভয় তীরে বাঁধ নির্মাণ করায় গ্রামগুলো বন্যামুক্ত হয় এবং পরিকল্পিত সেচ প্রকল্প চালু করায় কৃষি উৎপাদন বহুগুণে বৃদ্ধি পায়। চীনারা তাদের রাজাদের মৃতদেহ মমি করে রাখার জন্য ত্রিকোণাকার ঘর নির্মাণ করে সেখানে সংরক্ষণ করে। বর্তমানে কঠোর নিরাপত্তার সাথে সংরক্ষিত আছে।

ক. প্যাপিরাস কী? ১
খ. মিসরীয় লিখন পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে হোয়াংহো নদীর সাথে মিসরের নীলনদের কী মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মিসরের ফারাও রাজাদের সমাধি সংরক্ষণের বিবরণ দাও। ৪

২ ▸ রাশিদা বেগম 'বাংলাদেশ নারী অধিকার' নামক সংগঠনের মহিলা বিষয়ক সম্পাদক ছিলেন। তিনি আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে বলেন, ভারতীয় উপমহাদেশে এমন একটি সময় ছিল যখন কন্যা সন্তানকে জীবন্ত কবর দেয়া হতো। নারীদের কোনো অধিকার ছিল না। একজন পুরুষ একই সাথে একাধিক স্ত্রী রাখতে পারত। তাদের কোনো কেন্দ্রীয় শাসনব্যবস্থা ছিল না। তারা একে অপরের সাথে সংঘর্ষে লিপ্ত থাকত। এসব সংঘর্ষ 'ভারতীয়দের দিন' নামে পরিচিত। তারা 'জোর যার মুল্লুক তার' নীতিতে বিশ্বাসী ছিল।

ক. 'ইয়েমেন' শব্দের অর্থ কী? ১
খ. উটকে 'মরুভূমির জাহাজ' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে রাশিদা বেগমের বক্তব্যে কোন সমাজের নারীর অবস্থা ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত যুগের রাজনৈতিক অবস্থা পর্যালোচনা কর। ৪

৩ ▸ সদ্য স্বাধীনতাপ্রাপ্ত দেশ হংকং। স্বাধীনতা লাভের পর দেশটির নেতা রাষ্ট্রের জনগণের অধিকার প্রতিষ্ঠা ও দায়িত্ব-কর্তব্য সম্পর্কিত ৪৭টি ধারার সমন্বয়ে একটি সংবিধান প্রণয়ন করেন, যা রাষ্ট্রে সুস্থ রাজনৈতিক পরিবেশ সৃষ্টিতে অত্যন্ত গুরুত্ব বহন করে।

ক. মদিনার পূর্বনাম কী? ১
খ. 'হিলফুল ফুজুল' বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সংবিধানের সাথে মহানবি (সা.) কর্তৃক গৃহীত কোন পদক্ষেপের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মহানবি (সা.) কর্তৃক গৃহীত সংবিধানের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪ ▸ লাবণ্য তার পাঠ্যবই থেকে একজন সাহাবির জীবনী পাঠ করেছে। তিনি ছিলেন বয়স্ক পুরুষদের মধ্যে প্রথম ইসলাম ধর্ম গ্রহণকারী ব্যক্তি। তিনি অনেক বেশি নবি ভক্ত ছিলেন। তাকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়ে থাকে।

ক. রিদ্দার যুদ্ধ কত খ্রিষ্টাব্দে সংঘটিত হয়? ১
খ. 'মজলিস-উস-শূরা' বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. ইসলামের ইতিহাসে লাবণ্যের পঠিত সাহাবির অবস্থান নিরূপণ কর। ৩
ঘ. 'উক্ত সাহাবিকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়'– তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▸ দিল্লির সুলতান মোহাম্মদ ঘুরীর মৃত্যুর পর কুতুবউদ্দীন আইবেক সুলতান হিসেবে মনোনীত হন। তিনি দেশ জয়ের মাধ্যমে সাম্রাজ্যের পরিধিকে আরও বিস্তৃত করেন। তিনি শুধু একজন বিজেতাই ছিলেন না বরং একজন সফল প্রশাসকও ছিলেন। প্রশাসনিক ক্ষেত্রে ব্যাপক সংস্কার সাধন করে একটি শক্তিশালী প্রশাসন ব্যবস্থা গড়ে তোলেন। মূলত তার শাসনামলেই ভারতবর্ষে মুসলিম শাসন পূর্ণতা লাভ করে।

ক. উষ্ট্রের যুদ্ধ কত খ্রিষ্টাব্দে সংঘটিত হয়? ১
খ. 'বায়তুল মাল' বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের শাসকের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শাসকের চেয়ে উক্ত খলিফা ছিলেন আরও অধিকতর সফল প্রশাসক– উক্তিটিকে তুমি কি সমর্থন কর? যুক্তিসহ তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৬ ▸ বাদশা সরফরাজ খান ছিলেন একজন সরলমনা ও প্রজাবৎসল শাসক। তিনি সবসময় অহেতুক রক্তপাত এড়িয়ে যেতেন। তার এ সরলতার সুযোগ নিয়ে একদল বিপথগামী জনতা তার বিরুদ্ধে কতিপয় অভিযোগ এনে বিদ্রোহ শুরু করে। তিনি এ বিদ্রোহ কঠোর হস্তে দমন না করায় আস্তে আস্তে দেশের বিভিন্ন স্থানে বিদ্রোহ ছড়িয়ে পড়তে থাকে।

ক. মহানবি (সা.) কাকে 'সাইফুল্লাহ' উপাধিতে ভূষিত করেছিলেন? ১
খ. হযরত আবুজর গিফারি (রা.) কে নির্বাসন দেয়া হয়েছিল কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বাদশাহর সাথে ইসলামের কোন খলিফার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত খলিফার উপর আনীত অভিযোগ সম্পর্কে তোমার মতামত যুক্তির আলোকে তুলে ধর। ৪

৭ ▸ পলাশীর যুদ্ধ বাংলার ভাগ্যাকাশে এক চরম বিপর্যয় ডেকে আনে। ১৭৫৭ সালে সংঘটিত এ যুদ্ধে মীরজাফরের শঠতাপূর্ণ আচরণে বাংলার শেষ নবাব সিরাজ-উদ-দৌলার পরাজয় ঘটে। এ যুদ্ধে মীরমদন, মোহনলাল যখন প্রাণপণ লড়াই করে নবাবের বিজয়কে সুনিশ্চিত করে তোলেন, তখনই মীরজাফর নবাবকে যুদ্ধ বন্ধ করতে পরামর্শ দেন। নবাব মীরজাফরকে বিশ্বাস করে যুদ্ধ বন্ধ করার ঘোষণা দেন। মীরজাফরের এ বিশ্বাসঘাতকতায় নবাবের পরাজয় ঘটে। ফলে ভারতবর্ষে ইংরেজ ঔপনিবেশিক শাসনের সূত্রপাত ঘটে।

ক. কাকে আরববিশ্বের প্রথম রাজা বলা হয়? ১
খ. খলিফা সুলাইমানকে 'আশীর্বাদের চাবি' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত যুদ্ধের সাথে ইসলামের ইতিহাসের কোন যুদ্ধের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের যুদ্ধের মতো উক্ত যুদ্ধের ফলেও ইসলামে এক নতুন শাসনব্যবস্থার যাত্রা শুরু হয়? যৌক্তিক মত দাও। ৪

৮ ▸ বাংলাদেশের ফুটবল জগতে আবাহনী স্পোর্টিং ক্লাব অত্যন্ত সুপরিচিত। ক্লাবটি আবির্ভূত হয়ে একের পর এক শিরোপা জিততে শুরু করে। দেশের বিভিন্ন অঞ্চলের নামকরা কয়েকজন অভিজ্ঞ ও চৌকশ খেলোয়াড়দের হাত ধরে দেশি-বিদেশি শিরোপা জয় করতে সক্ষম হয়। বর্তমান অধিনায়কের দূরদর্শী নেতৃত্বে ও বিশ্বখ্যাত খেলোয়াড়দের চোখ ধাঁধানো নৈপুণ্যে আবাহনী স্পোর্টিং ক্লাবটি শক্তিশালী প্রতিপক্ষদের হারিয়ে মূল্যবান ও মর্যাদাসম্পন্ন শিরোপা ছিনিয়ে আনতে সক্ষম হয়। অবশ্যই এসব জয়ের পিছনে বর্তমান অধিনায়কের চেয়ে পূর্বের অধিনায়কের ভূমিকাও কম নয়। কেননা বর্তমান অধিনায়ক একটি সুসংগঠিত দল পেয়েছিলেন।

ক. উমাইয়া বংশের প্রতিষ্ঠাতা কে? ১
খ. কাকে এবং কেন 'রাজেন্দ্র' বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বর্তমান অধিনায়কের সাথে কোন অর্থে খলিফা আল ওয়ালিদের মিল করা যেতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "আল ওয়ালিদের আগের খলিফা সাম্রাজ্য বিজয়ের পথকে সহজ করে দিয়েছে"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জনাব শাহজাহান খান কলাখালী ইউনিয়নের চেয়ারম্যান নির্বাচিত হন। তিনি অত্যন্ত দয়ালু, সদাশয় ও জনদরদি ব্যক্তি এবং চারিত্রিক দিক দিয়ে ছিলেন সরল, অনাড়ম্বর, ধর্মানুরাগী ও কর্তব্যপরায়ণ। ইসলামি আদর্শ ও মূল্যবোধকে হৃদয়ে ধারণ করতেন। চেয়ারম্যান নির্বাচিত হয়ে তিনি গরিব জনগণের বিভিন্ন খাজনা মওকুফ করেন এবং কর ব্যবস্থার সংস্কার করে শিল্প ও ব্যবসায় বাণিজ্যের উন্নতি সাধন করেন। ভিন্ন মতাবলম্বীদের শাসন কার্যে নিয়োগ করে এক অভূতপূর্ব দৃষ্টান্ত স্থাপন করেন।

ক. কত খ্রিষ্টাব্দে কারবালার বিয়োগান্ত ঘটনা ঘটে? ১
খ. হাজ্জাজ বিন ইউসুফ বিখ্যাত ছিলেন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন উমাইয়া খলিফার প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত খলিফার শাসননীতি ছিল জনকল্যাণমুখী'– বিশ্লেষণ কর। ৪

১০ ▸ প্রাচীন রুশ দেশীয় একজন প্রজাহিতৈষী রাজা ছিলেন। তার মহানুভবতায় আকৃষ্ট হয়ে দেশের অভ্যন্তরে একদল মানুষ তাকে ঈশ্বরের সাথে তুলনা করতে থাকেন। এতে রাজা বিব্রতবোধ করেন। উক্ত আচরণ থেকে বিরত রাখা চেষ্টা করে ব্যর্থ হয়ে রাজা তাদের বন্দি করেন। তাদের বন্দি করার ফলে রাজা বড় ধরনের দুর্যোগের হাত হতে রক্ষা পায়। এর ফলে রাজ্যে বিশৃঙ্খলা দূরীভূত হয়ে শান্তি প্রতিষ্ঠিত হয়।

ক. আব্বাসীয় খিলাফতের পরিসমাপ্তি ঘটে কত সালে? ১
খ. 'বায়তুল হিকমা' বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত রুশ দেশীয় রাজার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ঘটনার আলোকে বলা যায় রুশ দেশীয় রাজার মত উক্ত শাসকও রাজনৈতিক প্রজ্ঞা দ্বারা মহাবিপর্যয়ের হাত থেকে রক্ষা পেয়েছিলেন– বিশ্লেষণ কর। ৪

১১ ▸ হযরত উমর ফারুক (রাঃ) ছিলেন ইসলামের দ্বিতীয় খলিফা। প্রজাবৎসল জনদরদি এ খলিফা জনগণের অবস্থা স্বয়ং অবগত হওয়ার জন্য রাতের বেলা ছদ্মবেশে মদিনা শহরে ঘুরে বেড়াতেন। জনসাধারণের সার্বিক কল্যাণ ও উন্নতি বিধানে তিনি নিরলস কাজ করেছেন। প্রশাসনিক বিকেন্দ্রীকরণ তার অন্যতম অবদান। আমিরুল মুমেনিন হিসেবে তিনি সমধিক পরিচিত।

ক. খলিফা আল-মনসুর কোথায় রাজধানী স্থানান্তর করেন? ১
খ. আবু মুসলিম ইতিহাসে এত বিখ্যাত কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের খলিফার গুণাবলির সাথে আব্বাসীয় কোন খলিফার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রকাশিত চারিত্রিক বৈশিষ্ট্য ছাড়াও উক্ত খলিফা নানা গুণের অধিকারী ছিলেন– তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ৩ ঢাকা, রাজশাহী, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, দিনাজপুর, ময়মনসিংহ বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি : প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ সিন্ধু সভ্যতা প্রাচীন সভ্যতাগুলোর অন্যতম। এটি একটি নগরভিত্তিক সভ্যতা। এদের লিখন পদ্ধতি ছিল চিত্রভিত্তিক। সিন্ধু সভ্যতা নগরভিত্তিক হলেও তাদের ছিল উন্নত কৃষি ব্যবস্থা। যব, গম, তুলাসহ নানা রকম ফসল তারা উৎপন্ন করত। উন্নত ফসল উৎপাদনের জন্য তারা জমিতে বাঁধ দিত। বন্যার পানিকে সংরক্ষণ করে কাজে লাগাত। আবার নালা কেটে জলসেচের মাধ্যমে পানি এনে ফসলের মাঠে সরবরাহ করত।

ক. ইতিহাসের জনক কে? ১

খ. উটকে 'মরুভূমির জাহাজ' বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে সিন্ধু সভ্যতার লিখন পদ্ধতির সাথে প্রাচীন কোন সভ্যতার লেখনীর মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সিন্ধু সভ্যতার কৃষি ব্যবস্থা মিশরীয় সভ্যতার কৃষি ব্যবস্থারই প্রতিচ্ছবি"– উক্তিটি ব্যাখ্যা কর। ৪

২ ▸ ইতিহাস পাঠের মাধ্যমে জানা যায় যে, এক সময় ভারতে মেয়েদের কোনো স্বাধীনতা ছিল না। সতীদাহ তথা স্বামীর সাথে সহমরণসহ ঘৃণ্য কিছু প্রথা বিদ্যমান ছিল। বিধবা বিবাহ নিষিদ্ধ ছিল। উত্তরাধিকার সূত্রে সম্পত্তির মালিকানা থেকেও তারা বঞ্চিত ছিল। বলতে গেলে নারীদের সামাজিক কোনো মর্যাদাই ছিল না। কন্যা সন্তানের প্রতি তাদের অনাগ্রহ এবং ঘৃণা ছিল। এমনকি বর্তমান যুগেও ভারতের কোনো কোনো অঞ্চলে দেখা যায় যে, কন্যা সন্তানের ভ্রূণ হত্যা করা হয়।

ক. আল মালা কী? ১

খ. আরব দেশকে 'জাজিরাতুল আরব' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে নারীর যে চিত্র বর্ণনা করা হয়েছে তোমার পাঠ্যপুস্তকের কোন দেশের সাথে এর সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে সে যুগের নারীদের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার বর্ণনা দাও। ৪

৩ ▸ মিয়ানমারের শাসকগোষ্ঠী কর্তৃক অত্যাচার, নির্যাতন, হত্যা, ধর্ষণ ও বাড়িঘর পোড়ানোর শিকার হয়ে প্রায় দশ লক্ষাধিক রোহিঙ্গা মুসলিম বাংলাদেশে আশ্রয় নিয়েছে। মূলত ধর্মীয় কারণেই রোহিঙ্গা মুসলিমরা তাদের জন্মভূমি ত্যাগ করতে বাধ্য হয়। বাংলাদেশ সরকার মানবিক কারণে ঐ সকল শরণার্থীদের খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসাসহ বিভিন্ন ধরনের সহযোগিতা দিয়ে প্রশংসা অর্জন করেছে।

ক. 'মিরাজ' শব্দের অর্থ কী? ১

খ. 'হানিফ সম্প্রদায়' কারা? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে ইসলামের ইতিহাসের কোন ঘটনার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ঘটনাটি ছিল ইসলামের ইতিহাসে এক মোড় পরিবর্তনকারী ঘটনা– বিশ্লেষণ কর। ৪

৪ ▸ আধুনিক সিংগাপুর রাষ্ট্র এক সময় মালয়েশিয়ার সাথে সংযুক্ত ছিল। পরবর্তীতে তারা মালয়েশিয়া থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। এসময় সিংগাপুরে বিভিন্ন অর্থনৈতিক কাজ ব্যাপক হারে বৃদ্ধি পায়। এ সকল চুরি-ডাকাতিসহ অন্যান্য অন্যায় কাজের অপবাদ থেকে নিজেদেরকে বাঁচানোর জন্য কতিপয় যুবক ঐক্যবদ্ধ এটি সমিতি গঠন করেন। এবং উক্ত সমিতি কিছু কর্মসূচি গ্রহণ করে। সে অনুযায়ী অপরাধের কঠোর শাস্তির ব্যবস্থা করে। এতে অল্প সময়ের মধ্যে সিংগাপুর একটি শ্রেষ্ঠ রাষ্ট্র ও সভ্য জাতিতে পরিণত হয়।

ক. আরব দেশ কোন মহাদেশে অবস্থিত? ১

খ. হযরত মুহাম্মদ (সা.) কে 'আল-আমিন' বলা হতো কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত সমিতি গঠনের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সমিতির কর্মসূচিগুলো তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা সম্রাট বাবর মধ্য এশিয়া থেকে বারবার বিতাড়িত হয়ে ভারতবর্ষে একটি স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করেন। তাঁর এ পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ১২ হাজার সুসজ্জিত ও সুশৃঙ্খল বাহিনী নিয়ে ভারতের শেষ সুলতান ইব্রাহীম লোদীর ১,২০,০০০ সৈন্যের মোকাবিলা করেন। ১৫২৬ সালে পানিপথের প্রথম যুদ্ধে বিপুল সৈন্য থাকা সত্ত্বেও সুলতান লোদী বাবরের হাতে অত্যন্ত শোচনীয়ভাবে পরাজিত হন। এ যুদ্ধে বিজয় করার পর বাবর আরও কয়েকটি যুদ্ধে সুপ্রতিষ্ঠিত প্রতিদ্বন্দ্বী শত্রুদের পরাজিত করে ভারতে মুঘল শাসনের সূচনা করেন।

ক. মদিনার পূর্বনাম কী ছিল? ১

খ. 'আকাবার শপথ' বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ঐতিহাসিক পানিপথের প্রথম যুদ্ধের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন যুদ্ধের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "বাবর কর্তৃক প্রতিষ্ঠিত মুঘল সাম্রাজ্য– মহানবি (সা.) কর্তৃক প্রতিষ্ঠিত মদিনার ইসলামি রাষ্ট্রকে স্মরণ করিয়ে দেয়"– ব্যাখ্যা কর। ৪

৬ ▸ United Nations General Assembly ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর মানবাধিকার সনদ ঘোষণা করে। এ সনদে উল্লিখিত ধারাসমূহে বিশ্বের প্রতিটি মানুষের সহজাত মর্যাদা, সমান অধিকার ও সমতা রক্ষার কথা বলা হয়। তাছাড়া এ সনদে বিশেষভাবে বিশ্বের সকল মানুষের মৌলিক অধিকার সংরক্ষণ এবং সকল বর্ণ ও ধর্মের মানুষের সমমর্যাদার কথা বলা হয়েছে– যা বিশ্বমানবের সকলকে একই সূত্রে গ্রথিত করার ঘোষণা আছে। এভাবে এ সনদ বিশ্ব মানবতার মুক্তির ম্যাগনাকার্টা হিসেবে বিশ্ব বিবেককে সচেতন করে তোলে।

ক. 'হিজরত' শব্দের অর্থ কী? ১

খ. মুহাজির ও আনসার কারা? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সনদের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন সনদের সাদৃশ্য আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সনদে পৃথিবীর সকল ধর্মের মানুষের মৌলিক অধিকার সংরক্ষণের ব্যবস্থা রয়েছে– বিশ্লেষণ কর। ৪

৭ ▸ ইসরাইলের তৎকালীন প্রধানমন্ত্রী আইজাক রবিন ও জর্ডানের প্রধানমন্ত্রী আবদেল সালাম আল মাজলির মধ্যে ১৯৯৪ সালে ২৬ অক্টোবর এক চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তিতে উভয় দেশ পরবর্তীতে কোনো সংঘর্ষে লিপ্ত হবে না– এ শর্তে একমত হয়। আর এ চুক্তি দ্বারা উভয় দেশের জনসাধারণের পূর্ণ নিরাপত্তার ব্যবস্থা করা এবং এক দেশ হতে অন্য দেশের উপর কোনো আঘাত আসবে না বা এক দেশ দ্বারা অন্য দেশের কোনো ক্ষতি হবে না বলে একমত হয়। তাছাড়া এ চুক্তি দ্বারা এক দেশ অন্য দেশকে আক্রমণের ভীতি প্রদর্শন থেকে বিরত থাকবে বলে ঐকমত্য পোষণ করে। তবে আলজাজিরা নিউজ চ্যানেলের এক নিউজ বিশ্লেষণে বলা হয় যে, এ চুক্তি ছিল জর্ডানের পরোক্ষ বিজয়।

ক. কত সালে ওহুদের যুদ্ধ সংঘটিত হয়? ১

খ. খন্দকের যুদ্ধে মহানবি (সা.) পরিখা খনন করেছিলেন কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত চুক্তির সাথে মহানবি (সা.) এর গৃহীত কোন সন্ধি বা চুক্তির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সন্ধিকে পবিত্র কুরআনে মহাবিজয় বলে আখ্যায়িত করা হয়েছে কেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

৮ ▸ আব্বাসি বংশের ৩য় খলিফা আল মাহ্দী ৭৭৫ সালে বাগদাদের খলিফা হওয়ার পর বহুমুখী বিদ্রোহের সম্মুখীন হন। তাঁর শাসনামলে কদাকার খর্বাকৃতি হাশিম বিন হাকিম (মুকান্না) নিজেকে আল্লাহর অবতার বলে মিথ্যা নবুয়তের দাবি করেন। এ ভণ্ড নবির যথেষ্ট অনুসারী ছিল। তারা সাদা কাপড় ব্যবহার করত বলে তাদেরকে 'মুবায়িদ' বলা হতো। তাছাড়া বাগদাদের পূর্বদিকে 'মুহাম্মির' নামক আর এক দল ভণ্ড লোকের উদ্ভব হয়। তাদের 'জিন্দিক' বলা হতো। পারস্যের কেউ কেউ আবার জাকাত দিতেও অস্বীকার করে। খলিফা মাহ্দী কঠোর হস্তে সকল ভণ্ডনবি এবং ভণ্ড ধর্মীয় নেতাদেরকে দমন করেন এবং জাকাত অস্বীকারকারীদের জাকাত দিতে বাধ্য করেন।

ক. মহানবি কত সালে খায়বার জয় করেন? ১

খ. মুতার যুদ্ধে মহানবি (সা.) পর্যায়ক্রমে তিনজন সেনাপতির নাম ঘোষণা করেন কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে খলিফা আল মাহ্দীর কার্যক্রমের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন খলিফার কার্যক্রমের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত খলিফার বিদ্রোহ দমনে গৃহীত পদক্ষেপগুলো বিশ্লেষণ কর। ৪

৯ ▸ দিল্লির সুলতান নাসির উদ্দীন অত্যন্ত ধার্মিক ও প্রজারঞ্জক শাসক ছিলেন। তিনি জনগণের দুঃখ লাঘব করার জন্য রাতে ছদ্মবেশে পথে-প্রান্তরে ঘুরে ঘুরে প্রজাদের অবস্থা দেখতেন। সুলতান নিজেই আটার বস্তা মাথায় নিয়ে প্রজাদের কাছে পৌঁছিয়ে দিতেন। আবার কখনো তাঁর স্ত্রী হতদরিদ্র গরিব প্রসূতি মায়েদের সেবায় ধাত্রী হিসেবে সহযোগিতা করতেন। তাদের ঘরে কোনো কর্মচারী ছিল না। নিজেই বাঁধুনির কাজ সেরে নিতেন। তদুপরি সুলতান সরকারের কোষাগারের অর্থ গ্রহণ না করে টুপি সেলাই করে জীবিকা নির্বাহ করতেন।

ক. 'খলিফা' শব্দের অর্থ কী? ১

খ. 'খোলাফায়ে রাশেদিন' কাদের বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত দিল্লির সুলতান নাসির উদ্দীনের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন মহান খলিফার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রজাদের কল্যাণে উক্ত খলিফার গৃহীত পদক্ষেপগুলো বর্ণনা কর। ৪

১০ ▸ যুক্তরাষ্ট্রের ১৬তম প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন ১৮৬৩ সালে যুক্তরাষ্ট্রের গৃহযুদ্ধের অবসানকল্পে গেটিসবার্গে এক বিখ্যাত ভাষণ প্রদান করেন। এ ভাষণে তিনি ক্রীতদাস প্রথার বিলোপ সাধনের ঘোষণা দেন। তিনি এ ভাষণে বর্ণবৈষম্য উচ্ছেদের ঘোষণা করেন এবং তিনি বলেন, "আজ থেকে কেউ কৃষ্ণাঙ্গ বা শ্বেতাঙ্গের দোহাই দিয়ে শ্রেষ্ঠত্ব ঘোষণা করতে পারবে না"। দলমত নির্বিশেষে সকল মানুষকে কাঁধে কাঁধ মিলিয়ে সমাজের উন্নয়নকে ত্বরান্বিত করতে তিনি জনসাধারণের প্রতি আহ্বান জানান।

ক. কত সালে মহানবি (সা.) মক্কা বিজয় করেন। ১

খ. ভণ্ডনবি কারা? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত আব্রাহাম লিংকনের ভাষণ তোমার পাঠ্যবইয়ের কোন ভাষণের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ভাষণ ছিল মানবজাতির মৌলিক অধিকার সংরক্ষণের শ্রেষ্ঠ দলিল– উক্তিটির বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জনাব আবছার সাহেব চিলমারী নামক পৌর অঞ্চলের মেয়র নির্বাচিত হয়ে জনগণের মধ্যে শান্তি-শৃঙ্খলা রক্ষা ও প্রশাসনিক কাজের গতি বৃদ্ধি করার জন্য কিছু কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ প্রদান করেন। কিন্তু ঘটনাক্রমে কিছু কিছু নিয়োগকৃত কর্মকর্তা মেয়রের নিকটতম আত্মীয় ছিল। বেশ কিছুদিন পর মেয়র-বিরোধী কতিপয় ব্যক্তি অর্থ আত্মসাৎ ও স্বজনপ্রীতিসহ কতিপয় অভিযোগ উত্থাপন করে এলাকায় বিশৃঙ্খলা ও গোলযোগ সৃষ্টি করে। এক পর্যায়ে গোলযোগকারীরা মেয়রের বাসভবন ঘেরাও করে তাঁকে অত্যন্ত নৃশংসভাবে হত্যা করে। এতে এলাকায় গৃহযুদ্ধের সূত্রপাত হয়।

ক. 'ফারুক' শব্দের অর্থ কী? ১

খ. মজলিস উশ শূরা বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের হত্যাকাণ্ডের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন খলিফার হত্যাকাণ্ডের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত খলিফার হত্যাকাণ্ডের ফলাফল ছিল সুদূরপ্রসারী"– উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

## ৪ সিলেট ও বরিশাল বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি : প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ তিনদিকে সমুদ্রবেষ্টিত কোরিয়া উপদ্বীপ একটি অনুর্বর অঞ্চল। একসময় শহরের কিছু লোকজন ব্যবসায়-বাণিজ্য করলেও গ্রামের লোকদের পশুপালন বা মাছ শিকার ছাড়া অন্য কোনো কাজের উপায় ছিল না। জীবন-জীবিকার জন্য তারা চুরি, ডাকাতি, প্রতারণা ও লুটতরাজ করতে বাধ্য হতো।

ক. 'জাজিরাতুল আরব' অর্থ কী? ১
খ. উটকে 'মরুভূমির জাহাজ' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কোরিয়া উপদ্বীপের সাথে তোমার পঠিত কোন অঞ্চলের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে উক্ত অঞ্চলের অধিবাসীদের ওপর ভৌগোলিক অবস্থার প্রভাব মূল্যায়ন কর। ৪

২ ▶ পদ্মা নদী রাজশাহী জেলার পাশ দিয়ে বয়ে গেছে। এ নদীকে বলা হতো রাজশাহীর দুঃখ। প্রতিবছরই নদীর পানিতে বন্যায় ক্ষতিগ্রস্ত হতো রাজশাহী শহরসহ আশপাশের গ্রামগুলো। অতঃপর সরকার বাঁধ দিয়ে নদী শাসনের ব্যবস্থা করেন। পদ্মা নদীতে বাঁধ দেওয়ায় রাজশাহী শহরসহ আশপাশের গ্রামগুলো বন্যামুক্ত হয় এবং পরিকল্পিত বরেন্দ্র সেচ প্রকল্প চালু হওয়ায় স্থানীয় কৃষি উৎপাদন বহুগুণে বৃদ্ধি পায়। ফলে স্থানীয় অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন আসে; যা স্থানীয় সংস্কৃতি ও স্থাপত্যকলার বিকাশে ভূমিকা রাখে।

ক. মিশরীয় লিখন পদ্ধতির নাম কী? ১
খ. প্যাপিরাস কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে প্রাচীন কোন সভ্যতার মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে উক্ত সভ্যতার অবদান মূল্যায়ন কর। ৪

৩ ▶ আফগানিস্তান মধ্য এশিয়ার যুদ্ধ কবলিত একটি দেশ। এদেশটি বিভিন্ন উপজাতি সমন্বয়ে গঠিত। উপজাতি গোত্রগুলোর মধ্যে গিলজাই, মুহাম্মদ, সাদোজাই প্রভৃতি খুব প্রভাবশালী। উপজাতিগুলো নিজ গোত্রের স্বাধীনতা, সম্মান, প্রভাব-প্রতিপত্তি রক্ষার ক্ষেত্রে যতোটা আন্তরিক, অন্য গোত্রের প্রতি ততোটা শত্রুভাবাপন্ন। তারা জাতীয় স্বার্থের পরিবর্তে গোত্রীয় স্বার্থকে বেশি প্রাধান্য দিয়ে থাকে। গোত্রীয় আধিপত্য প্রতিষ্ঠা বা অন্য কোনো তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে তাদের মধ্যে প্রায়শই সংঘর্ষ হয়। একবার সংঘর্ষ শুরু হলে তা গৃহযুদ্ধে রূপ নেয় এবং দীর্ঘস্থায়ী হয়।

ক. হায়ারোগ্লিফিক কী? ১
খ. হানিফ সম্প্রদায় কারা? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ইসলাম-পূর্ব আরবের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত যুগের রাজনৈতিক অবস্থা পর্যালোচনা কর। ৪

৪ ▶ আয়াতুল্লাহ আলী খোমিনী ইরানের ইসলামি আদর্শ প্রচার শুরু করলে শাসকগোষ্ঠী তার ওপর ক্ষিপ্ত হয়। তাদের ওপর অত্যাচার নির্যাতন শুরু হয়। অতঃপর খোমিনী মাতৃভূমি ইরান ত্যাগ করে পার্শ্ববর্তী দেশে গমন করেন। সেখান থেকেই তিনি তার প্রচারকার্য চালাতে থাকেন। অবশেষে ১৯৭৯ সালে তিনি দেশে ফিরে স্বৈরাচারী শাসক রেজা শাহর পতন ঘটিয়ে ইসলামি শাসন ব্যবস্থা কায়েম করেন এবং তিনি কোনো প্রতিশোধ না নিয়ে সকলকে ক্ষমা করে দেন।

ক. কত খ্রিষ্টাব্দে মহানবি (সা.) মৃত্যুবরণ করেন? ১
খ. বায়তুর-রিজওয়ান কী? ব্যাখ্যা কর। ২
গ. মহানবি (সা.)-এর জীবনের কোন ঘটনার সাথে খোমিনীর মাতৃভূমি ত্যাগের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ঘটনার গুরুত্ব নিরূপণ কর। ৪

৫ ▶ স্বাধীনতা লাভের পর মালয়েশিয়ার সরকারপ্রধান রাষ্ট্র পরিচালনার জন্য একটি সংবিধান প্রণয়ন করেন। নাগরিকদের সামাজিক, রাজনৈতিক, দলীয় ও অর্থনৈতিক অধিকার রক্ষা এবং সকল রাজনৈতিক দল তথা সম্প্রদায়কে একটি স্বাভাবিক পরিবেশে তাদের কর্মকাণ্ড পরিচালনার সুযোগ দেওয়ার লক্ষ্যে রাষ্ট্রের অভিজ্ঞ ব্যক্তিবর্গ ও বিভিন্ন ধর্মের প্রতিনিধিদের সমন্বয়ে একটি লিখিত সংবিধান প্রণয়ন করা হয়। ফলে নাগরিক অধিকার নিশ্চিত হওয়ার পাশাপাশি সুস্থ রাজনৈতিক পরিবেশের সৃষ্টি হয়।

ক. মদিনার পূর্বনাম কী ছিল? ১
খ. হিজরত ও দেশত্যাগের মধ্যে পার্থক্য কী? বুঝিয়ে লেখ। ২
গ. সংবিধান প্রণয়নে উদ্দীপকের সরকারপ্রধান মহানবি (সা.)-এর কোন কর্মকাণ্ডকে অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সরকারপ্রধান কর্তৃক লিখিত সংবিধান প্রণয়ন অপেক্ষা মহানবি (সা.) কর্তৃক গৃহীত কর্মকাণ্ড অধিক তাৎপর্যপূর্ণ– বিশ্লেষণ কর। ৪

৬ ▶ অটোমান সুলতান বায়েজিদ অঙ্গোরার প্রান্তরে তৈমুর লঙ্গের বিরুদ্ধে যুদ্ধে মোকাবিলা করেন। যুদ্ধে বায়েজিদ অনেক সৈন্য বিশ্বাসঘাতকতা করে এবং কিছু সৈন্য গনিমতের প্রতি লোলুপ দৃষ্টি দেওয়ায় তৈমুরীয় বাহনীর কাছে বায়েজিদ পরাজিত হন। তৈমুরীয় বাহনী বিজয় অর্জন করলেও তারা স্থায়ী কোনো শাসন এশিয়া মাইনরে প্রতিষ্ঠা করতে পারেনি এবং তা অটোমান তুর্কিদেরকেই চরম শিক্ষাদান করেছে, যা তাদেরকে ভবিষ্যতে সচেতন করে তুলেছিল।

ক. বদরের যুদ্ধ কত সালে সংঘটিত হয়? ১
খ. বিদায় হজ কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে তোমার পঠিত কোন যুদ্ধের সাদৃশ্য পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে উক্ত যুদ্ধের ফলাফল আলোচনা কর। ৪

৭ ▶ আক্কাশ আলী তার এলাকার পথভ্রষ্টকারী মানুষের অত্যাচারের কারণে আপন লোকজন নিয়ে অন্যত্র চলে যায়। বেশ কিছুদিন পরে প্রতিষ্ঠিত হয়ে তারা নিজ এলাকায় ফিরে আসতে চাইলে তার এলাকার সমাজপতিরা গতিরোধ করে দাঁড়ায়। ফলে তাদের সঙ্গে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির ফলশ্রুতিতে আক্কাশ আলী নিজেকে আবার নিজ এলাকার নেতারূপে প্রতিষ্ঠিত করেন।

ক. 'ফাতহুম মুবিন' শব্দের অর্থ কী? ১
খ. 'মেরাজ' কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে যে চুক্তির কথা বলা হয়েছে তার সাথে ইসলামের ইতিহাসের কোন চুক্তির মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত চুক্তি 'ইসলামের সুস্পষ্ট বিজয়'– তোমার মতামত ব্যক্ত কর। ৪

৮ ▶ জয়পুর ইউনিয়নের চেয়ারম্যান জনাব আব্দুল মান্নান সরদারের মৃত্যুর পর ইউনিয়নবাসী জনাব শরিফুল ইসলাম সাহেবকে চেয়ারম্যান নিযুক্ত করেন। শরিফুল সাহেব চেয়ারম্যান হয়ে অনেক সমস্যা ও বাধা-বিপত্তির সম্মুখীন হন। এ সময় কিছু ভুপীর ও ইউনিয়নের কর দিতে অস্বীকারকারীগণ আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটান। কিন্তু চেয়ারম্যান শরিফুল সাহেব অত্যন্ত সাহস ও দৃঢ়তার সাথে এ পরিস্থিতি মোকাবিলা করেন।

ক. 'খিলাফত' শব্দটির অর্থ কী? ১
খ. মজলিস-উশ-শুরা কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত শরিফুল সাহেবের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন খলিফার সাদৃশ্য আছে। ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে উক্ত খলিফার কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

৯ ▶ মহামতি সুলাইমান একজন শ্রেষ্ঠ সাম্রাজ্য বিস্তারকারী ছিলেন। তিনি তার সাম্রাজ্য সম্প্রসারণ করে পূর্বে কৃষ্ণসাগর থেকে পশ্চিমে তিউনিসিয়া এবং উত্তরে ভিয়েনা হতে দক্ষিণে আরব সাগর পর্যন্ত বিস্তৃত করেন। তিনি সাম্রাজ্য আইনের শাসন ও ন্যায়বিচার প্রতিষ্ঠা করেন। দুর্নীতির দায়ে তার জামাতাকেও তিনি শাস্তি দিতে দ্বিধাবোধ করেননি। তিনি অপরাধীদের কঠোর শাস্তি দিতেন।

ক. ইসলামের প্রথম খলিফার নাম কী? ১
খ. 'খুলাফায়ে রাশেদিন' বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মহামতি সুলাইমানের সাথে তোমার পঠিত কোন খলিফার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে উক্ত খলিফার শাসনব্যবস্থা পর্যালোচনা কর। ৪

১০ ▶ সম্রাট হুমায়ুন ছিলেন একজন সরলমনা ও প্রজাবৎসল শাসক। তিনি সবসময় রক্তপাত এড়িয়ে যেতেন। তার এই সরলতার সুযোগ নিয়ে একদল বিপথগামী জনতা তার বিরুদ্ধে কতিপয় অভিযোগ এনে বিদ্রোহ শুরু করে। তিনি এ বিদ্রোহ কঠোরহস্তে দমন না করায় তা ধীরে ধীরে দেশের বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়তে থাকে। অবশেষে বিদ্রোহীদের হাতেই তিনি নির্মমভাবে নিহত হন।

ক. কাকে 'যুন্নুরাইন' বলা হয়? ১
খ. বায়তুল মাল কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সম্রাটের সাথে ইসলামের কোন খলিফার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত খলিফার ওপর আনীত অভিযোগ সম্পর্কে তোমার মতামত যুক্তির আলোকে বিশ্লেষণ কর। ৪

১১ ▶ জনাব শামসুল হক ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে রাজ্যে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য পূর্বের শাসকের নিযুক্ত প্রাদেশিক গভর্নরদের বরখাস্ত করেন। ইলিয়াস নামক গভর্নর ব্যতীত সকল গভর্নর তাঁর নির্দেশের প্রতি সম্মান দেখান। তাছাড়া গভর্নর ইলিয়াস সাহেব পূর্বের শাসনকর্তার সময়ে যেসব সরকারি সম্পত্তির মালিক হয়েছিলেন নতুন শাসনকর্তা তা রাজকোষে ফিরিয়ে নিলে উক্ত শাসনকর্তা ও গভর্নর ইলিয়াসের মধ্যে এক সংঘর্ষ শুরু হয়।

ক. কত খ্রিষ্টাব্দে উষ্ট্রের যুদ্ধ সংঘটিত হয়? ১
খ. খারিজি কারা? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত সংঘর্ষ দ্বারা তোমার পঠিত কোন সংঘর্ষের ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত যুদ্ধের ফলাফল মূল্যায়ন কর। ৪

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৫ ✓ সকল বোর্ড ২০২২

বিষয় কোড : | 2 | 6 | 7 |

সময়—২০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি : প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—১৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. সর্বপ্রথম রাজকীয় টাকশাল নির্মাণ করেন কে?**
K মুয়াবিয়া L আব্দুল মালিক
M আল ওয়ালিদ N ওমর বিন আব্দুল আজিজ

**২. আব্দুল মালিকের শাসনামলে উল্লেখযোগ্য সংস্কারসমূহ হলো—**
i. আরবি মুদ্রা চালুকরণ
ii. আরবি লিপির উৎকর্ষ সাধন
iii. কুরআন সংকলন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও:**
মুঘল সম্রাট শাহজাহানের পুত্রদের মধ্যে সিংহাসন লাভের জন্য উত্তরাধিকার দ্বন্দ্ব তীব্র গৃহযুদ্ধের দিকে ধাবিত হয়। আর এ সংঘাতের ফলস্বরূপ সকল ভাইদের পরাজিত করে এবং নিজ পিতাকে বন্দি করে আওরঙ্গজেব মুঘল সাম্রাজ্যের সম্রাট হন।

**৩. উদ্দীপকের সম্রাটদের ন্যায় কোন আব্বাসীয় খলিফার মিল রয়েছে?**
K আল মনসুর L হাদী
M মাহদী N হারুন অর রশীদ

**৪. উক্ত আব্বাসীয় খলিফার পুত্রদের মধ্যে সংঘাতের ফলে—**
i. আরব জাতীয়তাবাদের পতন ঘটে
ii. পারস্যবাসীর কর্তৃত্ব বৃদ্ধি পায়
iii. সৎ, জ্ঞানী ও ধার্মিক ব্যক্তির খিলাফত লাভ ঘটে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. নহরে জোবায়দা কেন খনন করা হয়?**
K শিক্ষা বিস্তারের জন্য
L হজ যাত্রীর নিরাপত্তার জন্য
M হজ যাত্রীদের পানির কষ্ট লাঘবের জন্য
N মক্কাবাসীর সুস্বাস্থ্য নিশ্চিতকরণের জন্য

**৬. আরবের 'জোয়ান অব আর্ক' উপাধি কার?**
K খায়জুরানের L জোবায়দার
M লায়লার N বুরানের

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও:**
রুবেল ও সাকিব দুই ভাই। দুই ভাইয়ের মধ্যে রুবেল অত্যন্ত সৎ, জ্ঞানী, ধার্মিক, মার্জিত ও চরিত্রবান অপরদিকে রাকিব অসৎ, অকর্মণ্য, আমোদপ্রিয়, বিলাসী ও দায়িত্বহীন স্বভাবের।

**৭. উদ্দীপকটিতে আব্বাসীয় কোন খলিফাদ্বয়ের সাথে তাদের সাদৃশ্য রয়েছে?**
K আবুল আব্বাস ও আল মনসুর
L হাদী ও হারুন অর রশিদ
M আল মামুন ও আল আমীন
N মুহাম্মদ ও ওয়াসিক

**৮. বাগদাদ নগরী কে এবং কত খ্রিষ্টাব্দে ধ্বংস করেন?**
K চেঙ্গিস খান-১২৫৫ খ্রি. L তুলি খান-১২৫৬ খ্রি.
M মঙ্গু খান-১২৫৭ খ্রি. N হালাকু খান-১২৫৮ খ্রি.

**৯. চূড়ান্তভাবে পারস্য বিজয় অর্জিত হয় কোন যুদ্ধের মাধ্যমে?**
K বুয়ায়েরের যুদ্ধ L কাদিসিয়ার যুদ্ধ
M জালুলার যুদ্ধ N নিহাওয়ান্দের যুদ্ধ

**১০. হযরত ওমর (রা.)-এর শাসনামলে—**
i. গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়
ii. সাম্রাজ্যের বিস্তৃতি ঘটে
iii. ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও:**
দিল্লি সুলতান মুহাম্মদ বিন তুঘলক তার রাজধানী দিল্লি থেকে দাক্ষিণাত্যের দেবগিরিতে স্থানান্তরিত করেন। কারণ দেবগিরি ছিল সাম্রাজ্যের মধ্যস্থলে।

**১১. উদ্দীপকে সুলতানের ন্যায় খুলাফায়ে রাশেদীনের কোন খলিফা রাজধানী মদিনা থেকে কুফায় স্থানান্তর করেন?**
K হযরত আবু বকর (রা.) L হযরত ওমর (রা.)
M হযরত উসমান (রা.) N হযরত আলী (রা.)

**১২. উক্ত খলিফার রাজধানী স্থানান্তরের কারণ—**
i. কুফাবাসীর সমর্থন
ii. সাম্রাজ্যের কেন্দ্রস্থল
iii. খলিফার উচ্চাকাঙ্ক্ষা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৩. গনি শব্দের অর্থ কী?**
K দানশীল L বিশ্বাসী
M ধনী N দয়ালু

**১৪. হযরত ওসমান (রা.)-এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ—**
i. স্বজনপ্রীতি
ii. বিলাসিতা
iii. বায়তুল মালের অর্থ আত্মসাৎ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
ইসলাম গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের কর্ণধার জনাব জহিরুল ইসলাম। তার মৃত্যুর পর তার সন্তানগণ পর্যায়ক্রমে স্বীয় প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান নির্বাচিত হয়ে সাফল্যের সাথে দায়িত্ব পালন করেছেন।

**১৫. ইসলাম সাহেবের সাথে কোন উমাইয়া খলিফার সাদৃশ্য রয়েছে?**
K আব্দুল মালিক L আল ওয়ালিদ
M সুলায়মান N হিশাম

**১৬. উমাইয়া খিলাফতের রাজধানী কোথায় স্থাপিত হয়?**
K কুফা L মদিনা M দামেস্ক N বাগদাদ

**১৭. মহানবি কত খ্রিষ্টাব্দে মক্কা হতে মদিনায় হিজরত করেন?**
K ৬১৯ L ৬২০ M ৬২২ N ৬২৪

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব বাবুল একজন বিশিষ্ট শিল্পপতি। তিনি প্রতিবছর তার যাবতীয় খরচ শেষে বছরান্তে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ শরিয়া মোতাবেক ফকির-মিসকিনদের মাঝে বিতরণ করেন।

**১৮. বাবুল সাহেবের কাজের সাথে মহানবি (সা.)-এর রাজস্ব ব্যবস্থার কোন বিষয়টি ফুটে উঠেছে?**
K যাকাত L খারাজ
M জিজিয়া N আল ফাই

**১৯. উক্ত ব্যবস্থা গ্রহণের ফলে—**
i. সম্পদ বৃদ্ধি পায়
ii. গরিবরা ধনী হয়
iii. ধনী-গরিব বৈষম্য লাঘব হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২০. হযরত আবু বকর (রা.) কোন গোত্রে জন্মগ্রহণ করেন?**
K হাশিম গোত্রে L খাজরাজ গোত্রে
M তায়িম গোত্রে N উমাইয়া গোত্রে

■ **উদ্দীপকটি পড়ে ২১নং প্রশ্নের উত্তর দাও :**
দক্ষিণ ভারতে কল্পনা রানী নামে একজন ভণ্ড গুরু-মা'র আবির্ভাব ঘটে। সে কৌশলে বিভিন্ন কারিশমা প্রদর্শন করে সরল সাধারণ মানুষকে আকৃষ্ট করে প্রতারিত করত।

**২১. উদ্দীপকের কল্পনা রানীর সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ভণ্ড নারীর মিল রয়েছে?**
K মুসায়লামা L তোলায়হা
M সাজাহ্ N আসাদ আনসী

**২২. মিসরীয় সম্রাট বা রাজাদের উপাধি ছিল—**
K ফারাও L ইখনাটন
M আমেন N ওসিরিস

**২৩. সুমেরীয়দের শ্রেষ্ঠ স্থাপত্যকীর্তি 'জিগুরাট' ছিল—**
i. ধর্ম মন্দির
ii. শিক্ষা প্রতিষ্ঠান
iii. চিকিৎসালয়
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
চিলির স্বৈরশাসক অগাস্টো পিনোশের শাসনামলে দেশে অন্যায়-অত্যাচার, কলহ-বিবাদ, হত্যা-গুম এবং নারীদের লাঞ্ছনা ও মানবাধিকার সমাজব্যবস্থাকে ভীষণভাবে কলুষিত করেছিল।

**২৪. আলোচ্য উদ্দীপকে কোন যুগের সামাজিক অবস্থার কথা স্মরণ করিয়ে দেয়?**
K প্রাগৈতিহাসিক যুগের L ঐতিহাসিক যুগের
M পাথরের যুগের N জাহেলিয়া যুগের

**২৫. তোমার পঠিত উক্ত যুগের অন্যতম বৈশিষ্ট্য ছিল—**
i. বর্বর জীবনযাপন
ii. উন্নত সংস্কৃতির ধারক
iii. অজ্ঞতা ও নিষ্ঠুরতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৬. আইয়্যামে জাহেলিয়া শব্দের অর্থ কী?**
K গোঁড়ামির যুগ L প্রগতির যুগ
M কলির যুগ N অন্ধকারাচ্ছন্নতার যুগ

**২৭. প্রাক ইসলামি আরবে মক্কায় 'আল মালা' গঠনের উদ্দেশ্য ছিল—**
i. গোত্রীয় ভারসাম্য রক্ষা করা
ii. মক্কার প্রশাসনিক ব্যবস্থা তদারক করা
iii. শান্তি ও শৃঙ্খলা কায়েম করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
১৭৫৭ সালের পলাশী যুদ্ধে নবাব সিরাজ-উদ-দৌলার আদেশ তাঁর সেনাপতি মীরজাফর আলী খান পালন না করায় নবাব ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানির নিকট পরাজিত হন।

**২৮. উদ্দীপকের উক্ত ঘটনা মহানবি (সা.)-এর কোন যুদ্ধকে মনে করিয়ে দেয়?**
K বদরের যুদ্ধ L উহুদের যুদ্ধ
M খন্দকের যুদ্ধ N নাখলার যুদ্ধ

**২৯. উক্ত যুদ্ধের ফলে—**
i. মুসলমানদের ইমানী শক্তির পরীক্ষা হয়
ii. মুসলমানদের ভাগ্য নির্ধারিত হয়
iii. আত্ম অহংকারের উচিত শিক্ষা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩০. মহানবি হযরত মুহাম্মদ (সা.) কে আল-আমিন বলা হয়, কারণ তিনি—**
K আমানত রক্ষা করতেন ও সর্বদা সত্য কথা বলতেন
L কর্তব্যনিষ্ঠায় অটুট ছিলেন
M সৎ রাজনৈতিক ও ধর্মীয় নেতা ছিলেন
N অত্যন্ত বিচক্ষণতার সাথে কাজ করতেন

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | N | ৪ | N | ৫ | M | ৬ | M | ৭ | M | ৮ | N | ৯ | N | ১০ | N | ১১ | N | ১২ | K | ১৩ | M | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | M | ১৭ | M | ১৮ | K | ১৯ | N | ২০ | M | ২১ | M | ২২ | K | ২৩ | K | ২৪ | N | ২৫ | N | ২৬ | N | ২৭ | N | ২৮ | L | ২৯ | L | ৩০ | K |

## ৬ সকল বোর্ড ২০২১

সময় : ৩০ মিনিট

## ইসলামের ইতিহাস ও সংস্কৃতি : প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

১. **আরব দেশকে জাজিরাতুল আরব বলা হয় কেন?**
K এটি একটি দ্বীপ হওয়ার জন্য
L মরুভূমির জন্য
M তিন দিকে স্থল বেষ্টিত হওয়ার জন্য
N তিন দিকে জল বেষ্টিত হওয়ার জন্য

২. **'দার-আল-নাদওয়া কী?**
K মন্ত্রণা প্রাসাদ
L মন্ত্রণা সভা
M অভ্যর্থনা সভা
N কাবাগৃহের রক্ষণাবেক্ষণ পরিষদ

২১. **ইয়েমেনকে 'সুখী আরব' বলা হয়, কারণ–**
i. উর্বর ভূমি হওয়ার কারণে
ii. ব্যবসা-বাণিজ্যের সুবিধার কারণে
iii. কৃষিকাজে বিখ্যাত হওয়ার কারণে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২২. **মিশরকে নীলনদের দান বলা হয়, কারণ–**
i. এর তীরে সভ্যতা গড়ে উঠেছিল
ii. এর মাধ্যমে কৃষিকাজে উন্নতি ঘটে
iii. নদীপথে ব্যবসায় বাণিজ্যের প্রসার ঘটে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
পবিত্র আরব ভূখণ্ড হচ্ছে ইসলামের প্রাণকেন্দ্র। এটি তিনটি মহাদেশের মিলনস্থলে অবস্থিত। এদেশের মাটি পৃথিবীর প্রাচীনতম শিলা। তাই পবিত্র কুরআনে আরবের একটি নগরীকে উম্মুল কুরা বলা হয়েছে।

২৩. **উল্লিখিত 'উম্মুল কুরা' কোন নগরকে বলা হয়েছে?**
K মদিনা L মক্কা
M ব্যাবিলন N ইস্তাম্বুল

২৪. **আরব ভূমি অবস্থিত–**
i. ইউরোপ, আফ্রিকা ও এশিয়া মহাদেশের মিলনস্থলে
ii. আমেরিকা, ইউরোপ ও আফ্রিকা মহাদেশের মিলনস্থলে
iii. আমেরিকা, ইউরোপ ও এশিয়া মহাদেশের মিলনস্থলে
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M ii ও iii N i, ii ও iii

২৫. **মহানবি (স.) কত খ্রিষ্টাব্দে মক্কা বিজয় করেন?**
K ৬২৯ L ৬৩০ M ৬৩১ N ৬৩২

২৬. **নিচের কোনটি ধর্মীয় রাজনৈতিক প্রতিষ্ঠান?**
K খিলাফত L মসজিদ
M নির্বাচন কমিশন N দরবার

২৭. **খুলাফায়ে রাশেদিনের সময়কাল কোনটি?**
K ৬৩০-৬৬০ খ্রিস্টাব্দ L ৬৩২-৬৬১ খ্রিস্টাব্দ
M ৬৩২-৬৬০ খ্রিস্টাব্দ N ৬৩২-৬৬২ খ্রিস্টাব্দ

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
দুর্নীতি বিরোধী আন্দোলনে ভারতের মমতা ব্যানার্জী একাই সরকারের ভিত কাঁপিয়ে তোলেন। সরকার তাঁকে রাজধানী দিল্লি থেকে সরিয়ে দূরবর্তী প্রদেশে অবস্থানে বাধ্য করলেও জনগণের মধ্যে তার প্রভাব শক্তিশালী রূপ নেয়।

২৮. **মমতা ব্যানার্জীর মতো কোন মুসলিম সাধক খুলাফায়ে রাশেদিনের আমলে তার মতবাদ দিয়ে সরকারের ভিত কাঁপিয়ে দিয়েছিলেন?**
K আবুজর আল গিফারি (রা)
L আবদুল্লাহ ইবনে জুবাইর (রা)
M আব্দুল্লাহ ইবনে উমর (রা)
N মুহম্মদ ইবনে আবু বকর (রা)

২৯. **উদ্দীপকের ভারত সরকারের মতো খলিফার কর্মকাণ্ডে প্রকাশ পেয়েছিল–**
i. সরকারের দুর্বলতা
ii. সাধকের মতবাদের যৌক্তিকতা
iii. সরকারের অসহিষ্ণুতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩০. **খিলাফত শব্দের ইংরেজি প্রতিশব্দ কী?**
K Representative L Represent
M Leadership N Ruler

৩১. **রিদ্দার যুদ্ধ সংঘটিত হওয়ার কারণ–**
i. ইসলামকে রক্ষা
ii. ভণ্ডবিদের দমন
iii. ইসলামি রাষ্ট্রের পরিধি বিস্তার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩২. **'জুন্নুরাইনের' সাথে সম্পর্কিত–**
i. হযরত ওসমান (রা)
ii. হযরত রোকেয়া (রা)
iii. হযরত কুলসুম (রা)
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
ফুলপুর ইউনিয়নের চেয়ারম্যান ইমতিয়াজ সাহেব গভীর রাতে এলাকার মানুষের দুঃখ-কষ্ট দেখতে বের হন এবং প্রয়োজনীয় সেবা প্রদান করেন। তিনি তার কাজের জন্য কোনো বেতনভাতা নেন না।


৩৩. **ইমতিয়াজ সাহেবের কাজের মাধ্যমে খোলাফায়ে রাশেদিনের কোন খলিফার আদর্শ ফুটে উঠেছে?**
K খলিফা হযরত আবু বকর (রা)-এর
L খলিফা হযরত উমর (রা)-এর
M খলিফা হযরত উসমান (রা)-এর
N খলিফা হযরত আলী (রা)-এর

৩৪. **উক্ত খলিফা দরিদ্র ও অসহায়দের প্রতি ছিলেন–**
i. কঠোর
ii. দয়ালু
iii. সহানুভূতিশীল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

৩৫. **কোন রমণী নবুয়ত দাবি করেন?**
K সাবিহা L সালেহা
M রুকাইয়া N সাজ্জাহ

৩৬. **কুরআন ও হাদিসের সকল বাণী আমরা–**
i. নির্দ্বিধায় বিশ্বাস করব
ii. যাচাই বাছাইয়ের পর বিশ্বাস করব
iii. সত্য জেনে আমল করব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**




৩৭. **উপরে উল্লিখিত গুণাবলি কোন খলিফার মধ্যে লক্ষ করা যায়?**
K হযরত আবু বকর (রা)
L হযরত উমর (রা)
M হযরত উসমান (রা)
N হযরত আলী (রা)

৩৮. **হযরত ওমর ফারুক (রা)-এর চরিত্রে কোন সংমিশ্রণ ঘটেছিল বলে তুমি মনে কর?**
K কোমলতা ও সরলতা
L সাম্য ও কঠোরতা
M কোমলতা ও কঠোরতা
N নির্মলতা ও সরলতা

৩৯. **হুদায়বিয়ার সন্ধির মাধ্যমে অর্জিত হয়–**
i. মদিনা রাষ্ট্রের স্বীকৃতি
ii. দীর্ঘমেয়াদি যুদ্ধের অবসান
iii. শ্রেষ্ঠ সেনাপতিদের ইসলাম গ্রহণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
নায়ানপুর গ্রামে বসবাসকারী বিভিন্ন বংশের লোকদের মধ্যে কলহ-বিবাদ লেগেই থাকে, যা কখনো কখনো চরম আকার ধারণ করে। এরূপ অবস্থা দেখে রফিক সাহেব তার বন্ধুদের নিয়ে গ্রামে একটি শান্তিসংঘ প্রতিষ্ঠা করেন।

৪০. **রফিক সাহেবের প্রতিষ্ঠিত শান্তিসংঘের সাথে মিল রয়েছে–**
K হিলফুল ফুজুলের L হুদায়বিয়ার সন্ধির
M মসলিস-উশ-সূরার N বাইতুল মালের

৪১. **উক্ত সংগঠনের উদ্দেশ্য ছিল–**
i. রক্তক্ষয়ী যুদ্ধ বন্ধ করা
ii. শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠা করা
iii. রাষ্ট্রীয় ক্ষমতা গ্রহণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৪২. **হযরত মুহাম্মদ (স.)-এর বিদায় হজের ভাষণ গুরুত্বপূর্ণ–**
i. ইসলামি রাজনীতি ও সমাজনীতি বিবৃত হওয়ায়
ii. মানবজীবনের আধ্যাত্মিক শিক্ষার প্রতিফলন থাকায়
iii. মানবজীবনের জাগতিক শিক্ষার প্রতিফলন থাকায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৪৩. **হুদায়বিয়ার সন্ধিকে 'ফাতহুম মুবিন' বলার কারণ–**
i. মুহাম্মদ (স.) এর রাজনৈতিক প্রজ্ঞা
ii. দশ বছর যুদ্ধ বিরতি
iii. কুরাইশদের সদিচ্ছা প্রকাশ
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M i ও iii N i, ii ও iii

৪৪. **ওয়ারাকা বিন নওফেল কোন ধর্মে বিশ্বাসী ছিলেন?**
K ইসলাম L ইহুদি
M খ্রিষ্টান N একেশ্বরবাদ

৪৫. **সর্বপ্রথম লিখিত সংবিধান কোনটি?**
K মদিনা সনদ L ব্রিটেন আইন
M আমেরিকান আইন N ফ্রান্সের আইন

৪৬. **হিলফুল ফুজুলের উদ্দেশ্য ছিল–**
i. শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা করা
ii. ইসলাম প্রতিষ্ঠা করা
iii. নিঃস্ব, অসহায় ও দুর্গতদের সেবা করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii L i ও ii M ii ও iii N i, ii ও iii

৪৭. **মুসলমানদের প্রথম যুদ্ধ কোনটি?**
K ওহুদের যুদ্ধ L খন্দকের যুদ্ধ
M বদরের যুদ্ধ N মুতার যুদ্ধ

৪৮. **হিলফুল ফুজুল নামক সংঘ কত সালে গঠিত হয়?**
K ৫৯০ L ৫৯২ M ৫৯৪ N ৫৯৬

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | N | ৪ | K | ৫ | L | ৬ | ক | ৭ | L | ৮ | K | ৯ | L | ১০ | K | ১১ | L | ১২ | K | ১৩ | K | ১৪ | N | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | N | ১৮ | L | ১৯ | L | ২০ | M | ২১ | ঘ | ২২ | K | ২৩ | K | ২৪ | N | ২৫ | L | ২৬ | N | ২৭ | K | ২৮ | K | ২৯ | M | ৩০ | L |

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ৭ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 2 6 7

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

### ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ সিন্ধুনদের তীরে প্রাচীনকালে যে সভ্যতা গড়ে উঠেছিল তাই সিন্ধু সভ্যতা নামে পরিচিত। এটি পৃথিবীর অন্যতম প্রাচীন সভ্যতা। নগরের ঘরবাড়ি, ড্রেনেজ ব্যবস্থার চিহ্ন দেখে অনুমান করা হয় এই সভ্যতার নাগরিকরা পারলৌকিক জীবন সম্পর্কে ধারণা রাখত না। সুখ-সমৃদ্ধি তথা পার্থিব জীবনই তাদের আরাধ্য ছিল।
ক. মিসরীয় লিখন পদ্ধতির নাম কী? ১
খ. হায়ারোগ্লিফিক কী? ২
গ. উদ্দীপকের সাথে প্রাচীন কোন সভ্যতার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের জনসাধারণের সাথে উক্ত সভ্যতার জনসাধারণের জীবনপ্রণালির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

২ ▸ রাজশাহী জেলার পাশ দিয়ে বয়ে গেছে পদ্মা নদী। এ নদীকে বলা হতো রাজশাহীর দুঃখ। প্রতিবছরই নদীর পানিতে বন্যায় ক্ষতিগ্রস্ত হতো রাজশাহী শহরসহ আশপাশের গ্রামগুলো। অতঃপর সরকার বাঁধ দিয়ে নদী শাসনের ব্যবস্থা করে। পদ্মা নদীতে বাঁধ দেওয়ায় রাজশাহী শহরসহ আশপাশের গ্রামগুলো বন্যামুক্ত হয় এবং পরিকল্পিত বরেন্দ্র সেচ প্রকল্প চালু হওয়ায় স্থানীয় কৃষি উৎপাদন বহুগুণে বৃদ্ধি পায়। ফলে স্থানীয় অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন আসে, যা স্থানীয় সংস্কৃতি ও স্থাপত্যকলার বিকাশে ভূমিকা রাখে।
ক. ইতিহাসের জনক কে? ১
খ. আরব দেশকে 'জাজিরাতুল আরব' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে প্রাচীন কোন সভ্যতার মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে উক্ত সভ্যতার অবদান মূল্যায়ন কর। ৪

৩ ▸ বাংলা একাডেমি প্রাঙ্গণে প্রতি বছর একুশে ফেব্রুয়ারি উপলক্ষ্যে মাসব্যাপী বইমেলা অনুষ্ঠিত হয়। ঢাকা ছাড়াও দেশের বিভিন্ন অঞ্চল থেকে এ মেলায় ক্রেতা, বিক্রেতা, দর্শনার্থী, শিল্পী, সাহিত্যিক ও গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত হন। উন্মুক্ত মঞ্চে প্রতিদিন আবৃত্তি, সংগীত, প্রকাশনা উৎসব ও আলোচনা অনুষ্ঠিত হয়। প্রতিবছর সাহিত্যকর্মের জন্য বাংলা একাডেমি পুরস্কার ঘোষণা করা হয়।
ক. জিগুরাত কীসের নাম? ১
খ. উকাজের মেলা সম্পর্কে যা জান লেখ। ২
গ. উদ্দীপকের বাংলা একাডেমি পুরস্কারের সাথে প্রাক-ইসলামি যুগের কোন পুরস্কারের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, উদ্দীপকের মেলাটির মতো উকাজ মেলাও সাহিত্য নির্ভর ছিল? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৪ ▸ নিজ এলাকায় শান্তি-শৃঙ্খলা, স্থিতিশীলতা বজায় রাখার স্বার্থে এবং চুরি, ডাকাতি, ছিনতাই, হানাহানি প্রতিরোধ করার লক্ষ্যে মিরপুর এলাকার কয়েকজন যুবক একটি সমিতি গঠন করে। তাদের এই মহৎ উদ্যোগ সফল হয় এবং এলাকায় শান্তি-শৃঙ্খলা ও নিরাপত্তা বজায় থাকে।
ক. মদিনার পূর্ব নাম কী? ১
খ. হানিফ সম্প্রদায় কারা? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সমিতি প্রাচীন আরবের কোন সংগঠনকে নির্দেশ করে? বর্ণনা কর। ৩
ঘ. উক্ত সংগঠনের কার্যাবলি সম্পাদনে মহানবি (সাঃ) এর কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

৫ ▸ মিয়ানমার শাসকগোষ্ঠী কর্তৃক অত্যাচার, নির্যাতন, লুণ্ঠন, ধর্ষণ ও ঘরবাড়ি পোড়ানোর শিকার হয়ে প্রায় ৬ লক্ষ রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নিয়েছে। সরকার মানবিক কারণে রোহিঙ্গাদের খাদ্য, বস্ত্র, বাসস্থান ও চিকিৎসা দিয়ে সহযোগিতা করছে। বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক গোষ্ঠীও তাদের ত্রাণ বিতরণ করছে।
ক. মদিনা সনদ কত সালে স্বাক্ষরিত হয়? ১
খ. মিরাজ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে ইসলামের ইতিহাসের কোন ঘটনার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ঘটনার আলোকে মদিনার মুহাজির ও আনসার সম্প্রদায়ের অবদান মূল্যায়ন কর। ৪

৬ ▸ 'ক' সম্প্রদায়ের দলনেতা আকস্মিকভাবে মৃত্যুবরণ করলে তাদের দলনেতা নির্বাচন নিয়ে গোত্রের লোকদের মধ্যে সংঘাত দেখা দেয়। কারণ তিনি কোন উত্তরাধিকারী মনোনীত করেননি। গোত্রের বয়োজ্যেষ্ঠ আবুল কাশেমকে নেতা নির্বাচিত করা হয়। আবুল কাশেম ছিলেন অত্যন্ত প্রাজ্ঞ এবং প্রয়াত দল নেতার অত্যন্ত আস্থাভাজন।
ক. খিলাফত শব্দের অর্থ কী? ১
খ. মজলিস-উস শূরা কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে ইসলামের ইতিহাসের কোন ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উক্ত ঘটনা আসন্ন সংঘাত থেকে মুসলিম উম্মাহকে রক্ষা করেছিল" বিশ্লেষণ কর। ৪

৭ ▸ বাংলায় মুসলিম শাসনের প্রাক্কালে বিভিন্ন অঞ্চলে অনেক ভন্ডপিরের আবির্ভাব হয়। তারা ইসলামের ভ্রান্ত ব্যাখ্যা দিয়ে সাধারণ মানুষকে মন্দ ও পাপ কাজে লিপ্ত করে, যা ইসলাম পরিপন্থি। তারা প্রকৃত সত্যের বিরুদ্ধে বিদ্রোহ ও যুদ্ধ ঘোষণা করে। নব্য ইসলাম ধর্ম গ্রহণকারীরা সঠিকভাবে ইসলামের মর্মবাণী অনুধাবন করতে না পারায় এবং কোনো মহান নেতার সাহচর্য না পাওয়ায় দুর্বল ইমানি শক্তি নিয়ে সঠিক পথের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে।
ক. ধর্মত্যাগী ভন্ডনবিদের বিরুদ্ধে পরিচালিত যুদ্ধের নাম কী? ১
খ. হুদায়বিয়ার সন্ধিকে প্রকাশ্য বিজয় বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের ভন্ডপিরের সাথে আবু বকর (রাঃ)-এর সময়কার ভন্ডনবিদের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. ভন্ডনবিদের বিরুদ্ধে পরিচালিত যুদ্ধের প্রেক্ষাপট উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮ ▸ রাজা আব্দুল খালেক তার সাম্রাজ্যে ব্যাপক সংস্কার সাধন করেন। কেন্দ্রীয় টাকশাল স্থাপন করে নির্দিষ্ট মানের মুদ্রা চালু করেন। ফলে ক্রেতা-বিক্রেতা উভয়ে উপকৃত হয়। ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটে। তিনি প্রচলিত ডাক ব্যবস্থাকে আধুনিকীকরণ করেন। সাম্রাজ্যের সৌন্দর্য বৃদ্ধির জন্য সুরম্য প্রাসাদ, নান্দনিক স্মৃতিফলক প্রভৃতি নির্মাণ করেন যা সকলের দৃষ্টি কাড়ে। এভাবে স্থাপত্যশিল্পের বিকাশে তিনি অনবদ্য ভূমিকা রাখেন।
ক. খুলাফায়ে রাশেদিনের শাসনব্যবস্থার ভিত্তি কী ছিল? ১
খ. খলিফা আব্দুল মালিক কর্তৃক আরবি ভাষা জাতীয়করণ বিষয়ে ধারণা দাও। ২
গ. উদ্দীপকের রাজার মুদ্রা সংস্কার খলিফা আব্দুল মালিকের মুদ্রা সংস্কারের অনুরূপ। —ব্যাখ্যা কর। ৩
ঘ. স্থাপত্যশিল্পের উন্নয়নে উদ্দীপকের রাজার তুলনায় আব্দুল মালিকের কৃতিত্ব ছিল অনেক বেশি। —উক্তিটির যথার্থতা যাচাই কর। ৪

৯ ▸ রংধনু নামক সমবায় সমিতির কলেবর বৃদ্ধি পেলে এটির সম্পদ সম্পত্তিও অনেকগুণ বেড়ে যায়। ফলে পরিচালনা পর্ষদ সমিতির গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের জন্য একটি আলাদা কার্যালয় প্রতিষ্ঠা করে সেখানে একটি ক্যাশ কাউন্টার স্থাপন করে। এই কার্যালয় সকল প্রকার মুনাফা সংগ্রহ করে কোষাগারে জমা রাখে এবং সদস্যদের মধ্যে সুষ্ঠুভাবে বণ্টন করে দেয়।
ক. কুব্বাতুস সাখরা কী? ১
খ. আব্দুল মালিককে রাজেন্দ্র বলা হয় কেন? বাখ্যা কর। ২
গ. উদ্দীপকের উপদেষ্টা পরিষদ গঠনে হযরত ওমর (রাঃ) এর কোন নীতি অনুসৃত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সমিতির সম্পদ সম্পত্তি সংরক্ষণ ও বিলি বণ্টনে হযরত ওমর (রাঃ) প্রতিষ্ঠিত দিওয়ান ও বায়তুলমাল প্রতিষ্ঠার উদ্দেশ্য লক্ষণীয়– উক্তিটির বিশ্লেষণ কর। ৪

১০ ▸ সানজিদা আব্বাসি খিলাফত প্রতিষ্ঠার কাহিনি পড়ছিল। নতুন খিলাফতের প্রথম আমির নির্বাচিত না হওয়া সত্ত্বেও তাকেই এই বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়। খিলাফত লাভের পর পরই তিনি তার চাচার বিদ্রোহ দমন করেন। এরপর তিনি নিরস্ত্র "ক" কে নির্মমভাবে হত্যা করেন। এছাড়াও তিনি পারস্য ও খোরাসানের বিদ্রোহ দমন এবং একটি বিশেষ সম্প্রদায়ের বহু লোককে কারারুদ্ধ করেন। তার গৌরবময় কীর্তি হলো একটি নতুন নগর প্রতিষ্ঠা, যা ছিল সাম্রাজ্যের রাজধানী। তার নাম অনুসারে এই নতুন নগরীর নামকরণ করা হয়।
ক. বাগদাদ নগরী কে প্রতিষ্ঠা করেন? ১
খ. বায়তুল হিকমা বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. সানজিদার পঠিত ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন আব্বাসি খলিফার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সানজিদার পঠিত আমিরের চেয়ে তোমার পঠিত আমির অধিক কৃতিত্বের দাবিদার– একথার সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▸ একদল জ্ঞানী, পণ্ডিত ব্যক্তির পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ ইতিহাস পরিষদ গঠিত হয়। দেশি-বিদেশি জ্ঞানচর্চার জন্য এখানে গ্রন্থাবলি সংরক্ষণ, অনুবাদ ও মৌলিক গ্রন্থ রচনার উদ্যোগ নেয়া হয়। এই প্রতিষ্ঠান নতুন গবেষকদের জন্য প্রচুর সহায়তা করে থাকে।
ক. ক্রুসেড শব্দের অর্থ কী? ১
খ. নহর-ই-জুবাইদা কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির সাথে আব্বাসিদের কোন প্রতিষ্ঠানের মিল রয়েছে? ৩
ঘ. জ্ঞান-বিজ্ঞান চর্চায় উক্ত প্রতিষ্ঠানের অবদান মূল্যায়ন কর। ৪

## ৮ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা [প্রস্তুতিমূলক পরীক্ষা ২০২২]

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র ◆ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ তিনদিকে সমুদ্র বেষ্টিত সিঙ্গাপুর দেশটি একটি অনুর্বর অঞ্চল। একসময় শহরের কিছু লোকজন ব্যবসা-বাণিজ্য করলেও গ্রামের লোকদের পশুপালন বা মাছ শিকার ছাড়া অন্য কোনো কাজের উপায় ছিল না। জীবন-জীবিকার জন্য তারা চুরি, ডাকাতি, প্রতারণা ও লুটতরাজ করতে বাধ্য হতো।

ক. জাজিরাতুল আরব অর্থ কী? ১
খ. উটকে মরুভূমির জাহাজ বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের উল্লিখিত সিঙ্গাপুরের সাথে প্রাচীন আরবের ভৌগোলিক অবস্থার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে প্রাক-ইসলামি আরবের অধিবাসীদের ওপর ভৌগোলিক অবস্থার প্রভাব মূল্যায়ন করো। ৪

২ ▸ বাংলা একাডেমি প্রাঙ্গণে প্রতিবছর একুশে ফেব্রুয়ারি উপলক্ষ্যে মাসব্যাপী বইমেলা অনুষ্ঠিত হয়। ঢাকা ছাড়াও দেশের বিভিন্ন অঞ্চল থেকে এ মেলায় ক্রেতা, বিক্রেতা, দর্শনার্থী, শিল্পী, সাহিত্যিক ও গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত হন। উন্মুক্ত মঞ্চে প্রতিদিন আবৃত্তি, সংগতী, প্রকাশনা উৎসব ও আলোচনা অনুষ্ঠিত হয়। প্রতিবছর সাহিত্যকর্মের জন্য বাংলা একাডেমি থেকে পুরস্কার ঘোষণা করা হয়।

ক. আইয়্যামে জাহেলিয়া শব্দের অর্থ কী? ১
খ. হানিফ সম্প্রদায় কারা? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বাংলা একাডেমি পুরস্কারের সাথে প্রাক-ইসলামি যুগের কোন পুরস্কারের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে করো উদ্দীপকের মেলাটির মতো উকাজ মেলাও সাহিত্য নির্ভর ছিল? তোমার মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৩ ▸ সিন্ধুনদের তীরে প্রাচীনকালে যে সভ্যতা গড়ে উঠেছিল তাই সিন্ধু সভ্যতা নামে পরিচিত। এটি পৃথিবীর অন্যতম প্রাচীন সভ্যতা। নগরের ঘরবাড়ি ড্রেনেজ ব্যবস্থার চিহ্ন দেখে অনুমান করা হয়। এই সভ্যতার নাগরিকরা পারলৌকিক জীবন সম্পর্কে ধারণা রাখত না। সুখ-সমৃদ্ধ পার্থিব জীবনই তাদের আরাধ্য ছিল।

ক. হিলফুল ফুজুল অর্থ কী? ১
খ. হায়ারোগ্লিফিক কী ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে প্রাচীন কোন সভ্যতার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের জনসাধারণের সাথে উক্ত সভ্যতার জনসাধারণের জীবন প্রণালির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৪ ▸ সদ্য স্বাধীনতা প্রাপ্ত দেশ দক্ষিণ সুদান। স্বাধীনতা লাভের পর দেশের প্রতিটি নাগরিকের সামাজিক, রাজনৈতিক, ধর্মীয় ও অর্থনৈতিক অধিকার রক্ষার জন্য একটি সংবিধান প্রণয়ন জরুরি হয়ে পড়ে। এ নিয়ে সরকারপ্রধান রাষ্ট্রের অভিজ্ঞ ব্যক্তিবর্গ ও বিভিন্ন ধর্মের প্রতিনিধিদের নিয়ে সংবিধান রচনা করেন। এর ফলে সকলের নাগরিক অধিকার নিশ্চিত হওয়ার পাশাপাশি সুস্থ রাজনৈতিক পরিবেশ সৃষ্টি হয়।

ক. আনসার শব্দের অর্থ কী? ১
খ. মোহাজের কারা? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সংবিধান প্রণয়নের সাথে মহানবি (স.) কর্তৃক গৃহীত কোন পদক্ষেপের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের দক্ষিণ সুদানের মতো মহানবি (স.) এর গৃহীত ব্যবস্থা মানবাধিকারের উজ্জ্বল দৃষ্টান্ত-মূল্যায়ন কর। ৪

৫ ▸ নিজ এলাকার শান্তি-শৃঙ্খলা, স্থিতিশীলতা বজায় রাখার স্বার্থে, এবং চুরি, ডাকাতি, ছিনতাই হানাহানি প্রতিরোধ করার লক্ষ্যে রসুলপুর এলাকার কয়েকজন যুবক একটি সমিতি গঠন করেন। তাদের এই মহৎ উদ্যোগ সফল হয় এবং এলাকার শান্তি-শৃঙ্খলা ও নিরাপত্তা বজায় থাকে।

ক. কত সালে মহানবি (সা.) নবুয়তপ্রাপ্ত হন? ১
খ. বায়তুল মাল কী? ২
গ. উদ্দীপকের সমিতি প্রাচীন আরবের কোন সংগঠনকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সংগঠনের কার্যাবলি সম্পাদনে মহানবি (সা.)-এর কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

৬ ▸ ফাতেহনগর রাষ্ট্রের রাষ্ট্রপ্রধান লিয়াকত সাহেব প্রশাসনের সর্বত্র গণতন্ত্র, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য বহু পরিকল্পনা গ্রহণ করেন। শাসনকার্যে শৃঙ্খলা নিশ্চিত করার জন্য তিনি রাষ্ট্রের শিক্ষিত বিজ্ঞ ও যোগ্য নাগরিকদের নিয়ে একটি উপদেষ্টা পরিষদ গঠন করেন। পরিষদ রাষ্ট্রপ্রধানকে দৈনন্দিন প্রশাসন পরিচালনা ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে পরামর্শ দিতেন। প্রশাসন ছাড়াও রাষ্ট্রপতি দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য বরাদ্দ ও করব্যবস্থার বহুবিধ সংস্কার সাধন করেন। মানুষ তার সুফল ভোগ করেছে।

ক. ইসলামের ইতিহাসে প্রথম গৃহযুদ্ধ কোনটি? ১
খ. হযরত ওসমান (রা.) কীভাবে পানীয় জলের অভাব দূর করেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের উল্লিখিত উপদেষ্টা পরিষদের সাথে খলিফা ওমর (রা.) প্রতিষ্ঠিত মজলিস উশ-শুরার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বর্ণিত রাজস্ব ও কর ব্যবস্থাপনা হযরত ওমর (রা.) রাজস্ব ব্যবস্থার আংশিক চিত্র। বক্তব্যটি কি সমর্থন কর? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৭ ▸ বিরূপ আবহাওয়া, প্রকৃতির শুষ্কতা ও রুক্ষতার জন্য মক্কাবাসিগণ কোন কিছু ভালোভাবে চিন্তা করতে পারত না। পুতুল পূজার পরিবর্তে ইসলাম প্রতিষ্ঠিত হলে তাদের অর্থোপার্জনের পথ, সামাজিক মর্যাদা ও রাজনৈতিক প্রভুত্ব সবই শেষ হয়ে যাবে অপরদিকে শস্য-শ্যামল ও স্বাস্থ্যকর মদিনার অধিবাসিগণ সত্য ও শান্তির ধর্ম ইসলামকে সাদরে গ্রহণ করেন এবং মদিনার দুটি গোত্র মহানবিকে (সা.) মধ্যস্থতাকারী হিসেবে গ্রহণ করেন। এভাবে সত্যের ডাকে ও কর্তব্যের খাতিরেই মহানবি (সা.) কে মদিনার হিজরত করতে হয়েছিল।

ক. মদিনার পূর্বনাম কী ছিল? ১
খ. ফাতহুম মুবিন কী? ব্যাখ্যা কর। ২
গ. মহানবি (সা.)-এর হিজরতের কারণগুলো উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কারণ ব্যতীত মহানবি (স.) মদিনার হিজরতের আরও কারণ আছে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▸ শাসনক্ষমতা গ্রহণের পর রহিমকে অনেক সমস্যা ও বাধা-বিপত্তির সম্মুখীন হতে হয়। তার সময় ভণ্ডনবি ধর্মপ্রচারকদের উদ্ভব, করবিরোধী আন্দোলন ও স্বধর্মত্যাগীদের বিদ্রোহ রাষ্ট্রের ধর্ম ব্যবস্থার উপর আঘাত হানে। তিনি সাহস ও দৃঢ়তার সাথে এ জটিল পরিস্থিতি মোকাবিলা করেন। বিশ্বস্ততার জন্য তাকে বিশেষ উপাধিতে ভূষিত করা হয়।

ক. জুন্নুরাইন কার উপাধি? ১
খ. খুলাফায়ে রাশেদিন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে মি. রহিমের সাথে তোমার পঠিত ইসলামের ইতিহাসের কোন শাসকের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তোমার পঠিত শাসককে কি ইসলামের ত্রাণকর্তা বলা যায়? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৯ ▸ সুলতানি ও মুঘল আমলে ভারতে ফার্সি ভাষায় সরকারি কার্যক্রম চলত। কিন্তু পলাশি যুদ্ধের পর ইস্ট ইন্ডিয়া কোম্পানি ভারতের শাসন ক্ষমতায় অধিষ্ঠিত হয়। শাসনক্ষেত্রে ব্রিটিশরা ইংরেজি শিক্ষার স্কুল প্রতিষ্ঠা করে। অফিস-আদালতসহ সবখানে ইংরেজি ভাষা চালু করা হয়। অর্থনীতি, শিক্ষা, ব্যবসায় তারা ইংরেজি সংস্কৃতি চালু করে।

ক. উমাইয়া খিলাফতের পতন হয় কত খ্রিষ্টাব্দে? ১
খ. মুয়াবিয়া (রা.) কেন আরবদের প্রথম রাজা বলা হয়? ২
গ. উদ্দীপকে খলিফা আব্দুল মালিকের কোন সংস্কারের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বর্ণিত পদক্ষেপ আব্দুল মালিকের আরবীয়করণ নীতির প্রতিচ্ছবি-মূল্যায়ন কর। ৪

১০ ▸ অটোমান সুলতান আব্দুল হামিদের ক্ষমতারোহণের পশ্চাতে মুখ্য ভূমিকা রেখেছিলেন সেনাপতি ফুয়াদ পাশা। পরবর্তীতে ফুয়াদ পাশার সাহসিকতা, জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতা সুলতানের ভবিষ্যতের জন্য হুমকি হয়ে দাঁড়ায়। অবশেষে সুলতান কৌশলে তাকে হত্যা করেন।

ক. আব্বাসীয়দের শেষ খলিফার নাম কী? ১
খ. আব্বাসীয় কারা? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে কোন আব্বাসীয় খলিফার কর্মকাণ্ডের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. আব্বাসীয়দের ক্ষমতারোহণের পশ্চাতের উক্ত সেনাপতির অবদান মূল্যায়ন কর। ৪

১১ ▸ একদল জ্ঞানী ব্যক্তির পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ ইতিহাস পরিষদ গঠিত হয়। দেশি-বিদেশি জ্ঞানচর্চার জন্য এখানে গ্রন্থাবলি সংরক্ষণ অনুবাদ ও মৌলিক গ্রহন্থ রচনার উদ্যোগ নেওয়া হয়। এই প্রতিষ্ঠান নতুন গবেষকদের জন্য প্রচুর সহায়তা করে থাকে।

ক. বাগদাদ নগরীর প্রতিষ্ঠাতা কে? ১
খ. নহরে জুবাইদা কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে আব্বাসীয় কোন প্রতিষ্ঠানের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জ্ঞান-বিজ্ঞান চর্চায় উক্ত প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতার অবদান মূল্যায়ন কর। ৪

## ৯ কুমিল্লা সরকারি মহিলা কলেজ, কুমিল্লা

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ কচিকাঁচা সংঘের সভাপতি মমিন হালদার সংঘের জন্য গঠনতন্ত্র প্রণয়ন করেন, যাতে দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বিস্তারিত লিপিবদ্ধ করা হয়। তাছাড়া কর্তব্যে অবহেলা, অন্যায় কাজে লিপ্ত হওয়া, অন্যায়কে প্রশ্রয় দেওয়া এবং অনৈতিক কাজে জড়িতদের বহিষ্কার ও মৃত্যুদণ্ডের কথা উল্লেখ করা হয়।

ক. সুমেরীয়দের প্রধান ধর্মমন্দিরের নাম কী? ১
খ. সাব-আ মুয়াল্লাকাত কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বর্ণিত সংঘের গঠনতন্ত্র তোমার পাঠ্যবইয়ের কোন সভ্যতাকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শুধু নিয়মনীতি নয়, বিজ্ঞানের ক্ষেত্রে উক্ত সভ্যতা ব্যাপক অবদান রাখে- পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▸ বাগেরহাট জেলা পানিবেষ্টিত হওয়ায় বন্যা, জলোচ্ছ্বাস ও লবণাক্ত পানির কারণে কৃষি ফসল কম উৎপাদিত হয়। তবে এখানে ব্যবসা ও মৎস্য চাষের প্রভাব লক্ষণীয়। জনসাধারণ প্রতিনিয়ত নদীর সাথে সংগ্রামে লিপ্ত থাকায় তাদের জীবনযাত্রায় সাহসিকতা, কষ্টসহিষ্ণুতা ও পরিশ্রম করার মানসিকতা লক্ষ করা যায়।

ক. জাজিরাতুল আরব শব্দের অর্থ কী? ১
খ. উটকে মরুভূমির জাহাজ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত বাগেরহাট জেলার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন অঞ্চলের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত অঞ্চলের অধিবাসীদের জীবনযাত্রায় ভূপ্রকৃতির প্রভাব ব্যাখ্যা কর। ৪

৩ ▸ স্থানীয় সরকারের শাসনের অভাব ও বংশীয় আভিজাত্যকে কেন্দ্র করে সূর্যপুর ইউনিয়নে সহিংস ঘটনা ও খুন-খারাবি প্রায় লেগে থাকে। প্রত্যেক ওয়ার্ডে একজন করে নির্বাচিত মেম্বার থাকলেও সুযোগ-সুবিধাকে কেন্দ্র করে ওয়ার্ডে ওয়ার্ডে আন্তঃকলহ বিদ্যমান। মাদক সেবন ও জুয়া খেলা ইউনিয়নের পরিবেশকে দিন দিন অসুস্থ করে তোলে। নৈতিক অবক্ষয় সত্ত্বেও প্রতিবছর পহেলা বৈশাখকে উদযাপিত হয়।

ক. জাহেলিয়া যুগে একেশ্বরবাদী সম্প্রদায়ের নাম কী? ১
খ. হায়ারোগ্লিফিক কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত ইউনিয়নের অবস্থার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন সময়ের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে উক্ত সময়ের রাজনৈতিক ও সাংস্কৃতিক অবস্থার বর্ণনা দাও। ৪

৪ ▸ মুক্তিযুদ্ধের সময় বসন্তপুর গ্রামের মুক্তিযোদ্ধারা হানাদার বাহিনী যাতে গ্রামে প্রবেশ করতে না পারে সেজন্য ব্রিজ ভেঙে দেয়। ব্রিজ ভেঙে দেওয়ায় হানাদার বাহিনী গ্রামে প্রবেশের সুযোগ ও সাহস পায়নি। মুক্তিযোদ্ধাদের এমন কৌশলের কারণে বসন্তপুর গ্রাম ছিল নিরাপদ ও মুক্তিযোদ্ধাদের ঘাঁটি।

ক. বদরের যুদ্ধে মুসলমানদের সংখ্যা কত ছিল? ১
খ. উহুদের যুদ্ধে মুসলমানদের পরাজয়ের কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রণকৌশলের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন যুদ্ধের মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মহানবি (স.)-এর উক্ত রণকৌশলের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৫ ▸ পশ্চিম পাকিস্তানের শোষণ ও শাসনের বিরুদ্ধে ১৯৭১ সালে দীর্ঘ ৯ মাস রক্তক্ষয়ী সংগ্রামে ৩০ লক্ষ প্রাণের বিনিময়ে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করে, যা বিশ্বের ইতিহাসে বিরল ঘটনা। এ সংগ্রামের রাজনৈতিক গুরুত্ব অপরিসীম।

ক. মিরাজ শব্দের অর্থ কী? ১
খ. হুদায়বিয়ার সন্ধিকে 'ফাতহুম মুবিন' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মুক্তিযুদ্ধের সাথে মহানবি (সা.)-এর মক্কা বিজয়েল মিল বা অমিল কী আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মহানবি (সা)-এর মক্কা বিজয়ের রাজনৈতিক তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৬ ▸ অটোমান সুলতান মহামতি সুলায়মানের সাম্রাজ্য কৃষ্ণসাগর হতে তিউনিসিয়া এবং ভিয়েনা হতে আরব সাগর পর্যন্ত বিস্তৃত ছিল। তিনি বিশাল সাম্রাজ্যে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের পাশাপাশি দুর্নীতি ও অপরাধের বিরুদ্ধে কঠোর ছিলেন। তিনি দুর্নীতির দায়ে জামাতাকে ফাঁসি এবং রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে পুত্রকে ফাঁসি দেন।

ক. সিদ্দিক কোন খলিফার উপাধি? ১
খ. রিদ্দা যুদ্ধ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের অটোমান খলিফার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন খলিফার মিল আছে? ব্যাখ্যা কর ৩
ঘ. তুমি কি মনে কর –উক্ত খলিফা মুসলিম প্রশাসন ব্যবস্থার পথিকৃ? মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৭ ▸ আশরাফ টেক্সটাইলের জিএম আহাদ সাহেব অভ্যন্তরীন শৃঙ্খলা প্রতিষ্ঠা ও স্বেচ্ছাচারিতা দূর করার জন্য কিছু কর্মকর্তাকে পদচ্যুত করেন। অন্যরা তার সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিক্রিয়া না দেখালেও হিসাব শাখার মামুন তা মানতে অস্বীকার করে। ফলে জিএম ও মামুন সাহেবের মধ্যে দ্বন্দ্ব-সংঘাত দেখা দেয়।

ক. জুন্নুরাইন শব্দের অর্থ কী? ১
খ. হযরত আবু বকরকে ইসলামের ত্রাণকর্তা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের দ্বন্দ্ব-সংঘাত তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, উক্ত দ্বন্দ্ব-সংঘাত গণতন্ত্রের পরিবর্তে রাজতন্ত্রের পথ উন্মুক্ত করে? মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▸ রাজা হাসান তার সাম্রাজ্যকে স্বতন্ত্র রূপ দেওয়ার লক্ষ্যে সর্বক্ষেত্রে মাতৃভাষার প্রতি গুরুত্বারোপের পাশাপাশি মুদ্রা ব্যবস্থার উন্নতি ও প্রশাসনিক সংস্কার সাধন করেন। তাছাড়া সাম্রাজ্যের সৌন্দর্য বৃদ্ধির জন্য তিনি সুরম্য প্রাসাদ ও নান্দনিক স্মৃতিফলক নির্মাণ করেন, যা সকলের দৃষ্টি কাড়ে। এসব কর্মের মধ্য দিয়ে তিনি সাম্রাজ্যে উত্তরাধিকারীদের জন্য শক্ত ভিত তৈরি করেন।

ক. মধ্য এশিয়া বিজয়ী সেনাপতির নাম কী? ১
খ. মুয়াবিয়াকে আরবদের প্রথম রাজা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের হাসান এর সাথে তোমার পাঠ্যবইয়ের কোন খলিফার মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত খলিফাকে তার বংশের শ্রেষ্ঠ শাসক বলা হয় কেন? যুক্তি দাও। ৪

৯ ▸ মোঙ্গল নেতা চেঙ্গিস খান পৈতৃকসূত্রে ফারগনা রাজ্যের মালিক হন। তিনি তাঁর দক্ষ ও দুর্ধর্ষ সেনাপতিদের রণকৌশলে চতুর্দিকে মোঙ্গল আধিপত্য বিস্তার করে বিশাল সাম্রাজ্যের অধিকারী হন। পরবর্তীকালে তাঁর বংশধরগণ মধ্য এশিয়া, বাগদাদ ও ভারতীয় উপমহাদেশে অভিযান পরিচালনা করে।

ক. উমাইয়া খিলাফতের রাজধানী কোথায় ছিল? ১
খ. কাকে এবং কেন রাজেন্দ্র বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের চেঙ্গিস খানের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন উমাইয়া খলিফার মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত খলিফা ছিলেন উমাইয়া বংশের শ্রেষ্ঠ বিজেতা? বিশ্লেষণ কর। ৪

১০ ▸ আলমপুর উপজেলা চেয়ারম্যান ফরিদ গরিব দুঃখীদের প্রতি উদার ও মহানুভব ছিলেন। তিনি অসহায় ও দুস্থদের অকাতরে দান করতে এবং তাদের অবস্থা স্বচক্ষে দেখার জন্য নিয়মিত বের হতেন। কৃষকদের সেচ ব্যবস্থার সুবিধার্থে তিনি জেলা পরিষদ হতে ফান্ড সংগ্রহ করে ডিপটিউবয়েল বসানোর ব্যবস্থা করেন। ফলে নিজ উপজেলা ছাড়াও অন্য উপজেলার লোকের কাছে ছিলেন সমাদৃত।

ক. 'আস-সাফফাহ' শব্দের অর্থ কী? ১
খ. কে আব্বাসীয় বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা এবং কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ফরিদ সাহেবের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন আব্বাসীয় খলিফার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত খলিফা ছিলেন আব্বাসীয় বংশের শ্রেষ্ঠ শাসক। –বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জনাব ফারুক সাহেব উচ্চ শিক্ষিত ও মেধা মননে চিন্তাশীল। গ্রামের শিক্ষার্থীদের মাঝে শিক্ষার আলো ছড়িয়ে দেওয়ার জন্য তিনি লাইব্রেরি প্রতিষ্ঠা করেন। লাইব্রেরি প্রতিষ্ঠার কথা শুনে পার্শ্ববর্তী গ্রামের তরুণ শিক্ষার্থীরা এখানে নিয়মিত আসে। পত্রিকা ও মুক্তিযুদ্ধের উপর রচিত গ্রন্থ সংগ্রহ করে তিনি এটিকে সমৃদ্ধ করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। কিন্তু আর্থিক সংকটে লাইব্রেরির অবকাঠামো ও বইয়ের কলবর বৃদ্ধি করা সম্ভব হচ্ছে না

ক. বাগদাদে নগরীর প্রতিষ্ঠাতা কে? ১
খ. আব্বাসি কারা? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ফারুক সাহেবের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন আব্বাসীয় খলিফার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উক্ত খলিফার শাসনকালে মুসলিম জ্ঞান-বিজ্ঞানের সর্বোচ্চ উন্নতি সাধিত হয়েছে? বিশ্লেষণ কর। ৪

## ১০ হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ, হবিগঞ্জ

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ সিলেট শহর সুরমা নদীর তীরে অবস্থিত। প্রতিবছর জুন থেকে আগস্ট মাসের মধ্যে সুরমা নদীর উভয় তীর প্লাবিত হয়। প্লাবনের ফলে উভয় তীরের ভূভাগ অত্যন্ত উর্বর হলেও ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। এ সংকট কাটিয়ে উঠতে সরকার সুরমা নদীর তীরে বাঁধ দেয়ার উদ্যোগ নেন এবং খাল কেটে পানি ধরে রাখার ব্যবস্থা গ্রহণ করেন। ফলে কৃষিক্ষেত্রে উন্মোচিত হয় এক নতুন দিগন্ত।

ক. মিশরকে নীলনদের দান বলেছেন কে? ১
খ. উটকে মরুভূমির জাহাজ বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে সুরমা নদীর সাথে মিশরীয় সভ্যতার কোন নদীর মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শহরের জনগণের সাথে তোমার পঠিত কোন সভ্যতার জনগণের বিষয়ে আলোচনা করা হয়েছে– বিশ্লেষণ কর। ৪

২ ▶ মুক্তিযুদ্ধের সময় কিশোরের গ্রামের মুক্তিযোদ্ধারা গ্রামে প্রবেশের রাস্তা কেটে দিয়েছিল, যাতে পাকিস্তানি সেনারা সহজে প্রবেশ করতে না পারে। রাস্তা কাটা থাকায় পাকসেনারা গাড়ি ছাড়া পায়ে হেঁটে গ্রামে প্রবেশ করার সাহস পায়নি। মুক্তিযুদ্ধের এ রণকৌশলের কারণে কিশোরের গ্রাম ছিল নিরাপদ ও মুক্তিযোদ্ধার একটি ঘাঁটি।

ক. হিজরত অর্থ কী? ১
খ. হুদায়বিয়ার সন্ধিকে প্রকাশ্য বিজয় বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের অনুরূপ রণকৌশল মহানবি (স.) কোন যুদ্ধে প্রয়োগ করেছিলেন? বর্ণনা কর। ৩
ঘ. মহানবি (স.) এর উক্ত রণকৌশলটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৩ ▶ শফিক ও মামুন সংবিধান বিষয়ে আলোচনা করছিল। শফিক মামুনকে বলল ১৯৭১ খ্রিষ্টাব্দে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন হয় এবং ১৯৭২ খ্রিষ্টাব্দে স্বাধীন বাংলাদেশের প্রথম সংবিধান রচিত হয়। যাকে রাষ্ট্র পরিচালনার মূলনীতি বলা হয়। সংবিধান লিখিত বা অলিখিত হতে পারে। হযরত মুহাম্মদ (স.) প্রথম লিখিত সংবিধান প্রণয়ন করেছিলেন।

ক. হিজরতের সময় মহানবি (স.) এর সঙ্গী কে ছিলেন? ১
খ. আকাবার শপথ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বিষয়টিতে মহানবি (স.)-এর জীবনের কোন ঘটনার প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের উল্লিখিত প্রথম লিখিত সংবিধানের গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৪ ▶ মাওলানা সোহেল সাহেব নিজ এলাকায় নিজ ধর্মমত প্রতিষ্ঠিত করতে না পেরে অন্য দেশে চলে যান। সেখানে গিয়ে তিনি নিজেকে প্রতিষ্ঠিত করেন। কয়েক বছর পর তিনি এলাকায় ফিরে আসতে চাইলে তার এলাকার বিধর্মী লোকেরা গতিরোধ করে দাঁড়ায়। ফলে তাদের সঙ্গে একটি সন্ধি চুক্তি স্বাক্ষরিত হয়। সন্ধিমতে তিনি পরের বছর বিশাল বহর নিয়ে জাতীয় নেতা রূপে বীরদর্পে তার এলাকায় আসেন।

ক. হযরত মুহাম্মদ (স.) কত খ্রিষ্টাব্দে নবুয়ত লাভ করেন? ১
খ. বদর যুদ্ধের কারণ কী ছিল? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সন্ধির সাথে ইসলামের ইতিহাসের কোন সন্ধির মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে যে সন্ধির নিদর্শন পাওয়া যায়– তার গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৫ ▶ 'ক' অঞ্চলের একজন মহাপুরুষ নতুন ধর্মমত প্রচার শুরু করেন। ফলে ঐ অঞ্চলের পুরাতন ধর্মমতের অনুসারীরা তার উপর অত্যাচার শুরু করে। এ অবস্থায় তিনি মাতৃভূমি ত্যাগ করে অন্যত্র গমন করেন। সেখানকার লোকেরা তাকে সাদরে গ্রহণ করে এবং তাকে রাষ্ট্রপ্রধানের মর্যাদা দেয়। তিনি কৃতিত্বের সাথে ৪৭টি নীতিমালা প্রণয়ন করে কলহপ্রিয় গোত্রগুলোকে একত্রিত করে একটি জাতিতে পরিণত করেন এবং একটি প্রজাতন্ত্র উপহার দেন।

ক. বদরের যুদ্ধ কত খ্রিষ্টাব্দে সংঘটিত হয়? ১
খ. কাদের আনসার ও মুহাজির বলা হয়। ২
গ. উদ্দীপকের মহাপুরুষের অন্যত্র গমনের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন মহাপুরুষের মাতৃভূমি ত্যাগের সাদৃশ্য রয়েছে– ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উক্ত মহাপুরুষ শতধাবিভক্ত জাতিকে একত্রিত করতে পেরেছিলেন? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬ ▶ আজিমপুর রাষ্ট্রের রাষ্ট্রপ্রধান নাইম সাহেব প্রশাসনে গণতন্ত্র, সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য বহু পরিকল্পনা গ্রহণ করেন। শাসনকার্যে শৃঙ্খলা নিশ্চিত করার জন্য তিনি রাষ্ট্রের শিক্ষিত, বিজ্ঞ ও যোগ্য নাগরিকদের নিয়ে একটি উপদেষ্টা পরিষদ গঠন করেন। পরিষদ রাষ্ট্রপ্রধানকে দৈনন্দিন প্রশাসন পরিচালনা ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে পরামর্শ দিতেন। প্রশাসন ছাড়াও রাষ্ট্রপতি দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য রাজস্ব ও করব্যবস্থার বহুবিধ সংস্কার সাধন করেন। মানুষ তার সুফল ভোগ করছে।

ক. ইসলামের ইতিহাসে প্রথম গৃহযুদ্ধ কোনটি? ১
খ. খুলাফায়ে রাশেদিন বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত উপদেষ্টা পরিষদের সাথে খলিফা ওমর (রা.) প্রতিষ্ঠিত মসলিস-উস-শুরার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত রাজস্ব ও কর ব্যবস্থাপনা হযরত ওমর (রা.) রাজস্ব ব্যবস্থার আংশিক চিত্র– বক্তব্যটি কি সমর্থন কর? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৭ ▶ জনাব হাসান সাহেব সিংহাসনে অধিষ্ঠিত হওয়ার পর তার সাম্রাজ্যকে দুর্নীতি মুক্ত করার পরিকল্পনা গ্রহণ করেন। পরিকল্পনার অংশ হিসেবে রাজ্যের দুর্নীতিবাজ কর্মকর্তাদের পদত্যাগ করার নির্দেশ দেন। সাম্রাজ্যের স্বার্থে সবাই পদত্যাগ করলেও একজন কর্মকর্তা পদত্যাগ করতে অস্বীকৃতি জানায়। অধিকন্তু তার অধিকারে রক্ষিত সরকারি সম্পত্তি ফেরত দিতে বললে তিনি সে আদেশ প্রত্যাখ্যান করেন। উভয়ের মধ্যে সম্পর্ক ক্রমান্বয়ে খারাপ হতে থাকে। এক পর্যায়ে উভয়ের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষ বেধে যায়। এতে সাম্রাজ্যের সুনাম ক্ষুন্ন হয় এবং সাম্রাজ্য মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়।

ক. আসাদুল্লাহ কার উপাধি? ১
খ. কাকে, কেন যুন্নুরাইন বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত রক্তক্ষয়ী সংঘর্ষ খুলাফায়ে রাশেদিনের শাসনামলে সংঘটিত কোন যুদ্ধের প্রতি ইঙ্গিত প্রদান করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মতো উক্ত যুদ্ধ ইসলামের গণতান্ত্রিক শাসনব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করে এবং রাজতন্ত্র প্রতিষ্ঠার ভিত্তি রচনা করে? বিশ্লেষণ কর। ৪

৮ ▶ আদিল চৌধুরী সিংহাসনে আরোহণ করে পূর্বসূরিদের সকল অন্যায় নীতি পরিহার করেন। ধর্মপ্রাণ এই শাসক শাসনকার্যে পূর্ণ ইসলামি রীতিনীতি পুনঃস্থাপন করেন। রাজস্ব ব্যবস্থায় সংস্কার সাধন করে তিনি অমুসলিমদেরকে ইসলামের দিকে আকৃষ্ট করেন।

ক. ডোম-অব-দি রক কী? ১
খ. কাকে, কেন রাজেন্দ্র বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে কোন উমাইয়া খলিফার কর্মকাণ্ডের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত খলিফার শাসননীতি জনকল্যাণমুখী– বিশ্লেষণ কর। ৪

৯ ▶ মহররমের ১০ তারিখে ঢাকায় বিশাল মিছিল হলো, যা তাজিয়া মিছিল নামে খ্যাত। উক্ত মিছিলে একটি নাম উচ্চৈঃস্বরে বারবার উচ্চারিত হচ্ছিল। মিছিলে যে নামটি বারবার উচ্চারিত হচ্ছিল তাকে কারবালার যুদ্ধে ইয়াজিদ বাহিনী নির্মমভাবে হত্যা করে।

ক. উমাইয়া খিলাফতের প্রতিষ্ঠাতা কে? ১
খ. কাকে ইসলামের ৫ম খলিফা বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উচ্চৈঃস্বরে উচ্চারিত নামটি কার? উক্ত ব্যক্তিকে কীভাবে হত্যা করা হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত নামটির সঙ্গে সংশ্লিষ্ট যুদ্ধের কারণসমূহ বর্ণনা কর। ৪

১০ ▶ রফিক সাহেব তার গ্রামের নিজ উদ্যোগে একটি বিশাল পাঠাগার গড়ে তোলেন। সেখানে প্রতিদিন প্রচুর পাঠক সমাবেশ হয়। তিনি বিভিন্ন ভাষার গুরুত্বপূর্ণ গ্রন্থাবলির বাংলা অনুবাদ ও গবেষণার ব্যবস্থা করেন। দেশি-বিদেশি বহু বিদ্যোৎসাহী ব্যক্তির সহযোগিতায় পাঠাগারটি উত্তরোত্তর সমৃদ্ধি লাভ করে।

ক. বাগদাদ নগরী প্রতিষ্ঠা করেন কে? ১
খ. কাকে, কেন আবাসীয় বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত পাঠাগারের সাথে আব্বাসীয় খিলাফতের কোন প্রতিষ্ঠানের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের পাঠাগারটি উক্ত প্রতিষ্ঠানের একটি আংশিক রূপমাত্র– উক্তিটির সত্যতা যাচাই কর। ৪

১১ ▶ জনাব শামীম 'ক' পৌরসভার মেয়র। জনসাধারণের অবস্থা স্বয়ং অবগত হওয়ার জন্য তিনি ছদ্মবেশে পৌরসভা ভ্রমণ করেন। তিনি পাঁচ ওয়াক্ত ফরজ নামাজ ছাড়াও প্রতি রাতে একশত রাকাত নফল নামাজ আদায় করতেন। জনসাধারণের উন্নতি এবং স্বার্থ সংরক্ষণে তার জেলার কোনো মেয়রই তার মতো যত্নবান ছিলেন না।

ক. আব্বাসি খিলাফতে সর্বমোট কতজন শাসক ছিলেন? ১
খ. আবুল আব্বাসকে আস-সাফফাহ বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত শামীমের সাথে কোন আব্বাসীয় খলিফার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত চারিত্রিক গুণাবলির কারণেই কি উক্ত খলিফাকে ইতিহাসে বিখ্যাত বলা হয়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

# ১১ ✔ পটুয়াখালী সরকারি মহিলা কলেজ, পটুয়াখালী

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ কালাম সাহেব একজন ইতিহাস গবেষক। তিনি প্রাচীন লিখন পদ্ধতি নিয়ে তুলনামূলক গবেষণা করেছেন। তার প্রথম গবেষণার বিষয় ছিল ২৪টি চিহ্ন সংবলিত লিখন পদ্ধতি। এ সভ্যতার লোকেরা ছবির সাহায্যে লেখার কাজ পরিচালনা করত। পরবর্তী গবেষণার লিখন পদ্ধতি ছিল পাথরে খোদাই অথবা মাটির থালাতে তিন কোনা কাঠি দিয়ে লেখা পাত্র। এগুলো রোদে অথবা আগুনে সেঁকে রাখা হতো। করিম সাহেব খুব উৎসাহের সাথে তার ছাত্রদের লিখন পদ্ধতির ইতিহাস বোঝালেন।

ক. বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা কোনটি? ১
খ. পিরামিড কী? বর্ণনা কর। ২
গ. কালাম সাহেবের প্রথম গবেষণার সাথে তোমার পঠিত কোন লিখন পদ্ধতির মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত লিখন পদ্ধতি দুটোর মধ্যে কোনটি উত্তম? মতামত দাও।

২ ▶ বাংলাদেশে একটি সম্প্রদায় আছে যাদের স্থায়ী কোনো আবাস নেই নদীতে নৌকায় তাদের বসবাস, জীবিকার সন্ধানে গ্রামে গ্রামে ঘুরে বেড়ায়। পেশা হিসেবে বেছে নেয় সাপ খেলা দেখানো, জাদুটোনা, তাবিজ, কবজ ও ঔষধ বিক্রয়।

ক. উকাজ মেলা কী? ১
খ. অর্ধচন্দ্রকার উর্বর ভূমি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের সম্প্রদায়ের সাথে প্রাক-ইসলামি আরবের কোন জনগোষ্ঠীর সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সাথে উক্ত জনগোষ্ঠীর জীবন ও জীবিকার পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৩ ▶ আহমদনগরে দীর্ঘদিন ধরে সামান্য বিষয়ে মারামারি, কাটাকাটি চলে আসছিল। এ সময় সত্যবাদী যুবকের মনে এ বিষয়টি রেখাপাত করে। সে এটি নিরসনকল্পে সেখানকার উৎসাহী যুবকদের নিয়ে একটি শান্তিসংঘ প্রতিষ্ঠা করেন। এ সংঘের শর্তাবলির মধ্যে অত্যাচারীকে দমন, অসহায়কে সাহায্য ও শান্তি প্রতিষ্ঠা করেন। এ সংঘের শর্তাবলির মধ্যে অত্যাচারীকে দমন, অসহায়কে সাহায্য ও শান্তি নিরাপত্তাই ছিল প্রধান।

ক. হযরত মুহাম্মদ (স.)-এর জন্ম তারিখ লেখ। ১
খ. মুসলমানদের আবিসিনিয়ায় হিজরতের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ পাঠ্যবইয়ের শান্তিসংঘের বর্ণনা দাও। ৩
ঘ. উক্ত সংঘের কার্যাবলি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ 'ক' নামক সংস্কারক স্বদেশে অত্যাচারী ও নির্যাতিত হয়ে পরিকল্পিতভাবে পার্শ্ববর্তী এলাকার অধিবাসীদের নিজের মতাদর্শে প্রভাবিত করেন ও তাদের আমন্ত্রণে স্বদেশ ত্যাগ করেন। তাঁর এই স্বদেশ ত্যাগ তাঁর জীবনের মোড় ঘুরিয়ে দেয়।

ক. বহিরা কে ছিলেন? ১
খ. আল-আমিন কাকে বলা হতো? কেন? ২
গ. উদ্দীপকের সংস্কারকের স্বদেশ ত্যাগ ইসলামের ইতিহাসের কোন মহাপুরুষের দেশ ত্যাগকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. স্বদেশ ত্যাগ ছিল উক্ত মহাপুরুষের জীবনের মোড় ঘোরার অধ্যায়- উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৫ ▶ স্বাধীনতা লাভের পর মালয়েশিয়ার সরকার প্রধান রাষ্ট্র পরিচালনার জন্য একটি সংবিধান প্রণয়ন করেন। নাগরিকদের সামাজিক, রাজনৈতিক, দলীয় ও অর্থনৈতিক অধিকার রক্ষা এবং সকল রাজনৈতিক দল তথা সম্প্রদায়কে একটি স্বাভাবিক পরিবেশে তাদের কর্মকাণ্ড পরিচালনার সুযোগ দেওয়ার লক্ষ্যে রাষ্ট্রের অভিজ্ঞ ব্যক্তিবর্গ ও বিভিন্ন ধর্মের প্রতিনিধিদের সমন্বয়ে একটি লিখিত সংবিধান প্রণয়ন করা হয়। ফলে নাগরিক অধিকার নিশ্চিত হওয়ার পাশাপাশি সুষ্ঠু রাজনৈতিক পরিবেশের সৃষ্টি হয়।

ক. মদিনার পূর্বনাম কী ছিল? ১
খ. হিজরত ও দেশত্যাগের মধ্যে পার্থক্য কী? বুঝিয়ে লেখ। ২
গ. সংবিধান প্রণয়নে উদ্দীপকের সরকার প্রধান মহানবি (সা.) এর কোন কর্মকাণ্ডকে অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সরকারপ্রধান কর্তৃক লিখিত সংবিধান প্রণয়ন অপেক্ষা মহানবি (স.) কর্তৃক গৃহীত কর্মকাণ্ড অধিক তাৎপর্যপূর্ণ— বিশ্লেষণ কর। ৪

৬ ▶ কালুবাবার মাজারের সুনাম ও সুখ্যাতিকে অবলম্বন করে কিছু ধর্মাশ্রয়ী ব্যক্তি নিজেদের এলাকায় আস্তানা তৈরি করে নিজেদের পির বলে আখ্যায়িত করে। তারা মানুষের সরলতা ও অশিক্ষাকে পুঁজি করে ধর্ম ব্যবসায়ে জড়িয়ে পড়ে। এ অবস্থার প্রেক্ষিতে মাজার কর্তৃপক্ষ এসব ধর্ম ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিয়ে তাদের দমন করে মাজারের পবিত্রতা ও সুনাম ফিরিয়ে আনে।

ক. হযরত (স.)-এর হিজরতের সফরসঙ্গী কে ছিলেন? ১
খ. হযরত আলী (রা.) কে আসাদুল্লাহ উপাধি কেন দেওয়া হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ধর্ম ব্যবসায়ীদের দমন আবু বকরের কর্মকাণ্ডের সাথে বিষয়টি মিল খুঁজে পাওয়া যায় তার স্বরূপ বর্ণনা দাও। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত পদক্ষেপ শিশু ইসলামি রাষ্ট্রকে ধ্বংসের হাত থেকে রক্ষা করেছিল– মূল্যায়ন কর। ৪

৭ ▶ ব্রিটিশ পার্লামেন্টকে গণতন্ত্রের সূতিকাগার বলা হয়। আইনসভাটি দ্বি-কক্ষবিশিষ্ট। নিম্নকক্ষের নাম হাউজ অব কমন্স। মূলত হাউজ অব কমন্সে নির্বাচিত প্রতিনিধিরাই ঐকমত্যের ভিত্তিতে দেশ পরিচালনার যাবতীয় সিদ্ধান্ত গ্রহণ করেন। অপরদিকে বিশিষ্ট ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত হাউজ অব লর্ডসের সদস্যরা দেশের সার্বিক বিষয়ে আলাপ-আলোচনা করে সুচিন্তিত মতামত দেন।

ক. আতিক শব্দের অর্থ কী? ১
খ. 'যুন্নুরাইন' বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের বর্ণিত আইনসভার সাথে হযরত ওমর (রা.) প্রবর্তিত কোন পরিষদের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পরিষদের কার্যাবলি পর্যালোচনা কর। ৪

৮ ▶ কলিম উদ্দিন একজন কুটিল প্রকৃতির লোক। গত জেলা পরিষদ নির্বাচনে নানা-রকম ছলচাতুরির আশ্রয় নিয়ে তিনি নির্বাচনে জয়লাভ করেন। এলাকার উন্নয়নে তিনি নানারকম পদক্ষেপ গ্রহণ করার ফলে জনগণের প্রিয়জন হয়ে ওঠেন। কিন্তু ক্ষমতা ছেড়ে দেওয়ার আগে তিনি আবারও নানারকম ষড়যন্ত্র করে নিজ সন্তানকে ক্ষমতার উত্তরাধিকারী করে যান। যার ফলে দীর্ঘমেয়াদি সমস্যার সৃষ্টি হয়।

ক. উমাইয়া খিলাফত কত খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়? ১
খ. উমাইয়া সাধু বলতে কী বোঝায়? ২
গ. কলিম উদ্দিনের উত্তরাধিকারী নিয়োগ পদ্ধতি তোমার পাঠ্যপুস্তকের কোন শাসকের উত্তরাধিকারী নিয়োগের সাথে সাদৃশ্যপূর্ণ? ৩
ঘ. উক্ত শাসকের নিয়োগ পদ্ধতিই ইতিহাস রাজতন্ত্রের সৃষ্টি করেছিল- উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯ ▶ মালাগার স্বৈরাচারী সরকারের কার্যক্রমে সাধারণ মানুষ যখন অতিষ্ঠ হয়ে পড়েছিল, তখন আফেন্দী বংশের সেলিম নামের এক বিপ্লবী নেতার উত্থান ঘটে। তিনি সরকারের এ সকল জনবিরোধী কর্মকাণ্ডের বিরুদ্ধে সরকার উৎখাতের কর্মসূচির ডাক দেন। কর্মসূচিকে বেগবান ও সফল করার জন্য তিনি নানামুখী প্রলোভন ও প্রতিশ্রুতির বিনিময়ে বিভিন্ন ভুক্তভোগী শ্রেণি ও সম্প্রদায়ের সমর্থন পেয়ে উক্ত সরকারের পতন ঘটাতে সক্ষম হন।

ক. ক্রুসেড শব্দের অর্থ কী? ১
খ. আবু মুসলিম খোরাসানির পরিচয় দাও। ২
গ. উদ্দীপকের উল্লিখিত বিপ্লবী নেতা সেলিমের সাথে আব্বাসি কোন খলিফার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আশ্বাস ও প্রতিশ্রুতিই আব্বাসি আন্দোলনকে সফল করেছিল- মূল্যায়ন কর। ৪

১০ ▶ অটোমান সুলতান আব্দুল হামিদের ক্ষমতারোহণের পশ্চাতে মুখ্য ভূমিকা রেখেছিলেন সেনাপতি ফুয়াদ পাশা। পরবর্তী সময়ে ফুয়াদ পাশার সাহসিকতা, জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতা সুলতানের ভবিষ্যতের জন্য হুমকি হয়ে দাঁড়ায়। অবশেষে সুলতান কৌশলে তাকে হত্যা করেন।

ক. আব্বাসিদের শেষ খলিফার নাম কী? ১
খ. আব্বাসীয় কারা? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে কোন আব্বাসি খলিফার কর্মকাণ্ডের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আব্বাসিদের ক্ষতারোহণের পশ্চাতে উক্ত সেনাপতির অবদান মূল্যায়ন কর। ৪

১১ ▶ স্বৈরতান্ত্রিক মনোভাবের অধিকারী প্রেসিডেন্ট সাদ্দাম হোসেন বিভিন্ন গুণাবলির অধিকারী হলেও তার মধ্যে প্রবল সন্দেহপ্রবণতা ছিল। রাজনৈতিক স্বার্থ হাসিলের জন্য অনেক ঘনিষ্ঠ প্রতিদ্বন্দ্বীকে তিনি নির্মমভাবে সরিয়ে দেন। আসলে ইরাকের জটিল রাজনৈতিক পরিস্থিতি জাতিগত বিদ্বেষ, বিভিন্ন গোষ্ঠী ও সম্প্রদায়ের আত্মকলহ তাকে কঠোর হতে বাধ্য করেছিল। সাদ্দাম হোসেন বিভিন্ন কৌশলে শতধাবিভক্ত ইরাকিদের একত্রিত করে দীর্ঘমেয়াদি শাসন কায়েম করতে সক্ষম হন।


ক. 'আল মনসুর' শব্দের অর্থ কী? ১
খ. আল মনসুর বাগদাদে রাজধানী স্থাপন করেছিলেন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বর্ণিত প্রতিদ্বন্দ্বীর প্রতি আচরণ খলিফা আল মনসুরের কোন কর্মকাণ্ডের অনুরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. দীর্ঘমেয়াদি শাসন কায়েমে সাদ্দাম হোসেনের চেয়ে আল-মনসুর আরও দূরদর্শী ছিলেন –উক্তিটি মূল্যায়ন কর। ৪

# ১২ মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ শিক্ষক শ্রেণিকক্ষে প্রাক-ইসলামি আরবের ইতিহাস পড়ানো শেষে ছাত্র-ছাত্রীদেরকে শাসনব্যবস্থার একটি চিত্র তুলে ধরতে বললেন। মেধাবী ছাত্রী ফিরোজা নিম্নলিখিতভাবে এটি উপস্থাপন করল—




ক. ইসলামপূর্ব আরবে রাজনৈতিক সংগঠন বা মন্ত্রণাসভার নাম কী ছিল? ১
খ. আরব উপদ্বীপের ভৌগোলিক অবস্থান ব্যাখ্যা কর। ২
গ. চার্টে প্রাক-ইসলামি আরবের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. চার্টে উল্লিখিত গোত্রপ্রীতিই ছিল প্রাক-ইসলামি আরবের গোত্রীয় সংঘাতের মূল কারণ-বিশ্লেষণ কর। ৪

২ ▸ 'তিতাস একটি নদীর নাম' কাহিনি চিত্রটি গড়ে উঠেছে তিতাস নদীকে কেন্দ্র করে। তিতাস নদীর তীরে বসবাসকারী মানুষের ঘরবসতি, কৃষিভিত্তিক জীবনযাপন, ঘরবাড়ি নির্মাণ, শিল্প, বাণিজ্য, যোগাযোগ ব্যবস্থা সবকিছুর মূলে রয়েছে এ নদী। উক্ত অঞ্চলের শিক্ষা-সংস্কৃতিতেও উক্ত নদীর ভূমিকা অপরিসীম।
ক. প্যাপিরাস কী? ১
খ. হায়ারোগ্লিফিক্স কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বর্ণিত তিতাস নদীর তীরে গড়ে ওঠা জীবনচিত্রের সাথে প্রাচীন কোন সভ্যতার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের নিরিখে উক্ত সভ্যতার অবদান মূল্যায়ন কর। ৪

৩ ▸ স্বাধীনতা যুদ্ধে বহিঃশত্রুর আক্রমণের হাত থেকে বাংলাদেশকে রক্ষা করার জন্য হেমায়েত সাহেবের পরামর্শে মুক্তিযোদ্ধাগণ যুদ্ধকৌশল হিসেবে এলাকার চতুর্দিকের রাস্তায় বড় বড় গাছ কেটে, রাস্তা ও ব্রিজ ভেঙে শত্রুদের প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করেন। এতে মুক্তিযোদ্ধাদের শক্তি, সাহস ও আত্মবিশ্বাস বেড়ে যায় এবং তারা শত্রুবাহিনীকে ঘায়েল করতে সক্ষম হয়।
ক. উহুদের যুদ্ধ কত খ্রিষ্টাব্দে সংঘটিত হয়? ১
খ. উহুদের যুদ্ধকে মুসলমানদের ধৈর্যের অগ্নিপরীক্ষা বলা হয় কেন? ২
গ. মুক্তিযোদ্ধাগণ স্বাধীনতা অর্জনের জন্য মহানবি (সা.)-এর কোন যুদ্ধের আদর্শটি গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মহানবি (সা.)-এ উক্ত রণকৌশলের সুফল বিশ্লেষণ কর। ৪

৪ ▸ মোহনপুর ও রসুলপুরের জমিদারেরা ধর্মীয় মতবিরোধ, বাণিজ্য ও আভিজাত্যের কারণে প্রায় সময় দ্বন্দ্ব ও সংঘর্ষে লিপ্ত হতো। একপর্যায়ে উভয়ের মধ্যে কয়েকটি শর্তে সন্ধি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির উল্লেখযোগ্য শর্ত ছিল উভয়ের মধ্যে দ্বন্দ্ব ও সংঘর্ষ বন্ধ থাকবে। কিন্তু কিছুদিন যেতে না যেতেই রসুলপুরের জমিদাররা মোহনপুর জমিদারদের ওপর আক্রমণ করে চুক্তি ভঙ্গ করে। এর ফলে মোহনপুর জমিদারেরা রসুলপুর জমিদারি দখল করে নেয়।
ক. মহানবি (সা.)-এর পিতার নাম কী? ১
খ. হিলফুল ফুজুল গঠনের কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সন্ধিচুক্তি স্বাক্ষরের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মোহনপুরের জমিদার কর্তৃক রসুলপুরের জমিদারি দখলের সাথে তোমার পাঠ্যবইয়ের সাদৃশ্যপূর্ণ ঘটনাটি বিশ্লেষণ কর। ৪

৫ ▸ বাংলায় মুসলিম শাসনের প্রাক্কালে বিভিন্ন অঞ্চলে অনেক ভণ্ডপিরের আবির্ভাব হয়। তারা ইসলামের ভ্রান্ত ব্যাখ্যা দিয়ে সাধারণ মানুষকে মন্দ ও পাপ কাজে লিপ্ত করায়, যা ইসলাম পরিপন্থি। তারা প্রকৃত সত্যের বিরুদ্ধে বিদ্রোহ ও যুদ্ধ ঘোষণা করে। নব্য ইসলাম ধর্ম গ্রহণকারীগণ সঠিকভাবে ইসলামের মর্মবাণী অনুধাবন করতে না পারায় এবং কোনো মহান নেতার সাহচার্য না পাওয়ায় দুর্বল ইমানি শক্তি নিয়ে সঠিক পথের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে।
ক. ধর্মত্যাগী ভণ্ডনবিদের বিরুদ্ধে পরিচালিত যুদ্ধের নাম কী? ১
খ. খালিদ বিন ওয়ালিদ ইতিহাসে বিখ্যাত কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ভণ্ডপিরের সাথে আবু বকর (রা.)-এর সময়কালের ভণ্ডনবিদের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ভণ্ডনবিদের দমনে গৃহীত পদক্ষেপ খলিফাকে 'ইসলামের ত্রাণকর্তার মর্যাদা দিয়েছে— বিশ্লেষণ কর। ৪

৬ ▸ জনাব 'ক' অধ্যক্ষ হিসেবে কলেজের দায়িত্ব গ্রহণ করে কিছু বিষয়ের উপর অধিক গুরুত্ব দেন। যেমন, কোনো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত তিনি একা গ্রহণ না করে বরং শিক্ষক পরিবারের সাথে আলোচনা করে তা গ্রহণ করেন। পূর্বে কলেজের কোনো আর্থিক ফান্ড ছিল না। নতুন অধ্যক্ষ ব্যাংকে একাউন্ট খুলে কলেজের সকল আয় সেখানে সংরক্ষণ করেন। দৈনন্দিন খরচ বাদ দিয়ে উদ্বৃত্ত অর্থ সেখানে সংরক্ষণ করেন। তাছাড়া উদ্বৃত্ত অর্থ তিনি কলেজের উন্নয়ন ও বৃত্তি আকারে শিক্ষার্থীদের মধ্যে বণ্টন করে দেন।
ক. হযরত ওমর (রা.) কত খ্রিষ্টাব্দে খিলাফতে অধিষ্ঠিত হন? ১
খ. 'বীর রুমা' কী? ব্যাখ্যা কর। ২
গ. সিদ্ধান্ত গ্রহণে নতুন অধ্যক্ষের গৃহীত ব্যবস্থার সাথে হযরত ওমর (রা.) এর কোন প্রশাসনিক ব্যবস্থার সামঞ্জস্য দেখা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'উদ্বৃত্ত অর্থ' বিষয়ে অধ্যক্ষের পদক্ষেপে হযরত ওমর (রা.)-এর নীতি প্রতিফলন লক্ষনীয় —উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ জনাব 'ক' সাহেব দেশের শাসনভার গ্রহণ করার পর প্রথম দিকে সুশৃঙ্খল পরিবেশ বহাল থাকলেও পরবর্তী সময়ে বিদ্রোহ ও বিশৃঙ্খলা সৃষ্টি হয়। এক পর্যায়ের বিদ্রোহীরা তাকে হত্যা করে। তার স্ত্রী বিদ্রোহীদের বাধা দিতে গিয়ে একটি আঙুল হারান। তার মৃত্যুতে সে দেশের ঐক্যজোট ভেঙে যায়। বিভিন্ন রাজনৈতিক ও ধর্মীয় সম্প্রদায়ের উদ্ভব হয় এবং গণতন্ত্রের সমাপ্তির পথ সুপ্রশস্ত হয়।
ক. 'ফারুক' অর্থ কী? ১
খ. খলিফা ওসমান (রা.)-কে যুন্নুরাইন বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের পাঠ্যবইয়ের কোন খলিফার হত্যার ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত হত্যাকাণ্ড পরবর্তী ইতিহাসকে কীভাবে প্রভাবিত করে? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ সুলতানি ও মুঘল আমলে ভারতে ফার্সি ভাষায় সরকারি কার্যক্রম চলত। কিন্তু পলাশী যুদ্ধের পর ইস্ট ইন্ডিয়া কোম্পানি ভারতের শাসনক্ষমতায় অধিষ্ঠিত হয়। শাসনক্ষেত্রে ব্রিটিশরা ইংরেজি ভাষার প্রয়োজনীয়তা বিশেষভাবে অনুভব করে। এরই প্রেক্ষিতে তারা ভারতে ইংরেজি শিক্ষার স্কুল প্রতিষ্ঠা করে। অফিস-আদালতসহ সবখানে ইংরেজি ভাষা চালু করা হয়। অর্থনীতি, শিক্ষা, ব্যবসায় তারা ইংরেজি সংস্কৃতি চালু করে।
ক. উমাইয়া খিলাফতের পতন হয় কত খ্রিষ্টাব্দে? ১
খ. মুয়াবিয়া (রা.)-কে কেন আরবের প্রথম রাজা হয়? ২
গ. উদ্দীপকে খলিফা আব্দুল মালিকের কোন সংস্কারের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত পদক্ষেপ আবদুল মালিকের আরবীয়করণ নীতির প্রতিচ্ছবি- মূল্যায়ন কর। ৪

৯ ▸ মোঙ্গল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা চেঙ্গিস খান বিশাল সাম্রাজ্যের অধিকারী ছিলেন। তার দক্ষ ও দুর্ধর্ষ সেনাপতিদের নিপুণতায় তিনি বিশাল সাম্রাজ্যের অধিকারী হন। পরবর্তীতে মোঙ্গলরা মধ্য এশিয়া, বাগদাদ ও ভারতীয় উপমহাদেশে অভিযান পরিচালনা করে।
ক. উমাইয়া শেষ খলিফা কে ছিলেন? ১
খ. মুয়াবিয়া (রা.)-কে আরবের প্রথম রাজা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের চেঙ্গিস খানের সাথে কোন উমাইয়া খলিফার কর্মকাণ্ডের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত খলিফার তিন জন সেনাপতির কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

১০ ▸ জনাব বাদশা মল্লিক রাতে এলাকায় ঘুরে জনগণের অবস্থা দেখতেন। তিনি রাজা হিসেবে সফল ছিলেন। তাছাড়া তিনি বৈদেশিক শক্তির সাথে সুসম্পর্ক তৈরি করেন। তবে একজন অবাধ্য বৈদেশিক শত্রুকে তিনি বারবার ক্ষমা করে দুর্বরতা প্রকাশ করেন।
ক. আব্বাসিদের রাজধানী কোথায় ছিল? ১
খ. বার্মাকিদের পরিচয় দাও। ২
গ. বাদশা মল্লিকের সাথে কোন শাসকের মিল খুঁজে পাও? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত শাসকের বৈদেশিক নীতি পর্যালোচনা কর। ৪

১১ ▸ একদল জ্ঞানী, পণ্ডিত বক্তির পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ পরিষদ গঠিত হয়। দেশি-বিদেশি জ্ঞান চর্চার জন্য এখানে গ্রন্থাবলি সংরক্ষণ, অনুবাদ ও মৌলিক গ্রন্থ রচনার উদ্যোগ নেওয়া হয়। এই প্রতিষ্ঠান নতুন গবেষকদের জন্য প্রচুর সহায়তা করে থাকে।
ক. বাগদাদ নগরীর প্রতিষ্ঠাতা কে? ১
খ. 'নহরে জুবাইদা' কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে আব্বাসিদের কোন প্রতিষ্ঠানের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জ্ঞান-বিজ্ঞানের চর্চায় উক্ত প্রতিষ্ঠানের অবদান মূল্যায়ন কর। ৪

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ১৩ আব্দুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী

বিষয় কোড : 2 6 7

সময়–৩০ মিনিট

### ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র — বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. কোন পর্বতের গুহায় মহানবি (সা.)-এর নিকট ওহি নাজিল হয়?**
K সাফা L হেরা
M সওর N মারওয়া

**২. উকাজ মেলায় জুয়াখেলা, ঘোড়দৌড় ও কাব্য প্রতিযোগিতা নিয়ে এক ভয়াবহ যুদ্ধ সংঘটিত হয়। এ যুদ্ধের নাম কী?**
K বদর L উহুদ
M ফিযার N হারবুল ফুজ্জার

**৩. আনসার ও মোহাজেরিনদের সম্পর্কের মূলে কোন কারণটি ছিল?**
K আত্মীয়তার সম্পর্ক
L ধর্মীয় ভ্রাতৃত্ব
M মহানবি (স.)-এর আহ্বান
N ব্যবসায়িক স্বার্থ

■ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
সাঈদ সাহেব তার পার্শ্ববর্তী গ্রামে ইসলামি আদর্শের নতুন বার্তা নিয়ে আগমন করেন এবং এলাকায় শান্তি প্রতিষ্ঠার জন্য বিধিমালা প্রণয়ন করেন।

**৪. উদ্দীপকে মহানবি (স.)-এর জীবনের কোন আদর্শকে অনুসরণ করা হয়েছে?**
K মদিনা সনদ L আকাবার শপথ
M হিলফুল ফুজুল N হুদাইবিয়ার সন্ধি

**৫. উক্ত আদর্শ গ্রহণের ফলে–**
i. ভ্রাতৃত্ববোধ সৃষ্টি হয়
ii. ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত হয়
iii. একতা বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. রিদ্দার যুদ্ধের অন্যতম কারণ কী?**
K যাকাত প্রদানের অস্বীকৃতি
L মুসলমানদের উপর আক্রমণের ভয়
M খলিফার আনুগত্য মেনে না নেওয়া
N মুসলমানদের অন্য দেশ জয়ের উচ্চাকাঙ্ক্ষা

**৭. হযরত আবু বকর (রা:) কোরআন সংগ্রহে উৎসাহিত হলেন কেন?**
K ভণ্ডনবিদের উৎপাত বৃদ্ধি পাওয়া
L কোরআনের আয়াত ভুলে যাওয়ার ভয়ে
M কোরআনের অনেক হাফেজ শহিদ হওয়ায়
N রাষ্ট্রীয় কাজে কোরআনের আইন প্রয়োগ করতে

**৮. ইসলামের ইতিহাসে মহাবীর খালিদ-বিন-ওয়ালিদ জন্মগ্রহণ করেন কোথায়?**
K মক্কা L মদিনা M ইরাক N তায়েফ

■ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
শাসক 'ক' ভৃত্য সহকারে উটের পিঠে চড়ে তার সেনাপতি কর্তৃক অবরুদ্ধ শহরের দিকে রওনা হন। পালাক্রমে তিনি ও তার ভৃত্য উটের পিঠে চড়ে শহরে উপস্থিত হলেন। শহরে প্রবেশকালে শাসক রশি ধরে আর ভৃত্য ছিল উটের পিঠে।

**৯. উদ্দীপকের সাথে কোন ঘটনার মিল রয়েছে?**
K জেরুজালেম অধিকার
L জেরুজালেমের নিরাপত্তা
M খ্রিষ্টানদের সাথে সন্ধি চুক্তি
N খ্রিষ্টান ও মুসলমানদের যুদ্ধ বিরতি

**১০. উক্ত ঘটনাটিতে শাসকের চরিত্রের যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে–**
i. ন্যায়বিচার
ii. মানবতাবোধ
iii. সাম্যবাদিতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. হযরত উসমান হত্যার অন্যতম প্রধান কারণ কী ছিল?**
K মুয়াবিয়ার ষড়যন্ত্র
L কুরাইশদের ষড়যন্ত্র
M মারওয়ানের ধ্বংসাত্মক নীতি
N আলী (রা:)-এর অসহযোগিতা

**১২. খারেজি কারা?**
K একটি ধর্মীয় দল L একটি যুক্তিবাদী দল
M একটি গুপ্তঘাতক দল N একটি রাজনৈতিক দল

**১৩. আলী ও মুয়াবিয়ার সংঘর্ষের মূল কারণ কী?**
K উমাইয়া-হাশেমি দ্বন্দ্ব
L মুয়াবিয়ার ক্ষমতার লোভ
M উসমান হত্যার প্রতিশোধ
N প্রাদেশিক শাসকদের অপসারণ

**১৪. দুমার সালিশির ফলে–**
i. খিলাফতের মর্যাদা ক্ষুণ্ন হয়
ii. মুসলিম ঐক্য প্রতিষ্ঠিত হয়
iii. বিভিন্ন সম্প্রদায়ের উদ্ভব হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৫. রাম মুসলিম রাষ্ট্রে বসবাস করে বলে যুদ্ধে যাওয়া থেকে রক্ষা পাওয়ার জন্য যে কর দেয় তা হলো–**
K উশর L খারাজ M জিজিয়া N আল ফে

**১৬. খিলাফতকে কেন্দ্র করে ইমাম হাসানের সাথে কার সংঘাত দেখা দেয়?**
K মারওয়ান L ইয়াজিদ
M মুয়াবিয়া N সুফিয়ান

**১৭. আবদুল মালিক ইসলামের ইতিহাসে একটি গৌরবদীপ্ত অধ্যায়ের সূচনা করেন–**
i. ডাক বিভাগের সংস্কার করে
ii. রাজস্ব ব্যবস্থার আমূল পরিবর্তন করে
iii. আরবিকে সরকারি ভাষার মর্যাদা দান করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. কোন মুসলিম সেনাপতি স্পেন বিজয় করেন?**
K ওকবা বিন নাফি L তারিক বিন জিয়াদ
M মুহাম্মদ বিন কাসিম N কুতাইবা বিন মুসলিম

■ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
উমাইয়া বংশের জনৈক শাসক, যার সময় অনেক কর মওকুফ করা হয়। অন্যায়ভাবে দখল করা সম্পত্তি বৈধ মালিককে ফেরত দেওয়া হয়।

**১৯. উদ্দীপকে কোন খলিফাকে ইঙ্গিত করা হয়েছে?**
K মুয়াবিয়া
L আল-ওয়ালিদ
M আবদুল মালিক
N ওমর বিন আবদুল আজিজ

**২০. উক্ত কর্মকাণ্ডে খলিফার যে গুণের প্রতিফলন দেখা যায় তা হলো–**
K দক্ষতা L সরলতা
M ন্যায়পরায়ণতা N দূরদর্শিতা

**২১. উমাইয়া বংশের শেষ কর্মদক্ষ খলিফা কে ছিলেন?**
K হিশাম L ওয়ালিদ
M ২য় ওমর N ২য় ইয়াজিদ

**২২. মাওয়ালিদেরকে বলা হতো–**
i. নবদীক্ষিত মুসলমান
ii. আশ্রিত
iii. দ্বিতীয় শ্রেণির নাগরিক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. আবুল আব্বাস বজ্রকঠিন শপথ গ্রহণ করেছিলেন কেন?**
K ক্ষমতা লাভের জন্য
L নিজের আদর্শ প্রতিষ্ঠার জন্য
M ভাইয়ের মৃত্যুর প্রতিশোধের জন্য
N উমাইয়াদের উপর প্রতিশোধের জন্য

**২৪. খলিফা আল মনসুর আরবদের বাজপাখি উপাধি দিয়েছিলেন কাকে?**
K আবুল আব্বাস
L আবদুর রহমান আদ দাখিল
M আবদুর রহমান আল নাসের
N আবদুর রহমান আল আসওয়াদ

**২৫. নিবেদিতা বাংলাদেশের 'জোয়ান-অব-আর্ক' নামে পরিচিত। এখানে উল্লিখিত চরিত্রের সাথে আব্বাসি খিলাফতের কোন চরিত্রের মিল রয়েছে?**
K খায়জুরান L জুবায়দা
M লায়লা N তারুবা

**২৬. খলিফা হারুন-অর-রশিদ কত খ্রিষ্টাব্দে বাগদাদের সিংহাসনে আরোহণ করেন?**
K ৭৮০ L ৭৫০ M ৭৮৫ N ৭৮৬

**২৭. ঐতিহাসিক খালদুনের মতে বার্মাকি পরিবারের পতনের অন্যতম কারণ ছিল রাজ্য শাসনে তাদের সীমাহীন–**
i. দুর্নীতি
ii. জনপ্রিয়তা
iii. প্রভাব-প্রতিপত্তি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৮. আমিন মামুনের সাথে যুদ্ধে লিপ্ত হয়েছিলেন কেন?**
K ক্ষমতা লাভের জন্য
L শান্তি প্রতিষ্ঠার জন্য
M রাজ্য বিস্তারের জন্য
N বিদ্রোহ দমনের জন্য

**২৯. বুয়াইয়া রাজবংশের প্রতিষ্ঠাতা কে?**
K মুইজউদ্দৌলা L হাসান সাবাহ
M নিজাম-উল-মুলক N আবু সুজা বুয়াইয়া

**৩০. ক্রুসেড অর্থ কী?**
K ধর্মযুদ্ধ L মল্লযুদ্ধ
M নিরাপত্তা N ক্রুশ চিহ্ন

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | L | ৪ | K | ৫ | N | ৬ | K | ৭ | M | ৮ | K | ৯ | K | ১০ | M | ১১ | M | ১২ | K | ১৩ | K | ১৪ | L | ১৫ | M |
| ১৬ | M | ১৭ | N | ১৮ | L | ১৯ | N | ২০ | M | ২১ | K | ২২ | K | ২৩ | N | ২৪ | L | ২৫ | M | ২৬ | N | ২৭ | M | ২৮ | K | ২৯ | N | ৩০ | K |

## ১৪ শহীদ বীর বিক্রম রমিজ উদ্দীন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা

### ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. খোলাফায়ে রাশেদিনের শাসনকাল কত বছর ছিল?**
K ৪০ বছর L ৩০ বছর
M ৩৫ বছর N ৫০ বছর

**২. হযরত আবু বকর (রা.)-কে ইসলামের ত্রাণকর্তা বলা হয়, কারণ—**
K তিনি প্রথম ইসলাম গ্রহণ করেছেন
L তিনি সবসময় রাসূল (রা.)-এর সঙ্গে ছিলেন
M তিনি অরাজক ও বিশৃঙ্খলাপূর্ণ অবস্থায় ইসলামকে রক্ষা করেছেন
N তিনি পরম সত্যবাদী ছিলেন

**৩. কুরাইশ শব্দের অর্থ কী?**
K সওদাগর
L রাজনীতিবিদ
M ধর্মপ্রচারক
N মহান বীর

**৪. কাকে যুন্নুরাইন বলা হয়?**
K হযরত আবু বকর (রা.)
L হযরত উমর (রা.)
M হযরত আলী (রা.)
N হযরত উসমান (রা.)

**৫. উমাইয়া বংশের কোন শাসক কে 'রাজেন্দ্র' বলা হয়?**
K মুয়াবিয়া
L আব্দুল মালিক
M আল ওয়ালিদ
N ওমর বিন আব্দুল আজিজ

**৬. উমাইয়া যুগের সর্বশেষ খলিফা ছিলেন—**
K দ্বিতীয় ইয়াজিদ
L তৃতীয় ইয়াজিদ
M দ্বিতীয় ওয়ালিদ
N দ্বিতীয় মারওয়ান

**৭. উমাইয়া খিলাফতের মোট কতজন শাসক?**
K ১৪
L ১৬
M ১৭
N ১৮

**৮. পিরামিড নির্মাণের মূল উদ্দেশ্য কী?**
K ঐশ্বর্য প্রদর্শন
L মৃতদেহ সংরক্ষণ
M বিপদে আশ্রয়গ্রহণ
N শাসনকার্য পরিচালনা

**৯. মরু অঞ্চলের সবচেয়ে প্রয়োজনীয় জন্তু কোনটি?**
K ঘোড়া L উট
M দুম্বা N মেষ

**১০. কোন রাজা সমগ্র মিশরকে একত্রিত করে একটি একক রাষ্ট্রব্যবস্থা গড়ে তোলেন?**
K হাম্মুরাবি L কনফুসিয়াস
M মেনেস N ডাভ যুষ্ট্র

**১১. আব্বাসীয় খিলাফত কত খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়?**
K ৭৫৬ খ্রি. L ৭৫০ খ্রি.
M ৭০৫ খ্রি. N ৭৪৪ খ্রি.

**১২. ক্রুসেড কী?**
K ধর্মযুদ্ধ L গৃহযুদ্ধ
M ধর্মীয় চিহ্ন N স্বাধীনতা যুদ্ধ

**১৩. বায়তুল হিকমাহ কী?**
K গবেষণার জ্ঞানমন্দির
L রাজপ্রাসাদ
M প্রমোদ তৈরি
N এক ধরনের স্থাপত্য

**১৪. 'নহরে জুবাইদা' খননের প্রধান উদ্দেশ্য কী ছিল?**
K নৌযোগাযোগের জন্য
L পানির কষ্ট দূর করতে
M সুনাম অর্জনের নিমিত্তে
N খলিফার নির্দেশ পালন করতে

**১৫. আরবীয়রা তাদের জন্মস্থানের নাম 'জাজিরাতুল আরব' রেখেছে—**
K অধিকাংশ এলাকা মরুভূমি আছে বলে
L বহির্বিশ্বে বিচ্ছিন্ন বলে
M তিনটি মহাদেশের মিলনস্থলে অবস্থিত বলে
N আল মরুভূমি নাম অনুসরণে

**১৬. খাতামুন নাবিয়িন অর্থ কী?**
K সর্বশেষ নবি
L সিলমোহর
M নবুয়ত
N নবুয়তের সিলমোহর

**১৭. বদর যুদ্ধে বিজয় হযরত (সা.)-কে মর্যাদা দান করে একজন—**
i. পরাক্রমশীল যোদ্ধা হিসেবে
ii. সুদক্ষ সমরনায়ক হিসেবে
iii. বিচক্ষণ শাসক হিসেবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. রিদ্দা যুদ্ধের কারণ হলো—**
i. স্বধর্মত্যাগীদের বিদ্রোহ
ii. ভণ্ডনবিদের আবির্ভাব
iii. নারীর অধিকার প্রতিষ্ঠা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৯. 'কুব্বাতুস সাখরা' কে নির্মাণ করেন?**
K মুয়াবিয়া (রা.)
L ইয়াজিদ
M আব্দুল মালিক
N ওমর বিন আব্দুল আজিজ

■ **উদ্দীপকটি পড়ে ২০ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
আমাদের গ্রামের রুমান ছিল সকলের নয়নমনি। তাকে অনেকেই রূপকথার রাজা বলে ভাবত। তার চরিত্রে নানা গুণের সমাবেশ ছিল। কঠোরতা ও কোমলতার তার চরিত্রে অপূর্ব সংমিশ্রণ ঘটেছিল। সে নিষ্ঠার সাথে সকল কর্তব্য পালন করত। ব্যক্তিগত জীবনের সে ছিল দানবীর, ধর্মভীরু ও দয়ালু।

**২০. অনুচ্ছেদে উল্লিখিত রুমান চরিত্রের সাথে কোন শাসকের চারিত্রিক মিল রয়েছে?**
K আল আমিনের
L আল মামুনের
M ইমাম মাহদীর
N হারুন-অর-রশিদের

**২১. উক্ত শাসক হিসেবে ছিলেন—**
i. অত্যাচারী
ii. জনদরদি
iii. প্রজাবৎসল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২২. আরবদের কোন প্রদেশকে সুখী আরবভূমি বলে?**
K হেজাজ L ইয়েমেন
M হাজরামাউত N ওমান

**২৩. জাজিরাতুল আরবের—**
i. পূর্বদিকে পারস্য উপসাগর
ii. পশ্চিমে লোহিত সাগর
iii. দক্ষিণে ভারত মহাসাগর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৪. আইয়াম শব্দের অর্থ কী?**
K দিন L যুগ
M মাস N বছর

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলা একাডেমি প্রাঙ্গণে প্রতিবছর একুশে বইমেলা অনুষ্ঠিত হয়। মেলা শুরু থেকে দেশের খ্যাতিমান কবি সাহিত্যিকদের কবিতার পাঠের আসর হয়। সেখানে যে কবিতা শীর্ষস্থান লাভ করে, সে কবিতা দেয়ালে লাগিয়ে রাখা হয়।

**২৫. অনুচ্ছেদে উল্লিখিত কবিতা পাঠের আসর জাহিলিয়া যুগের কোন মেলার সাথে সামঞ্জস্যশীল? সে মেলাকে Academic Franchise বলে আখ্যায়িত করেন—**
K প্লেটো L ইবনে বতুতা
M হিট্টি N ইবনে খালদুন

**২৬. অনুচ্ছেদে উল্লিখিত সোনালি হরফে লিপিবদ্ধ সাত কাব্যের রচয়িতা হলেন—**
i. লাবিদ বিন রাবিয়া
ii. আলী (রা.)
iii. ইমরুল কায়েস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৭. মহানবি (সা.)-কে প্রথম 'প্রতিশ্রুত নবি' হিসেবে শনাক্ত করেন কে?**
K বাহিরা L ওরাকা
M উবায়দুল্লাহ N আবু জেহেল

**২৮. কোন যুদ্ধের পরিপ্রেক্ষিতে হিলফুল ফুজুল গঠন করা হয়?**
K বদর L উহুদ
M হারবুল ফিজ্জার N রফসের যুদ্ধ

**২৯. মুসলমানদের আবিসিনিয়া হিজরতের সময় সেখানকার রাজা কে ছিলেন?**
K আবরাহা L নাজ্জাসি
M বাহিরা N সুলেমান

**৩০. 'মৃত্যুর বাগান' বলা হয় কোন যুদ্ধকে?**
K ইয়ামামার L কাদিসিয়ার
M নামারিকের N মুতার

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | K | ৪ | N | ৫ | L | ৬ | N | ৭ | K | ৮ | L | ৯ | L | ১০ | M | ১১ | L | ১২ | K | ১৩ | K | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | N | ১৭ | N | ১৮ | K | ১৯ | M | ২০ | N | ২১ | L | ২২ | L | ২৩ | N | ২৪ | L | ২৫ | M | ২৬ | M | ২৭ | K | ২৮ | M | ২৯ | L | ৩০ | K |

## ১৫ ✓ গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ [প্রস্তুতিমূলক পরীক্ষা ২০২২]

### ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. কোন রাজা সমগ্র মিসরকে একত্রিত করে একটি একক রাষ্ট্র গড়ে তোলেন?**
K ডেরিয়াস L ইখনাটন
M মেনেস N ডুংরি

**২. 'মেসোপটেমিয়া' শব্দের অর্থ কী?**
K তিন নদীর মধ্যবর্তী স্থান
L নদী তীরবর্তী উর্বর ভূমি
M দুই নদীর মধ্যবর্তী স্থান
N নদীবিধৌত সমভূমি

**৩. সাবআ-মুয়াল্লাকাত কী?**
K ঘোড়দৌড় L ঝুলন্ত কবিতা
M বংশবৃত্তান্ত N মরুগীত

**৪. উটকে মরুভূমির জাহাজ বলা হয় কেন?**
i. অধিক কষ্টসহিষ্ণু বলে
ii. অনেক দিন পানি পান না করে থাকতে পারে তাই
iii. যাতায়াতের প্রধান বাহন বলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৩। চীন ও তিব্বতের মধ্যবর্তী একটি স্থানের নাম মঙ্গোলীয়া। এই স্থানেই বিখ্যাত এক বীরের জন্ম হয়। মধ্য এশিয়ার ইতিহাসে অনন্যসাধারণ প্রতিভাসম্পন্ন এই মঙ্গোলীয়ান বীর হালাকু খানের নাম সর্বাগ্রে। তিনি তার পিতা টুলি খানের কাছ থেকে ১২৫৬ খ্রিষ্টাব্দে উক্ত অঞ্চলের শাসন ক্ষমতা লাভ করেন এবং ১২৫৮ খ্রিষ্টাব্দে বাগদাদে অভিযান পরিচালনা করে তা ধ্বংস করেন। পরবর্তীতে সেখানে তিনি একটি নতুন এবং স্থায়ী রাজবংশ প্রতিষ্ঠা করতে সক্ষম হন। তার প্রতিষ্ঠিত রাজবংশের নামকরণ করা হয় ইলখানী রাজবংশ।

ক. 'জাহান সুজ' কার উপাধি? ১
খ. সতীদাহ প্রথা কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মঙ্গোলীয়ান বীর হালাকু খানের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন বীরের/শাসকের প্রতি ইঙ্গিত করা হয়েছে? আলোচনা কর। ৩
ঘ. তোমার পঠিত উক্ত বীর/শাসক কর্তৃক ভারতে একটি স্থায়ী মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠার বিবরণ দাও। ৪

৪। প্রাথমিক জীবনে তৈমুর লং সিস্তান অভিযানকালে নির্বিঘ্নে রাজধানীতে প্রবেশ করেন। সিস্তান অধিপতি রাজধানী ছেড়ে অন্যত্র আশ্রয় নেন। তৈমুর যখন নিশ্চিন্তে রাজধানীতে বিশ্রামরত তখন সিস্তানের সৈন্যরা তাকে ঘিরে ফেলে। এরূপ অতর্কিত আক্রমণে তৈমুর লং পরাজিত হয়ে কোনোমতে প্রাণ নিয়ে পালিয়ে যান। এমনকি কিছুদিনের জন্য তিনি রাজ্যহারা হন।

ক. 'বাবর' শব্দের অর্থ কী? ১
খ. কবুলিয়ত ও পাট্টা বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সিস্তান অভিযানের সাথে মুঘল সম্রাট হুমায়ুনের কোন অভিযানের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত যুদ্ধের ফলাফল মূল্যায়ন কর। ৪

৫। খলিফা আল হাকিম তার রাজ্যের সকল ধর্মাবলম্বীকে একই পতাকাতলে আনার জন্য একটি নতুন ধর্মমতের প্রচলন করেন। কিন্তু সর্বসাধারণের মধ্যে এই ধর্মমত জনপ্রিয় না হওয়ায় অনেকেই প্রত্যাখ্যান করেন। তার জীবদ্দশায় কতিপয় ব্যক্তি এই ধর্মমত গ্রহণ করলেও তার মৃত্যুর সাথে সাথে এর ইতি ঘটে। তথাপি ইতিহাসে তাকে 'Al Hakim the Great' নামে অভিহিত করা হয়।

ক. পানিপথের দ্বিতীয় যুদ্ধ কত খ্রিষ্টাব্দে সংঘটিত হয়? ১
খ. 'মনসবদারি প্রথা' কী? ২
গ. উদ্দীপকে বর্ণিত শাসকের সাথে কোন মুঘল শাসকের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. তোমার পাঠ্যবইয়ের আলোকে উক্ত মুঘল শাসকের ধর্মনীতি পর্যালোচনা কর। ৪

৬। 

ক. নুরজাহানের প্রকৃত নাম কী? ১
খ. 'বাবুর-নামা' কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের চিত্রটি কোন মুঘল সম্রাটের স্থাপত্যকর্মের নিদর্শন? ব্যাখ্যা কর। ৩
ঘ. স্থাপত্য শিল্প উক্ত শাসকের অবদান মূল্যায়ন কর। ৪

৭। জহিরুল ইসলাম সাহেব একটি স্বনামধন্য কোম্পানির মালিক। তিনি শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়লে কোম্পানির মালিকানা নিয়ে তার পুত্রদের মধ্যে দ্বন্দ্ব শুরু হয়। এক ভাই অন্য ভাইয়ের প্রতি ঈর্ষান্বিত হয়ে পিতার মনকে ভারাক্রান্ত করে তোলে। পরবর্তীকালে ভ্রাতৃদ্বন্দ্ব প্রকট আকার ধারণ করে রক্তক্ষয়ী সংঘর্ষে রূপ নেয়। পরবর্তীতে বিজয়ী ভ্রাতা কোম্পানিটিকে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রতিষ্ঠানের পরিণত করেন।

ক. সর্বশেষ মুঘল সম্রাটের নাম কী? ১
খ. 'ময়ূর সিংহাসন' কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের উত্তরাধিকার দ্বন্দ্ব মুঘল আমলের কোন সম্রাটের রাজত্বকালের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ভ্রাতৃদ্বন্দ্বে সম্রাটের বিজয়ী পুত্রের সফলতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। ১৯৫৭ সালে ইংল্যান্ডের শাসন ক্ষমতায় আসেন হ্যারল্ড ম্যাকমিলান। সমসাময়িককালে আয়ারল্যান্ডবাসীর জীবনে চরম দুঃখ-দুর্দশা নেমে আসে। এ অবস্থা হতে পরিত্রাণের জন্য এগিয়ে আসেন একজন মহাননেতা— শন ম্যাকব্রাইড। তিনি আয়ারল্যান্ডবাসীর মুক্তির আশায় স্বাধিকার ও স্বায়ত্তশাসনের দাবি তুলে ধরেন। বেশকিছু দাবি নিয়ে আন্দোলন শুরু হলে চতুর হ্যারল্ড ম্যাকমিলান তাদের দমনে একটি মিথ্যা ষড়যন্ত্রমূলক মামলার আশ্রয় নেন। ফলশ্রুতিতে আন্দোলন আরও বেগবান হয় এবং ১৯৬৩ সালে তিনি পদত্যাগে বাধ্য হন।


ক. মৌলিক গণতন্ত্রের আদেশ জারি করেন কে? ১
খ. বাঙালি জাতির মুক্তির সনদ বলা হয় কোনটিকে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত ষড়যন্ত্রমূলক মামলা তোমার পাঠ্যবইয়ের কোন ষড়যন্ত্রমূলক মামলার সাথে সাদৃশ্যপূর্ণ। ব্যাখ্যা কর। ৩
ঘ. পাঠ্যপুস্তকের আলোকে উক্ত মামলাটির কার্যক্রম ও ফলাফল পর্যালোচনা কর। ৪

৯। 

ক. বঙ্গবন্ধু কবে এবং কোথায় জন্মগ্রহণ করেন? ১
খ. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের চিত্রগুলো আমাদের জাতীয় জীবনের কোন গুরুত্বপূর্ণ ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের উক্ত ঘটনাই আমাদের স্বাধীনতার পথকে ত্বরান্বিত করেছিল"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১০। দক্ষিণ আফ্রিকার গণতান্ত্রিক ইতিহাসে নেলসন ম্যান্ডেলা একটি স্মরণীয় নাম। রাজনীতির ক্ষেত্রে তিনি বিশ্বে অনন্য প্রতিভার স্বাক্ষর রেখেছেন। কৃষ্ণাঙ্গ হয়েও তিনি দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট পদে আসীন হন। স্বৈরাচারী শাসকের শোষণের হাত থেকে তিনি নিপীড়িত মানুষকে মুক্তি দিয়েছেন। পৃথিবীর গণতন্ত্র ও মুক্তিকামী মানুষের কাছে আজও তিনি অমর এবং চিরস্মরণীয় হয়ে আছেন।

ক. বাংলাদেশের সাংবিধানিক নাম কী? ১
খ. মুক্তিযুদ্ধে সাবেক সোভিয়েত ইউনিয়নের ভূমিকা ছিল বিশেষ তাৎপর্যপূর্ণ— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত নেলসন ম্যান্ডেলার কর্মকাণ্ডের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন মহান নেতার কর্মকাণ্ডের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তোমার পঠিত উক্ত মহান নেতার বলিষ্ঠ ও আপসহীন নেতৃত্বে বাঙালি জাতি স্বাধীনতা লাভ করেছে— পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। 

ক. বাংলাদেশের জাতীয় দিবস কত তারিখে পালন করা হয়? ১
খ. আমাদের মহান মুক্তিযুদ্ধে রাজাকার-আলবদর বাহিনীর ভূমিকা কী ছিল? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের চিত্রটি কোন ঐতিহাসিক ঘটনার সাক্ষী? আলোচনা কর। ৩
ঘ. উক্ত ঐতিহাসিক ঘটনার তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

# ২ রাজশাহী, যশোর, কুমিল্লা বোর্ড ২০২২

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জনাব ইমরান চৌধুরী দক্ষিণাঞ্চলের বন্যাদুর্গতদের সাহায্য করার জন্য লঞ্চে ত্রাণসামগ্রী পাঠায়। পথিমধ্যে দুর্বৃত্তরা ত্রাণবাহী লঞ্চ ছিনতাই করে। অভিযোগ পেশ করার পরও দুর্বৃত্তদের গ্রেফতার ও মালামাল উদ্ধার হয় নাই। তদসত্ত্বেও তিনি স্থানীয় জেলা প্রশাসনের কাছে এর আশু বিচারসহ ক্ষতিপূরণ দাবি করেন। এর যথাযথ জবাব ও ক্ষতিপূরণ লাভে ব্যর্থ হলে তার মনে ক্ষোভের সঞ্চার হয়।

ক. গজনী বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? ১
খ. তরাইনের ১ম যুদ্ধ কেন হয়েছিল? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঘটনায় মুসলমানদের কোন অভিযানের চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ঘটনাকে কি 'নিষ্ফল বিজয়' বলে আখ্যায়িত করা যায়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২ ▸ সুলতান আলম বারবার অন্য দেশে অভিযান পরিচালনা করেন। প্রায় প্রতিবারই তিনি জয়লাভ করে ধনসম্পদসহ রাজ্যে ফিরে আসেন। তার রাজ্যকে একটি সমৃদ্ধিশালী রাজ্যে পরিণত করাই ছিল এই অভিযানসমূহের মূল উদ্দেশ্য।

ক. ভারতে স্বাধীন মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন কেন? ১
খ. আরবদের সিন্ধু বিজয়ের কারণ কী? ২
গ. উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে তোমার পঠিত কোন শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উক্ত শাসক শুধু সেনানায়কই ছিলেন না, একটি রাজ্যের প্রতিষ্ঠাতাও ছিলেন"— বিশ্লেষণ কর। ৪

৩ ▸ সুলতান নাসিরউদ্দিন ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার পর সাম্রাজ্যের অভ্যন্তরীণ সকল সমস্যা সমাধান করেন। তিনি অন্য একটি রাজ্যকে জয় করার অভিপ্রায় ব্যক্ত করেন। ১ম যুদ্ধে তিনি প্রতিপক্ষের নিকট পরাজিত হন। এই পরাজয়ের গ্লানি মোচনের জন্য তিনি পরবর্তী বছর ২য় যুদ্ধে অবতীর্ণ হন। প্রতিপক্ষের সৈন্য সংখ্যা অধিক হওয়া সত্ত্বেও তাদেরকে শোচনীয়ভাবে পরাজিত করেন। তিনি বিজয়ীর গৌরব অর্জন করেন এবং স্থায়ী রাজত্ব প্রতিষ্ঠা করতে সক্ষম হন।

ক. সোমনাথ মন্দির কোথায় অবস্থিত? ১
খ. সিন্ধু বিজয়ের প্রকৃত কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত যুদ্ধ তোমার পাঠ্যবইয়ের কোন যুদ্ধের সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের দ্বিতীয় যুদ্ধ ছিল 'চূড়ান্ত নিষ্পত্তিকারী যুদ্ধ'— বিশ্লেষণ কর। ৪

৪ ▸ আশরাফ চৌধুরী পৈতৃকসূত্রে প্রাপ্ত একটি ক্ষুদ্র অঞ্চলের অধিপতি ছিলেন। কিন্তু নিকট আত্মীয়দের ষড়যন্ত্রের কারণে ঐ রাজ্য তার হাতছাড়া হয়ে যায়। পরবর্তীতে তিনি অভ্যন্তরীণ দুর্বলতার সুযোগ নিয়ে পার্শ্ববর্তী রাজ্য আক্রমণ করেন। উন্নত রণকৌশল ও কামান ব্যবহার করে তিনি প্রতিবেশীর বিশাল সেনাবাহিনীকে যুদ্ধে পরাজিত করতে সক্ষম হন। একটি সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করার গৌরব অর্জন করেন।

ক. হুমায়ুন কত সালে সিংহাসনে বসেন? ১
খ. গ্রান্ড ট্রাংক রোড সম্পর্কে টীকা লেখ। ২
গ. উদ্দীপকের সাথে ভারতবর্ষের কোন শাসকের মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে উক্ত শাসকের কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

৫ ▸ এক মুঘল সম্রাটের নামের অর্থ ছিল সৌভাগ্যবান। সম্রাট হিসেবে রাষ্ট্র পরিচালনায় তিনি প্রথম জীবনে ব্যর্থ হয়েছিলেন। পরবর্তীতে আফগান নেতা সোলায়মানের সাথে সংঘর্ষে জড়িয়ে পড়ে ভারতবর্ষ ত্যাগ করতে বাধ্য হন। তবে জীবনের শেষ পর্যায়ে তিনি পিতৃরাজ্য পুনরুদ্ধার করতে সক্ষম হয়েছিলেন।

ক. পানিপথের দ্বিতীয় যুদ্ধ কত সালে সংঘটিত হয়? ১
খ. 'দীন-ই-ইলাহী' বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে ভারতবর্ষের কোন যুদ্ধের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মোঘল-আফগান যুদ্ধে শেরশাহের সফলতার কারণসমূহ বিশ্লেষণ কর। ৪

৬ ▸ সালমান সাহেব একজন চেয়ারম্যান ছিলেন। তার এলাকার অধিকাংশ মানুষ ছিল ভিন্ন ধর্মাবলম্বী। তিনি বুঝতে পারলেন, সংখ্যাগরিষ্ঠ জনগণকে অসন্তুষ্ট রেখে এলাকার উন্নয়ন করা সম্ভব নয়। তাই তিনি ভিন্ন ধর্মের এক রমণীকে বিয়ে করলেন এবং উক্ত সম্প্রদায়ের ধর্মীয় আচার-অনুষ্ঠান পালনের সুব্যবস্থা করে দিলেন। ফলে উক্ত সম্প্রদায়ের সাথে সালমান সাহেবের সুসম্পর্ক গড়ে ওঠে।

ক. কোন শব্দ থেকে 'মুঘল' শব্দটির উৎপত্তি হয়েছে? ১
খ. কবুলিয়ত ও পাট্টা কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন মুঘল সম্রাটের কোন নীতির কথা ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত নীতির ফলাফল বিশ্লেষণ কর। ৪

৭ ▸ জামান চৌধুরীর শাসনকালের শেষদিকের অবস্থা ভালো ছিল না। তার চার পুত্রের মধ্যে সিংহাসনের উত্তরাধিকারকে কেন্দ্র করে ব্যাপক দ্বন্দ্ব হয়। পুত্রদের মধ্যে একজন ক্ষমতা দখল করে চৌধুরী সাহেবকে বন্দি করেন। বন্দি অবস্থায় দশ বছর অতিবাহিত হবার পর তিনি মৃত্যুবরণ করেন।

ক. নূরজাহানের প্রকৃত নাম কী? ১
খ. সম্রাট আওরঙ্গজেবকে 'জিন্দাপীর' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে মুঘল সম্রাটের সময়ের উত্তরাধিকার দ্বন্দ্বের মিল রয়েছে— ব্যাখ্যা কর। ৩
ঘ. তোমার পাঠ্যবইয়ের আলোকে উক্ত উত্তরাধিকার দ্বন্দ্বের মূল কারণ বিশ্লেষণ কর। ৪

৮ ▸ সুমনের বাবা বলল, শহিদ মিনার, প্রভাতফেরী এসব অর্থহীন আনুষ্ঠানিকতা বা লৌকিকতা নয়। এর রয়েছে অধিকার প্রতিষ্ঠার বিরাট এক গৌরবময় ইতিহাস। সেই ইতিহাস রক্ত দানের। রক্ত ঢেলে দিয়েছিল— সালাম, বরকতসহ আরও অনেক সংগ্রামী যুবক।

ক. বঙ্গভঙ্গ রদ হয় কত সালে? ১
খ. লাহোর প্রস্তাবের মূল বিষয় কী ছিল? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বাংলাদেশের কোন আন্দোলনের প্রতি ইঙ্গিত করা হয়েছে? আন্দোলনের ঘটনাপ্রবাহ সংক্ষেপে বর্ণনা কর। ৩
ঘ. উক্ত আন্দোলনের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৯ ▸ পশ্চিম পাকিস্তানি শাসকগোষ্ঠী পূর্ব পাকিস্তানিদের ওপর চরম নির্যাতন চালাত। তারা সকল প্রকার ব্যাংক, বিমা ও বাণিজ্যিক কেন্দ্রগুলো পশ্চিম পাকিস্তানে গড়ে তুলেছিল। পূর্ব পাকিস্তানের সস্তা কাঁচামাল দিয়ে তাদের অধিকাংশ বাণিজ্য কেন্দ্র ও কলকারখানা চালাত। ফলে সহজেই সম্পদ পশ্চিম পাকিস্তানে পাচার হয়ে যেত। এ কারণেই পূর্ব পাকিস্তানের জনগণ কখনই আলোর মুখ দেখেনি।

ক. কত সালে আওয়ামী লীগ গঠিত হয়? ১
খ. 'আগরতলা ষড়যন্ত্র' মামলা বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে পূর্ব পাকিস্তানের ওপর কোন কোন ক্ষেত্রে বৈষম্যের চিত্র প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বৈষম্যের ফলেই "পূর্ব পাকিস্তান সর্বদাই পশ্চিম পাকিস্তানের ওপর নির্ভরশীল ছিল"— মন্তব্যটি মূল পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনৈক ব্যক্তির জন্ম ১৯৭১ সালের মার্চ মাসের একটি নির্দিষ্ট তারিখে। উক্ত তারিখে তার বাবাসহ শত শত বাঙালিকে পাকিস্তানি সৈন্যরা গণহত্যা করেছিল। দুঃখের সেই স্মৃতি তাকে কাঁদায়। ছাত্র, শিক্ষক, ডাক্তার, সাংবাদিকসহ কোনো বুদ্ধিজীবীই গণহত্যা থেকে রেহাই পায়নি।

ক. ছয়দফা কে উত্থাপন করেন? ১
খ. ১৯৭০ এর নির্বাচনে আওয়ামী লীগ জয়লাভ করেছিল কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের হত্যাকাণ্ডের আলোকে তোমার পাঠ্যপুস্তকের কোন হত্যাকাণ্ডের মিল রয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. 'উক্ত হত্যাকাণ্ড ছিল জাতীয় মেধাশূন্য করা নীল নকশা'— বিশ্লেষণ কর। ৪

১১ ▸ আমাদের এই মাতৃভূমিকে ভালোবাসে না এমন একটি মানুষও পাওয়া যাবে না। তবে কেউ কেউ মাতৃভূমিকে অনেক বেশি ভালোবেসেছেন। শহিদ তিতুমীর তেমনি একজন ব্যক্তিত্ব। দেশমাতৃকার জন্য তাদের অবদান চিরস্মরণীয়। তাদের আত্মত্যাগ, দেশপ্রেম আমাদের জন্য অনুকরণীয়। তিনি নিজের জীবন দিয়ে বাংলাদেশের ইতিহাসে অমর হয়ে আছেন।

ক. ভারত কখন বাংলাদেশকে স্বাধীন হিসেবে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি প্রদান করে? ১
খ. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ বাংলার ইতিহাসে অবিস্মরণীয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. তিতুমীরের জীবনের ঘটনাবলির সাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কোন ঘটনাবলির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'তিতুমীরের মতো বঙ্গবন্ধু বাংলাদেশের ইতিহাসে অমর হয়ে রয়েছেন'— এ উক্তিটির সপক্ষে তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ৩ ঢাকা, রাজশাহী, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২১

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ প্রাচীনকাল হতেই দেশের শিল্প নগরীর সাথে ছোট শহর-বন্দরের মধ্যে নৌপথে বাণিজ্যিক পণ্য পরিবহনের পাশাপাশি একটা সাংস্কৃতিক যোগাযোগও গড়ে ওঠে। ঐতিহ্যের ধারাবাহিকতায় বড় ব্যবসায়ী ইসমত সাহেব নরসিংদী শহর থেকে সাতটি জাহাজে করে শিল্পের কাঁচামাল, কিছু শ্রমিক, উপঢৌকন ও ব্যবসায়ের অর্থ ঢাকায় পাঠাচ্ছিলেন। জাহাজগুলো নারায়ণগঞ্জ আসলে একদল ডাকাত কর্তৃক মালামাল লুণ্ঠিত হয়। ইসমত সাহেব নারায়ণগঞ্জ প্রশাসনের কাছে এর আশু বিচারসহ ক্ষতিপূরণ দাবি করেন। কিন্তু এর যথাযথ জবাব ও ক্ষতিপূরণ লাভে তিনি ব্যর্থ হন। এতে মালামাল গ্রহীতার মনে ক্ষোভ দেখা দেয়।

ক. আরবদের সিন্ধু বিজয়ী বীরের নাম কী? ১

খ. রাজা দাহিরের স্ত্রী 'জওহর ব্রত' পালন করেন কেন? ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনাটি প্রাক-সালতানাত যুগের কোন বিজয়াভিযানের সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিজয়কে কি 'নিষ্ফল বিজয়' বলে আখ্যায়িত করা যায়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

২ ▶ মোঙ্গল নেতা কুবলাই খান মধ্য এশিয়ার বারবার অভিযান পরিচালনা করতেন। কিন্তু তিনি সেসব অভিযানে বিজয়ী হয়ে সেখানে আধিপত্য বিস্তার না করে বরং সেখানকার ধনসম্পদ লুটতরাজ করে নিয়ে রাজধানী পিকিংকে সমৃদ্ধিশালী করতেন। কুবলাই খান শিল্প-সাহিত্যের সমঝদার ছিলেন। তিনি একজন কবিকে দিয়ে কাব্যগ্রন্থ লিখিয়ে তার পারিশ্রমিক ওয়াদামত প্রদান করেননি।

ক. সুলতান মাহমুদ কোথাকার সুলতান ছিলেন? ১

খ. সুলতান মাহমুদের 'সোমনাথ মন্দির' বিজয় ইতিহাসে বিখ্যাত কেন? ২

গ. উদ্দীপকের মহাকাব্য বিষয়ক ঘটনাটি সুলতান মাহমুদের কোন ঘটনার প্রতি ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর কুবলাই খানের মতো সুলতান মাহমুদও একই উদ্দেশ্যে বারবার ভারত অভিযান পরিচালনা করেছিলেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩ ▶ অটোমান সুলতান দ্বিতীয় মুরাদ ইউরোপীয় রাষ্ট্রবর্গের সম্মিলিত শক্তির নেতৃত্বদানকারী হাঙ্গেরির বিখ্যাত সেনাপতি হুনিয়াদির কাছে যুদ্ধে হেরে যান এবং সন্ধি করতে বাধ্য হন। পরে ইউরোপীয় শক্তিবর্গ সন্ধি ভঙ্গ করেন এবং ভার্না নগরী অবরোধ করেন। সুলতান মুরাদ হুনিয়াদিকে উপযুক্ত শাস্তি দেওয়ার জন্য চল্লিশ হাজার সৈন্য নিয়ে ভার্নায় উপস্থিত হন। ১৪৪৪ খ্রিষ্টাব্দে উভয় বাহিনীর মধ্যে তুমুল যুদ্ধ সংঘটিত হয়। হুনিয়াদি পরাস্ত হন এবং হাঙ্গেরির রাজা নিহত হন। এভাবে সুলতান মুরাদ প্রথম যুদ্ধে হুনিয়াদির কছে হেরে যাওয়ার প্রতিশোধ নিলেন। ফলে উত্তর ইউরোপীয় অটোমান অংশ আশঙ্কামুক্ত হলো।

ক. পৃথ্বিরাজ কোন বংশের রাজা ছিলেন? ১

খ. রাজা পৃথ্বিরাজের সাথে রাজা জয়চন্দ্রের দ্বন্দ্বের কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত ভার্নার যুদ্ধের সাথে মুহাম্মদ ঘুরী পরিচালিত কোন যুদ্ধের মিল খুঁজে পাও? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের যুদ্ধের ফলাফলের সাথে মুহম্মদ ঘুরীর উক্ত যুদ্ধের ফলাফলের পার্থক্য ছিল— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ পৃথিবীর দীর্ঘ সময় ঘটা ভাষা আন্দোলনের মধ্যে মানভূমের বাংলা ভাষা আন্দোলন একটি। ১৯৪৮ হতে ১৯৫৬ সালের মধ্যে এই আন্দোলন তীব্রভাবে ছড়িয়ে পড়ে মানভূমের বাঙালিদের মধ্যে। ১৯৫৬ সালের আগে পুরুলিয়া জেলা বিহারের অন্তর্ভুক্ত ছিল। সেই সময় রাজনৈতিকভাবে স্কুল-কলেজ ও সরকারি দপ্তরে হিন্দি চাপিয়ে দেওয়ার চেষ্টা করা হয়। জাতীয় কংগ্রেসের বাংলাভাষী সদস্যদের দ্বারা হিন্দির বিরুদ্ধে আন্দোলনের চেষ্টা ব্যর্থ হয়। গঠিত হয় 'লোকসেবক সংঘ' নামে জাতীয়তাবাদী দল। ভারতীয় কমিউনিষ্ট পার্টি এতে যোগদান করে। আন্দোলনে হাজার হাজার বাংলাভাষী কারাবরণ করে। ফলে ১৯৫৬ সালে ভারত সরকার মানভূম জেলা ভেঙে পশ্চিমবঙ্গ রাজ্যের সঙ্গে পুরুলিয়া নামে একটি নতুন জেলা সংযুক্ত করতে বাধ্য হয়।

ক. একজন ভাষাশহিদের নাম লেখ। ১

খ. শহিদ মিনার নির্মাণের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মানভূমের ভাষা আন্দোলনের সাথে তোমার পঠিত কোন আন্দোলনের সাদৃশ্য খুঁজে পাও? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আন্দোলনে 'বাংলাদেশের স্বাধীনতার বীজ নিহিত ছিল'— পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ ১৯৬৯ সালে ভারতের ৪র্থ লোকসভায় ৪র্থ লোকসভায় অন্তর্কলহের কারণে ইন্দিরা গান্ধী দল থেকে বহিষ্কৃত হন। ফলে ভারতীয় জাতীয় কংগ্রেস দ্বিধাবিভক্ত হয়ে পড়ে। গরিষ্ঠ সংখ্যক কংগ্রেস সদস্য ও স্বীয় তৃণমূল সমর্থকদের নিয়ে ইন্দিরা গান্ধীর নেতৃত্বে ভারতীয় জাতীয় কংগ্রেস (আর) বা মূল কংগ্রেস গঠিত হয়। অপরদিকে মোরারজী দেশাই-এর নেতৃত্বে মাত্র ৩২ জন কংগ্রেস সদস্য নিয়ে ভারতীয় জাতীয় কংগ্রেস (অর্গানাইজেশন) গঠিত হয়। ১৯৭১ সালে ভারতের সাধারণ নির্বাচনে ইন্দিরা গান্ধীর দল ৫১৮টি আসনের মধ্যে ৩৫২টি লাভ করে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেন। অন্যদিকে মোরারজী দেশাই-এর দল অর্ধেক আসন হারায়।

ক. যুক্তফ্রন্ট কী? ১

খ. উর্দুকে পূর্ব পাকিস্তানের রাষ্ট্রভাষা করার মূল উদ্দেশ্য কী ছিল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে ১৯৭১ সালে ভারতের সাধারণ নির্বাচনের সাথে তোমার পঠিত কোন নির্বাচনের মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত নির্বাচনে ঐক্যজোটের বিজয় অর্জনের ফলে রাজনৈতিক নেতৃত্বে যে পরিবর্তন এসেছিল তা মূল্যায়ন কর। ৪

৬ ▶ চীনের উত্তর-পশ্চিমে শিনচিয়াং উইগুর স্বায়ত্তশাসিত অঞ্চলটি অবস্থিত। এখানে দক্ষিণ শিমচিয়াং (তারিন বেসিন)-এ ৪৫.২১% তুর্কি মুসলিম এবং উত্তর শিনচিয়াং (জাঙ্গারিয়া)-এ ৪০.৫৭% হান ও হুই নামের মূল চীনারা বসবাস করে। তিয়ানশান পর্বতমালা দ্বারা এই দুই অঞ্চল বিভক্ত। উইগুর মুসলিমরা মূল চীনা হিসেবে নিজেদের দাবি করে এবং তারা তাদের স্বতন্ত্র ভাষা ও সংস্কৃতি নিয়ে নিজেদের স্বাধীনতা সংগ্রামে লিপ্ত। কিন্তু চীন সরকার তাদের স্বাধীনতা দিতে নারাজ। যুগ যুগ ধরে হান ও হুই চীনাদেরকে উইগুর মুসলিমদের থেকে আলাদা করা হয়েছে এবং শিক্ষা-সংস্কৃতি ও অর্থনৈতিকভাবে সর্বাত্মক সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে। পক্ষান্তরে উইগুরের মুসলিমদের উপরে চলে শোষণ, ধর্মীয় নিষেধাজ্ঞা আর শিক্ষা-সংস্কৃতি ও অর্থনৈতিক বৈষম্য।

ক. যুক্তফ্রন্টের নির্বাচনি প্রতীক কী ছিল? ১

খ. '১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের বিজয় ছিল মূলত বাঙালি জাতীয়তাবাদেরই বিজয়'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত উইগুরের মুসলিমদের প্রতি যে বৈষম্যমূলক আচরণ করা হয় তা তোমার পঠিত কোন ঘটনার সাথে সামঞ্জস্যপূর্ণ মনে কর? ব্যাখ্যা দাও। ৩

ঘ. উক্ত বৈষম্যের বিভিন্ন দিকের ওপর তুলনামূলক আলোচনা কর। ৪

৭ ▶ মিন্দানাও ফিলিপাইনের মূল ভূখণ্ড থেকে একটি বিচ্ছিন্ন প্রদেশ। দেশের উভয় অঞ্চলের মধ্যে বেশ দূরত্ব। এ অবস্থায় মূল ভূখণ্ডে অবস্থিত কেন্দ্রীয় সরকার মিন্দানাও-এর জনগণকে ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করে। এতে মিন্দানাও-এর বিক্ষুব্ধ জনগণ সংসদে ন্যায্য প্রতিনিধিত্ব, আলাদা মুদ্রা ব্যবস্থা ও নিজস্ব আধা-সামরিক বাহিনী গঠনের তিন দফা দাবি তোলে। ফলে কেন্দ্রীয় সরকার তাদের প্রতি আরও কঠোরতা প্রদর্শন করে।

ক. পাকিস্তানের সামরিক বাহিনীতে কোন অঞ্চলের প্রাধান্য ছিল? ১

খ. পাকিস্তান সরকার আরবি হরফে বাংলা লেখার পায়তারা করেছিল কেন? ২

গ. উদ্দীপকে মিন্দানাওয়ের ভৌগোলিক অবস্থানের সাথে পাকিস্তানের কোন প্রদেশের অবস্থানের সামঞ্জস্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত তিন দফা দাবির আলোকে বাঙালির ছয় দফা দাবি মূল্যায়ন কর। ৪

৮ ▸ দক্ষিণ আফ্রিকার অবিসংবাদিত-কৃষ্ণাঙ্গ নেতা ছিলেন নেলসন ম্যান্ডেলা। রাজপরিবারে জন্ম হলেও বর্ণবাদের বিরুদ্ধে আন্দোলন সংগ্রামের কারণে তিনি দীর্ঘ আটাশ বছর কারাবাস খেটেছেন। ছাত্রজীবনে বর্ণবাদী আচরণের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে তিনি বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কৃত হন। তার আদর্শে গড়া দল এএনসি (আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস)-কে এক পর্যায়ে নিষিদ্ধ করা হলে শ্বেতাঙ্গ সরকারের বিরুদ্ধে তিনি সশস্ত্র সংগ্রামের ডাক দেন। ১৯৬২ সালে তাকে বন্দি করে প্রথমে পাঁচ বছর ও পরে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হয়। সত্তরের দশকে 'ব্ল্যাক কনসাসনেস মুভমেন্ট' নামে জঙ্গি আন্দোলন শুরু হয়। কারাগারে 'স্টিভ বিকো' নামে এক শিক্ষার্থীর মৃত্যুকে কেন্দ্র করে নেলসন ম্যান্ডেলাসহ সকল রাজবন্দিদের মুক্তির দাবিতে গণআন্দোলন শুরু হয়। পরিশেষে বর্ণবাদী সরকার ১৯৯০ সালের ১০ই ফেব্রুয়ারি আলোচনায় বসে এবং ১১ই ফেব্রুয়ারি ম্যান্ডেলাকে মুক্তি দেয়। লাখো জনতার উদ্দেশ্যে কেপটাউনের টাউন হলের ব্যালকনিতে দাঁড়িয়ে ভাষণ দেয়। ১৯৯৪ সালের গণতান্ত্রিক নির্বাচনে তিনি দক্ষিণ আফ্রিকার প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট নির্বাচিত হন।

ক. ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে কোন দল বিজয়ী হয়? ১

খ. আগরতলা ষড়যন্ত্র মামলা (১৯৬৮ খ্রি.) কেন করা হয়েছিল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রাজবন্দিদের মুক্তির দাবিতে সংঘটিত গণআন্দোলনের সাথে তোমার পঠিত বইয়ের কোন ঘটনার মিল খুঁজে পাও। ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আন্দোলনের ফলাফল পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৯ ▸ নির্বাচনে হামাসের কাছে ফিলিস্তিনের ক্ষমতাসীন পার্টি পিএলও হেরে গেলেও প্রেসিডেন্ট ইসমাইল হানিয়া ক্ষমতা ছাড়তে অস্বীকার করে। ফলে ইসরাইলের দু'দিকে ফিলিস্তিনের দুই অংশ পশ্চিম তীর ও গাজা প্রায় বিচ্ছিন্ন হয়ে যায়। হামাসের অধীনে গাজা শাসিত হয় এবং পিএলও'র অধীনে থাকে পশ্চিম তীর। তবে উভয়ই ফিলিস্তিন রাষ্ট্রের অধীনে থাকে।

ক. মুক্তিযুদ্ধের বিরোধিতাকারী একটি রাজনৈতিক দলের নাম লেখ। ১

খ. ১৯৭০ সালের নির্বাচনে বঙ্গবন্ধু অংশগ্রহণের সিদ্ধান্ত নিয়েছিলেন কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ফিলিস্তিনের নির্বাচনের সাথে পাকিস্তানের কোন নির্বাচনের মিল রয়েছে? ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকের নির্বাচন পরবর্তী অবস্থা পাকিস্তানের অবস্থার মতো ছিল না– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১০ ▸ ভিয়েতনাম যুদ্ধ শুরুর অব্যবহিত পূর্বে নেতা হো চি মিন জনগণের উদ্দেশ্যে যে ভাষণ দেন তাতেই যুদ্ধের প্রস্তুতির সবকিছু তুলে ধরেন। এই ভাষণ থেকেই ভিয়েতনামী জনগণ যুদ্ধজয়ের মূলমন্ত্র পেয়ে যান। ফলে যুদ্ধ শুরুর আগেই দেশের প্রতিটি অঞ্চলে জনতা ঐক্যবদ্ধ হয়ে শত্রুকে প্রতিরোধের প্রস্তুতি নেয়।

ক. মুক্তিযুদ্ধকালীন পাকিস্তানের রাজধানী কোথায় ছিল? ১

খ. ইয়াহিয়া সরকার বঙ্গবন্ধুর কাছে কেন ক্ষমতা হস্তান্তর করেনি? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ভাষণের সাথে আমাদের মুক্তিযুদ্ধ পূর্ববর্তী কোন ভাষণের সামঞ্জস্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উক্ত ভাষণের তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

১১ ▸ মিয়ানমার সেনাবাহিনী তাদের দেশের রোহিঙ্গা জনগোষ্ঠীকে শুধু ধর্মের দোহাই দিয়ে তাদের নির্যাতন করতে থাকে। ফলে সে দেশের প্রায় ১২ লক্ষ রোহিঙ্গা শরণার্থী হিসেবে বাংলাদেশে আশ্রয় গ্রহণ করে। বিতাড়নের পূর্বে সেনাসদস্যরা তাদের বাড়িঘরে আগুন জ্বালিয়ে দেয়। নির্বিচারে গণহত্যা করে। যুবতী নারীদের ধরে শ্লীলতাহানি করে। স্থানীয় বৌদ্ধরা রোহিঙ্গাদের বাড়িঘরে লুঠতরাজ করে।

ক. বাংলাদেশের স্বাধীনতার স্থপতি কে? ১

খ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জাতির পিতা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের সাথে মুক্তিযুদ্ধকালীন কোন বাঙালি জনগোষ্ঠীর মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে পাকিস্তানি সেনাবাহিনীর নৃশংসতার বর্ণনা দাও। ৪

## ৪ ✔ সিলেট ও বরিশাল বোর্ড ২০২১

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ ছাতক ও ভোলাগঞ্জে চলাচলকারী পাথরবাহী নৌকাগুলো ডাকুয়াবিল এলাকায় প্রায়শই ডাকাতদের দ্বারা লুণ্ঠিত হয়। এতে ছাতকের পাথর ব্যবসায়ীরা মারাত্মক ক্ষতির সম্মুখীন হলে ছাতক ইউনিয়নের চেয়ারম্যান ডাকুয়াবিল এলাকার চেয়ারম্যানের কাছে জড়িতদের শাস্তি দাবি করেন। কিন্তু তিনি এর কোনো প্রতিকার না পেয়ে শাস্তি প্রদানের উদ্দেশ্যে পুলিশের সহায়তায় ডাকাতদের আক্রমণ করেন। ফলে উভয়পক্ষের সংঘর্ষে ডাকাত প্রধান নিহত হয় এবং তার অনুসারীরা পালিয়ে যায়। উক্ত অভিযান ডাকুয়াবিল এলাকার মানুষের ধর্মীয় ও সামাজিক জীবনে ব্যাপক প্রভাব বিস্তার করে।

ক. সোমনাথ মন্দির কোথায় অবস্থিত? ১

খ. মুহাম্মদ বিন কাসিমের মৃত্যুর প্রকৃত কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত ছাতক ইউনিয়নের চেয়ারম্যানের অভিযানের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন অভিযানের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত বিজয় সাদৃশ্যপূর্ণ অঞ্চলের অধিবাসীদের সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় ক্ষেত্রে ব্যাপক প্রভাব বিস্তার করছিল? যুক্তি দাও। ৪

২ ▸ সুন্দরবনের বঙ্গোপসাগর তীরবর্তী বাকুড়া ও হিজলডাঙ্গার অধিবাসীদের মধ্যে শত্রুতা দীর্ঘদিনের। বাকুড়ায় হঠাৎ করে মহিম নামে এক সাহসী যোদ্ধার আবির্ভাব হয়। তার নেতৃত্বে বাকুড়াবাসী হিজলডাঙ্গায় অসংখ্যবার আক্রমণ চালায় এবং প্রত্যেকবারই হিজলডাঙ্গাবাসীকে পরাজিত করে ব্যাপক লুটতরাজ চালিয়ে প্রচুর ধনসম্পদ হস্তগত করে। লুণ্ঠিত সম্পদ দ্বারা মহিম বাকুড়াকে সুন্দর করে গড়ে তোলেন।

ক. 'শাহনামা' মহাকাব্যের রচয়িতা কে? ১

খ. আলাউদ্দিন হোসেনকে 'জাহানসুজ' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মহিমের অভিযানের সাথে প্রাক-সালতানাত যুগের কোন শাসকের অভিযানের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সাদৃশ্যপূর্ণ শাসক শুধুমাত্র অর্থনৈতিক উদ্দেশ্যেই অভিযান পরিচালনা করেছিলেন– বিশ্লেষণ কর। ৪

৩ ▸ খসরু শাহ সিনাই রাজ্যের সিংহাসনে আরোহণ করে উত্তরের হেলমান্দ রাজ্যে বেশ কয়েকবার অভিযান পরিচালনা করে প্রত্যেকবারই ব্যর্থ হন। পরে তিনি রাজ্যজয়ের নেশায় দক্ষিণের হিরাত সাম্রাজ্য আক্রমণ করে প্রথমবার পরাজিত হন। কিন্তু দ্বিতীয়বার অভিযান পরিচালনা করে হিরাত সাম্রাজ্যের সম্রাট বিজয় সিংকে পরাজিত ও নিহত করে হিরাত অধিকার করে সেখানে শাসন প্রতিষ্ঠা করেন।

ক. কোন মুসলিম সেনাপতি সর্বপ্রথম সিন্ধু বিজয় করেন? ১

খ. 'শাহনামা' কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের খসরু শাহের হেলমান্দ ও হিরাত অভিযানের সাথে প্রাক-সালতানাত যুগের কোন শাসকের অভিযানসমূহের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. খসরু শাহের মতো সাদৃশ্যপূর্ণ শাসকও অধিকৃত অঞ্চলে স্থায়ী শাসন প্রতিষ্ঠা করতে সক্ষম হন– উক্তিটি মূল্যায়ন কর। ৪

৪ ▶ অস্ট্রেলিয়ার সিডনিতে বসবাসরত বাঙালিরা প্রতিবছর ফেব্রুয়ারি মাসের একটি বিশেষ দিন উদ্‌যাপন করেন। তারা দিনের শুরুতে 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' গানটি পরিবেশনের মাধ্যমে দিবসের কার্যক্রমের সূচনা করেন। তারপর তারা খালি পায়ে প্রভাত ফেরি করে একটি বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন। অপরাহ্নে তারা মাতৃভাষার চেতনায় দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে সকল শোষণ বঞ্চনার বিরুদ্ধে প্রতিরোধ গড়ার শপথের মাধ্যমে দিবসের কার্যক্রমের সমাপ্তি করেন।

ক. তমদ্দুন মজলিসের প্রতিষ্ঠাতা কে? ১

খ. কালোরাত কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের কর্মকাণ্ডে বাঙালির কোন আন্দোলনের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আন্দোলনের চেতনা পরবর্তী সকল আন্দোলনে প্রেরণা যুগিয়েছিল— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৫ ▶ ভারতের জাতীয় নির্বাচনে জোটবদ্ধ রাজনীতির সূচনা হয় ১৯৭৭ সালে ষষ্ঠ সাধারণ নির্বাচনে। এ নির্বাচনে ভারতীয় জনসংঘ, ভারতীয় লোকদল, সংগঠন কংগ্রেস ও সংযুক্ত সোশ্যালিস্ট পার্টিকে নিয়ে জনতা পার্টি গঠিত হয়েছিল। উক্ত নির্বাচনে মোরারজি দেশাইয়ের নেতৃত্বে সংযুক্ত জোট 'জনতা পার্টি' ইন্দিরা গান্ধির নেতৃত্বাধীন কংগ্রেস দলকে পরাজিত করে। কংগ্রেসের জনবিচ্ছিন্নতা ও জনতা পার্টির গ্রামীণ উন্নয়ন নীতি নির্বাচনে তাদের বিজয়ের প্রধান কারণ বলে ধারণা করা হয়।

ক. যুক্তফ্রন্টের নির্বাচনি প্রতীক কী ছিল? ১

খ. ১৪ ডিসেম্বর বিখ্যাত কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ভারতের জোটবদ্ধ নির্বাচন পাকিস্তান আমলের কোন নির্বাচনকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জাতীয় নির্বাচনে জনতা পার্টির বিজয়ের কারণ ও উক্ত জোটের বিজয়ের কারণ ছিল ভিন্ন — বিশ্লেষণ কর। ৪

৬ ▶ ১৯৫৬ সালের ১লা জানুয়ারি সুদান ব্রিটেনের কাছ থেকে স্বাধীনতা লাভ করে। ভৌগোলিকভাবে সুদান উত্তর ও দক্ষিণ এ দুই ভাগে বিভক্ত। গোটা সুদানের খনিজ তেলের শতকরা ৭৫ ভাগই দক্ষিণ সুদানে অবস্থিত। সুদানের রাজস্বের ৯৮ ভাগ আসে দক্ষিণ সুদানের এ খনিজ তেলের অর্থ থেকে। সুদানের ভূখণ্ডের উত্তর অংশের বেশিরভাগ এলাকা মরুভূমি। কিন্তু দক্ষিণ সুদান অনেক উর্বর ও প্রাকৃতিক সম্পদে ভরপুর। অথচ এ প্রাকৃতিক ও কৃষিজাত সম্পদ থেকে অর্জিত আয়ের বৃহৎ অংশ উত্তর সুদানের উন্নয়নে ব্যয় হয়। এছাড়াও সামরিক ও প্রশাসনিক বৈষম্যের ফলে দুই অঞ্চলের মধ্যে রক্তক্ষয়ী যুদ্ধ বাঁধে। পরবর্তীতে ২০১১ সালের ৯ জুলাই সুদান ভেঙে 'গণতান্ত্রিক দক্ষিণ সুদান' নামে আরেকটি স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়।

ক. মুক্তিযুদ্ধে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়? ১

খ. মুক্তিযোদ্ধাদের জাতির শ্রেষ্ঠ সন্তান বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত সুদানের বৈষম্যের সাথে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যকার কোন কোন বৈষম্যের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের দক্ষিণ সুদানের অর্থনৈতিক সমৃদ্ধির তুলনায় তৎকালীন পূর্ব পাকিস্তান ছিল অর্থনৈতিকভাবে আরও বেশি সমৃদ্ধ— বিশ্লেষণ কর। ৪

৭ ▶ নেলসন ম্যান্ডেলা তার জাতির অধিকার প্রতিষ্ঠায় একজন আপসহীন ব্যক্তি ছিলেন। বর্ণবাদ বিরোধী আন্দোলনের কারণে তাঁকে ১৯৬৩–১৯৯০ সাল পর্যন্ত ২৭ বছর জেলে থাকতে হয়েছে। বাংলাদেশেও এরূপ একজন মহান নেতার জন্ম হয়েছিল যাকে এদেশের মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য জীবনের বেশিরভাব সময় জেলে কাটাতে হয়েছে। তিনি পাকিস্তান সামরিক সরকারের রাজনৈতিক, অর্থনৈতিক ও সামরিক বৈষম্য থেকে বাংলার মানুষের মুক্তির জন্য একটি ঐতিহাসিক প্রস্তাব পেশ করেন, যা ইতিহাসে বাঙালির মুক্তির সনদ নামে পরিচিত।

ক. যুক্তফ্রন্টের ২১ দফার প্রথম দফা কী ছিল? ১

খ. যুক্তফ্রন্ট কেন গঠন করা হয়েছিল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত নেলসন ম্যান্ডেলার সাথে বাংলার কোন মহান নেতার জীবনের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত নেতার উত্থাপিত প্রস্তাবের পথ ধরে আমাদের স্বাধীনতা অর্জিত হয়— উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▶ মহিষখলা ইউনিয়ন পরিষদের চেয়ারমান সরকার থেকে প্রাপ্ত বরাদ্দের বেশিরভাগ অর্থ তার নিজ এলাকার উন্নয়নে ব্যয় করেন। ফলে ইউনিয়নের উন্নয়ন বঞ্চিত অঞ্চলের লোকজন ক্ষুব্ধ হয়ে সুজাউদ্দিনের নেতৃত্বে চেয়ারম্যানের বিরুদ্ধে দুর্বার আন্দোলন গড়ে তোলেন। এ ন্যায় আন্দোলন বন্ধ করার জন্য চেয়ারম্যান সাহেব সুজাউদ্দিনের বিরুদ্ধে প্রতারণার মামলা দায়ের করে তাকে গ্রেফতার করান। কিন্তু পরবর্তীতে জনগণের আন্দোলনে বাধ্য হয়ে চেয়ারম্যান তার মামলা প্রত্যাহার করে তাকে মুক্তির ব্যবস্থা করেন।

ক. শেখ মুজিবুর রহমানকে কত তারিখে বঙ্গবন্ধু উপাধিতে ভূষিত করা হয়? ১

খ. ছয় দফা কর্মসূচি ঘোষণা করা হয়েছিল কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত মামলার সাথে পাকিস্তান আমলের কোন মামলার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ আন্দোলনটি ছিল উদ্দীপকের আন্দোলন অপেক্ষা অধিকতর তাৎপর্যপূর্ণ— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৯ ▶ নিচের সারণিটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

| দলের নাম | পূর্ব পাকিস্তানের প্রাপ্ত আসন সংখ্যা | পশ্চিম পাকিস্তানের প্রাপ্ত আসন সংখ্যা |
|---|---|---|
| আওয়ামী লীগ | ১৬০ | ০০ |
| পিপিপি | ০০ | ৮৩ |
| মুসলিম লীগ (কাইয়ুম) | ০০ | ০৯ |
| মুসলিম লীগ (কনভেনশন) | ০০ | ০২ |
| মুসলিম লীগ (কাউন্সিল) | ০০ | ০৭ |
| জমিয়ত-উল-উলেমা | ০০ | ০৭ |
| মারকাযী জমিয়ত-উল-উলেমা | ০০ | ০৭ |
| ন্যাশনাল আওয়ামী পার্টি | ০০ | ০৬ |
| জামাতে ইসলামি | ০০ | ০৪ |
| পাকিস্তান ডেমোক্রেটিক পার্টি | ০১ | ০০ |
| স্বতন্ত্র | ০১ | ১৩ |

ক. আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি কতজন ছিলেন? ১

খ. বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ ইতিহাসে স্মরণীয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সারণিটি পাকিস্তান আমলের কোন নির্বাচনকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের ইতিহাসে উক্ত নির্বাচনের গুরুত্ব পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▶ "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম
এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতার সংগ্রাম।"

ক. মহান মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন? ১

খ. উনসত্তরের গণঅভ্যুত্থান বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের উক্তিটিতে ১৯৭১ সালের কোন ঘটনার চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ঐতিহাসিক ঘটনার তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

১১ ▶ মনীষা নাসির উদ্দীন ইউসুফ পরিচালিত গেরিলা চলচ্চিত্রটি দেখছিল। মুভিটিতে সে আমাদের মুক্তিযুদ্ধের সূচনালগ্নে বাঙালিদের ওপর পাকবাহিনীর নির্মম হত্যাযজ্ঞ দেখে বিস্মিত হয়। সিনেমায় দেখানো হচ্ছিল কীভাবে নিরপরাধ বাঙালিদের ধরে হত্যা করছে পাকবাহিনী। তাছাড়া বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণা যুবসমাজকে কীভাবে আত্মত্যাগে উজ্জীবিত করেছিল তা খুব সাবলীলভাবে মুভিতে ফুটিয়ে তুলছেন এর শিল্পীরা।

ক. ১৯৭০ সালের নির্বাচনে কোন দল সংখ্যাগরিষ্ঠতা লাভ করে? ১

খ. অপারেশন সার্চলাইট বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'গেরিলা' চলচ্চিত্রে মুক্তিযুদ্ধের সূচনালগ্নের কোন হত্যাযজ্ঞের চিত্র প্রদর্শিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণা বাঙালিদের আত্মত্যাগে উজ্জীবিত করেছিল"— তোমার মতামত দাও। ৪

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

সেট- ক

## ৫ ✓ সকল বোর্ড ২০২২

বিষয় কোড : ২ ৬ ৮

সময়—২০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি : দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—১৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. **আরব কর্তৃক সিন্ধু বিজিত হয় কত খ্রিষ্টাব্দে?**
K ৭১০ L ৭১১ M ৭১২ N ৭১৩

২. **সিন্ধুরাজ দাহিরের রাজধানী ছিল—**
K আলোর L ব্রাহ্মণাবাদ
M মুলতান N সিস্তান

৩. **সিন্ধু বিজয়ের প্রত্যক্ষ কারণ কোনটি?**
K ভারতে ধন-সম্পদ লাভের আকাঙ্ক্ষা
L রাজা দাহির কর্তৃক আরব বিদ্রোহীদের আশ্রয়দান
M ভারতবর্ষে ইসলাম ধর্মের প্রচার ও প্রসার
N সিন্ধু জলদস্যু কর্তৃক আরব জাহাজ লুণ্ঠন

৪. **সোমনাথ মন্দির কোথায় অবস্থিত?**
K সিন্ধু L গুজরাট M দিল্লি N লাহোর

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
গ্রিক বীর আলেকজান্ডারের ভারত আক্রমণ ভারতের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। পারস্য ও আফগানিস্তান তার দখলে এলে তিনি ভারতের দিকে দৃষ্টি দেন এবং ঝিলাম নদী ও সিন্ধু নদের বেশকিছু অঞ্চল তার অধিগত হয়।

৫. **উদ্দীপকের গ্রিক বীর আলেকজান্ডারের সাথে কোন শাসকের তুলনা করা যায়?**
K সুলতান মাহমুদ L সবুক্তগীন
M আলপ্তগীন N মুহাম্মদ ঘুরী

৬. **উক্ত শাসক ছিলেন—**
i. দিগ্বিজয়ী বীর
ii. দক্ষ সমর সংগঠক
iii. শ্রেষ্ঠ শাসক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৭. **ভারতীয় উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন কে?**
K মুহম্মদ বিন কাসিম L সুলতান মাহমুদ
M মুহম্মদ ঘুরী N সুলতান গিয়াসউদ্দীন

৮. **তরাইনের দ্বিতীয় যুদ্ধ সংঘটিত হয় কত খ্রিষ্টাব্দে?**
K ১১৯০ L ১১৯১ M ১১৯২ N ১১৯৩

৯. **মুহম্মদ ঘুরীর সামরিক অভিযানের উদ্দেশ্য ছিল—**
i. ভারতে সাম্রাজ্য স্থাপন
ii. নিজ রাজ্যের নিরাপত্তা রক্ষা
iii. সাহিত্য-সংস্কৃতির বিকাশ সাধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১০. **ভারতের ইতিহাসে কে সর্বপ্রথম কামান-এর ব্যবহার করেন?**
K সুলতান মাহমুদ L মুহম্মদ ঘুরী
M ইব্রাহিম লোদী N সম্রাট বাবর

১১. **পনিপথের প্রথম যুদ্ধে বাবরের সাফল্যের কারণ—**
i. ভারতবর্ষে তার অধিক জনপ্রিয়তা ছিল
ii. তার সেনারা ছিল অধিক দক্ষ ও সুশিক্ষিত
iii. তিনি ছিলেন বিজ্ঞ ও সুনিপুণ সেনানায়ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১২. **'তুযুক-ই-বাবুরি' বা বাবুরনামা কোন ধরনের গ্রন্থ?**
K কল্পকাহিনি নির্ভর
L আত্মজীবনীমূলক
M ধর্মীয় অনুশাসনভিত্তিক
N বিজ্ঞানভিত্তিক

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
মধ্যগড়ের রাজা ভূমি সংস্কারের অংশ হিসেবে প্রজাদের জমির মালিকানাস্বত্ব স্বীকার করে তাদের দলিল প্রদান করেন এবং প্রজারাও নিয়মিত খাজনা প্রদান করবেন মর্মে অঙ্গীকারনামা দেন।

১৩. **উদ্দীপকের ভূমি সংস্কার কোন শাসকের সাথে সাদৃশ্যপূর্ণ?**
K বাবর L শেরশাহ
M আকবর N জাহাঙ্গীর

১৪. **উক্ত শাসক ছিলেন—**
i. একজন সাহসী বীর
ii. সমরকুশলী সেনানায়ক
iii. একজন সুদক্ষ শাসক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৫. **শেরশাহের বাল্য নাম কী?**
K কাশিম L মাহমুদ M ফরিদ N বাহরাম

১৬. **সম্রাট হুমায়ুন কত খ্রিষ্টাব্দে ভারতে মুঘল আধিপত্য পুনঃপ্রতিষ্ঠিত করেন?**
K ১৫৫৫ L ১৫৫৬
M ১৫৫৭ N ১৫৫৮

১৭. **'আইন-ই-আকবরী' গ্রন্থের রচয়িতা কে?**
K টোডরমল L আবুল ফজল
M বীরবল N মানসিংহ

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
বর্তমান সরকারের পৃষ্ঠপোষকতায় বাংলা নববর্ষ আরও জমকালোভাবে উদযাপিত হচ্ছে। ধর্ম-বর্ণ নির্বিশেষে এটি একটি জাতীয় উৎসবে পরিণত হয়েছে। ফলে সকলের মাঝে আন্তরিকতা, সাম্প্রদায়িক সম্প্রীতি ও একতা বৃদ্ধি পাচ্ছে।

১৮. **উদ্দীপকে সম্রাট আকবরের কোন নীতিকে ইঙ্গিত করা হয়েছে?**
K রাজস্বনীতি L দাক্ষিণাত্য নীতি
M ধর্মীয় নীতি N রাজপুত নীতি

১৯. **সম্রাট আকবরের উক্ত নীতি প্রবর্তনের উদ্দেশ্য ছিল—**
i. ধর্মীয় মতবিরোধের অবসান
ii. মুঘল সাম্রাজ্যকে সুদৃঢ় ভিত্তির ওপর প্রতিষ্ঠা
iii. একটি জাতীয় ধর্মমত প্রতিষ্ঠা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২০. **সম্রাট জাহাঙ্গীর প্রবর্তিত 'দস্তরুল আমল' এ কয়টি আইন ছিল?**
K ১০টি L ১২টি M ১৪টি N ১৬টি

২১. **নূরজাহানের প্রকৃত নাম কী?**
K মেহের-উন-নিছা L লাডলী বেগম
M নূর মহল N আরজুমান্দ বানু

২২. **কোন সম্রাটকে 'The Prince of Builders' আখ্যা দেয়া হয়েছে?**
K সম্রাট আকবর L সম্রাট জাহাঙ্গীর
M সম্রাট শাহজাহান N সম্রাট আওরঙ্গজেব

২৩. **'তাজমহল' নির্মাণে কত বছর সময় লেগেছিল?**
K ১৬ বছর L ১৮ বছর
M ২০ বছর N ২২ বছর

২৪. **সম্রাট আওরঙ্গজেব দাক্ষিণাত্য নীতি গ্রহণ করেছিলেন, কারণ—**
i. বিজাপুর ও গোলাকুন্ডা রাজ্য মুঘল সাম্রাজ্যের জন্য হুমকিস্বরূপ ছিল
ii. শিবাজির নেতৃত্বে মারাঠা জাতির উত্থানে ভবিষ্যৎ ক্ষতির আশঙ্কা ছিল
iii. অর্থনৈতিকভাবে সাম্রাজ্যকে শক্তিশালী করার জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
"আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি,
আমি কি ভুলিতে পারি।"

২৫. **উদ্দীপকের চরণ দুটি কোন আন্দোলনকে স্মরণ করিয়ে দেয়?**
K ১৯৫২ সালের ভাষা আন্দোলন
L ১৯৬২ সালের শিক্ষা আন্দোলন
M ১৯৬৬ সালের ছয় দফা আন্দোলন
N ১৯৬৯ সালের গণআন্দোলন

২৬. **উক্ত আন্দোলনের ফলে—**
i. পূর্ব বাংলার হিন্দু-মুসলিম সম্প্রীতি বৃদ্ধি পায়
ii. ধর্মভিত্তিক রাজনীতির ভিত্তি দুর্বল হয়ে পড়ে
iii. জাতীয় চেতনার সূত্রপাত ঘটায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৭. **২৫ মার্চের গণহত্যা কী নামে পরিচিত?**
K অপারেশন রেবেল হান্ট
L অপারেশন সার্চলাইট
M অপারেশন ক্লিন হার্ট
N অপারেশন জ্যাকপট

২৮. **কত তারিখে মুজিবনগর সরকার গঠিত হয়?**
K ৮ এপ্রিল, ১৯৭১ L ৯ এপ্রিল, ১৯৭১
M ১০ এপ্রিল, ১৯৭১ N ১১ এপ্রিল, ১৯৭১

২৯. **১৯৭১ সালের মুক্তিযুদ্ধে পাকবাহিনীর দোসর ছিল—**
i. রাজাকার বাহিনী
ii. আল-বদর বাহিনী
iii. আল-শামস বাহিনী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩০. **১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাকিস্তানি বাহিনীর পক্ষে আত্মসমর্পণ দলিলে কে স্বাক্ষর করেন?**
K মেজর জেনারেল জামশেদ
L লে. জেনারেল নিয়াজি
M রিয়ার এডমিরাল শরিফ
N ব্রিগেডিয়ার বকর সিদ্দিক

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | N | ৪ | L | ৫ | K | ৬ | N | ৭ | M | ৮ | M | ৯ | K | ১০ | N | ১১ | M | ১২ | L | ১৩ | L | ১৪ | N | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | M | ১৯ | N | ২০ | L | ২১ | K | ২২ | M | ২৩ | N | ২৪ | K | ২৫ | K | ২৬ | N | ২৭ | L | ২৮ | M | ২৯ | N | ৩০ | L |

# ৬ ✓ সকল বোর্ড ২০২১

সময় : ৩০ মিনিট

## ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **কত খ্রিষ্টাব্দে মুহাম্মদ বিন কাশিম সিন্ধু বিজয় করেন?**
K ৭১০ L ৭১২ M ৭১৩ N ৭১৪

২. **তরাইনের দ্বিতীয় যুদ্ধ কত খ্রিষ্টাব্দে সংঘটিত হয়?**
K ১১৯২ L ১১৯৪
M ১১৯৬ N ১১৯৮

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
ঘুমের ঘোরে আচ্ছন্ন সবাই। হঠাৎ গুলির শব্দ। দাউ দাউ করে জ্বলছে আগুন। ১৯৭১ সালের মার্চ মাসের এদিনটির কথা মিশু আজও ভুলতে পারছে না।

৩. **মিশু কোন রাতের কথা ভুলতে পারছে না?**
K ৭ই মার্চ রাত L ১৪ই মার্চ রাত
M ২১ই মার্চ রাত N ২৫ই মার্চ রাত

৪. **উক্ত হত্যাকাণ্ড থেকে রেহাই পায় নাই—**
i. ছাত্র
ii. শিক্ষক
iii. বিভিন্ন পেশাজীবী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

৫. **সোমনাথ মন্দির কোথায় অবস্থিত?**
K দিল্লি L রাজস্থান
M উত্তর প্রদেশ N গুজরাট

৬. **ভারতবর্ষের প্রাচীনতম অধিবাসী কারা?**
K আর্য L শক
M হুন N দ্রাবিড়

৭. **তরাইনের প্রথম যুদ্ধে কে জয়লাভ করে?**
K মুহাম্মদ ঘুরী L কুতুবউদ্দিন আইবেক
M পৃথ্বিরাজ N জয়চাঁদ

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
সুলতানপুর ইউনিয়নের চেয়ারম্যান উচ্চাভীলাষী ও ক্ষমতাশালী ছিলেন। তিনি তার পার্শ্ববর্তী ইউনিয়নের ওপর আক্রমণ করে প্রচুর অর্থসম্পদ লুট করেন।

৮. **উদ্দীপকের চেয়ারম্যানের কর্মকাণ্ডের সহিত পাঠ্যবইয়ের কোন শাসকের কর্মকাণ্ড সাদৃশ্যপূর্ণ?**
K মুহাম্মদ বিন কাশিম
L সুলতান মাহমুদ
M মুহাম্মদ ঘুরী
N কুতুবউদ্দিন আইবেক

৯. **উক্ত শাসকের এরূপ কর্মকাণ্ডের উদ্দেশ্য ছিল—**
i. রাষ্ট্রের নিরাপত্তা বিধান করা
ii. রাষ্ট্রকে সমৃদ্ধিশালী করা
iii. বিশ্ব দরবারে পরিচিতি লাভ করা
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii
M ii ও iii N i, ii ও iii

১০. **'কিতাব-উল-হিন্দ' গ্রন্থের রচয়িতা কে?**
K ইবনে হায়সাম L আল বেরুনি
M আমির খসরু N আল রাজি

১১. **মুসলিম বিজয়ের পূর্বে সিন্ধুর রাজা কে ছিলেন?**
K হর্ষবর্ধন L শশাংক
M পৃথ্বীরাজ N দাহির

১২. **'স্বর্গীয় বধূ' মসজিদের নির্মাতা কে ছিলেন?**
K মুহাম্মদ বিন কাশিম
L আল-ওয়ালিদ
M সুলতান মাহমুদ
N কুতুবউদ্দিন আইবেক

১৩. **'ক' নামক এলাকায় বহুবিবাহ প্রচলিত থাকলেও বিধবা বিবাহ সম্পূর্ণভাবে নিষিদ্ধ ছিল। এটি প্রাচীন ভারতের কোন অবস্থার ইঙ্গিত বহন করে?**
K সামাজিক L রাজনৈতিক
M ধর্মীয় N অর্থনৈতিক

১৪. **ভারতের নিম্নবর্ণের হিন্দুরা কেন ইসলামের প্রতি আকৃষ্ট হয়?**
i. ইসলামের সাম্য ও শান্তির বার্তা পেয়ে
ii. আরব বণিকদের সাথে ব্যবসা করার উদ্দেশ্যে
iii. শাসকদের নিপীড়ন থেকে মুক্তি লাভের আশায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

১৫. **'ইয়ামিন-উদ-দৌলা' ও 'আমির-উল-মিল্লাত' কার উপাধি?**
K মুহাম্মদ বিন কাশিম L মুহাম্মদ ঘুরী
M সুলতান মাহমুদ N কুতুবউদ্দিন আইবেক

১৬. **'আরবদের সিন্ধু বিজয় একটি নিষ্ফল উপাখ্যান'— উক্তিটি কার?**
K ঈশ্বরী প্রসাদ L স্টেনলি লেনপুল
M পি. কে. হিট্টি N এ. বি. এম হাবিবুল্লাহ

১৭. **মুহাম্মদ ঘুরী ছিলেন—**
i. উদ্যমী
ii. দক্ষ সংগঠক
iii. উচ্চাকাঙ্ক্ষী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

১৮. **'তমদ্দুন মজলিস' কোন ধরনের সংগঠন?**
K রাজনৈতিক L সাংস্কৃতিক
M অর্থনৈতিক N ধর্মীয়

১৯. **ঐতিহাসিক ছয় দফা কত খ্রিষ্টাব্দে উত্থাপিত হয়?**
K ১৯৬৪ L ১৯৬৬
M ১৯৬৮ N ১৯৭০

২০. **আগরতলা মামলার অন্যতম প্রধান আসামি কে ছিলেন?**
K শেরে বাংলা এ. কে. ফজলুল হক
L সার্জেন্ট জহুরুল হক
M শেখ মুজিবুর রহমান
N আইনজীবী আ. সালাম খান

২১. **'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' কত তারিখে পালিত হয়?**
K ২১শে ফেব্রুয়ারি L ২৩শে ফেব্রুয়ারি
M ২০শে ফেব্রুয়ারি N ১৮ই ফেব্রুয়ারি

২২. **১৯৬৬ সালের ছয় দফা আন্দোলনের গুরুত্ব অপরিসীম; কারণ—**
i. ইহা বাঙালির বাঁচার দাবি
ii. ইহা ছিল বাংলার অধিকার প্রতিষ্ঠার পদক্ষেপ
iii. এর মাধ্যমে পশ্চিম পাকিস্তানিদের ঐক্য দৃঢ় হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৩. **যুক্তফ্রন্টের নির্বাচনি প্রতীক কী ছিল?**
K বাতি L নৌকা M বাঘ N গোলাপ

২৪. **স্বাধীন বাংলা বেতার কেন্দ্র কোথায় অবস্থিত ছিল?**
K আগ্রাবাদ L কালুর ঘাট
M মুজিব নগর N কুমিল্লা

২৫. **বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস কোনটি?**
K ১০ই জানুয়ারি ১৯৭২ সাল
L ১২ই জানুয়ারি ১৯৭২ সাল
M ১৫ই জানুয়ারি ১৯৭২ সাল
N ২০ই জানুয়ারি ১৯৭২ সাল

২৬. **মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?**
K সৈয়দ নজরুল ইসলাম
L এ. এইচ. এম. কামরুজ্জামান
M তাজউদ্দীন আহমদ
N এম মনসুর আলী

২৭. **মুজিবনগর সরকারের সেনাপ্রধান কে ছিলেন?**
K এম. এ. জি. ওসমানী
L মেজর সফিউল্লাহ
M এ. কে খন্দকার
N মেজর জলিল

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' দেশটির স্বাধীনতা আন্দোলন চূড়ান্ত পর্যায়ে। আন্দোলনের অবিসংবাদিত নেতা তখন কারাগারে। বিকল্প নেতার নেতৃত্বে স্বৈরশাসনের বিরুদ্ধে জনগণের ঐক্যবদ্ধ আন্দোলনের তীব্রতায় রাজপথ রক্তে রঞ্জিত হয়। নিহতদের আত্মত্যাগে শেষপর্যন্ত এ আন্দোলন গণঅভ্যুত্থানে পরিণত হয়।

২৮. **উদ্দীপকের অনুরূপ ৬৯'র গণঅভ্যুত্থানে নিহতরা হলেন—**
K ড. শামসুজ্জোহা ও আসাদ
L মতিউর ও বাবুল মিয়া
M সার্জেন্ট জহুরুল হক ও ওয়াজিউল্লাহ
N মনু মিয়া ও রফিক আহমদ

২৯. **উক্ত আন্দোলনের ফলাফল ছিল—**
i. শেখ মুজিবুর রহমানের কারামুক্তি
ii. আইয়ুব খানের পতন
iii. গণতান্ত্রিক শাসন কায়েম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

৩০. **১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পরিষদের কতটি আসন লাভ করে?**
K ১৬৭টি L ১৬০টি M ২৬০টি N ২৫৮টি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | N | ৪ | N | ৫ | N | ৬ | N | ৭ | M | ৮ | L | ৯ | L | ১০ | L | ১১ | N | ১২ | M | ১৩ | K | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | L | ১৭ | N | ১৮ | L | ১৯ | L | ২০ | M | ২১ | K | ২২ | K | ২৩ | L | ২৪ | L | ২৫ | K | ২৬ | M | ২৭ | K | ২৮ | K | ২৯ | K | ৩০ | K |

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ৭ ✓ ঢাকা সিটি কলেজ

বিষয় কোড : 2 6 8

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

**ইসলামের ইতিহাস ও সংস্কৃতি : দ্বিতীয় পত্র ◐ সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ গিয়াসউদ্দিন 'ই' সাম্রাজ্যের শাসক। 'ক' রাজ্যের শাসনকর্তা 'ই' রাজ্যের শাসকের নিকট আনুগত্যের নিদর্শনস্বরূপ নগদ অর্থসহ বিপুল পরিমাণ মূল্যবান উপঢৌকন পাঠান। কিন্তু পথিমধ্যে 'অ' নামক স্থানে সমুদ্র বন্দরের নিকট উপঢৌকনগুলো লুণ্ঠিত হলে শাসক গিয়াসউদ্দিন সে অঞ্চলের রাজা 'চ' এর নিকট ক্ষতিপূরণ দাবি করেন। রাজা 'চ' ক্ষতিপূরণ দিতে অস্বীকার করলে 'ই' রাজ্যের শাসক গিয়াসউদ্দিন ক্ষুব্ধ হন এবং অপমানিত বোধ করেন। তিনি তার রাজ্যের এক প্রাদেশিক শাসনকর্তার নেতৃত্বে 'চ' রাজার রাজ্যের বিরুদ্ধে অভিযান প্রেরণ করেন।

ক. কত খ্রিষ্টাব্দে মুহাম্মদ বিন কাসিম সিন্ধু বিজয় করেন? ১

খ. মুহাম্মদ বিন কাসিম কে ছিলেন? তার সম্পর্কে ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'চ' রাজার রাজ্য আক্রমণের কারণের সাথে আরবদের সিন্ধু বিজয়ের কোন কারণ সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. আরবদের সিন্ধু বিজয়ের উক্ত কারণ ব্যতীত আরও কারণ আছে— তোমার পঠিত পাঠ্যপুস্তকের আলোকে তা বিশ্লেষণ কর। ৪

২ ▸ ধন-সম্পদে পরিপূর্ণ হওয়ায় মিসর অনেক বিজেতার আক্রমণের লক্ষ্যবস্তুতে পরিণত হয়। অনেক বিজেতার একজন ছিলেন রোমান সম্রাট জুলিয়াস সিজার। তিনি বিশ্বের বিভিন্ন স্থানে বিজয় অভিযান পরিচালনা করেন। তবে প্রাচীন ধর্ম ও সংস্কৃতির লীলাভূমি মিসর অভিযান ইতিহাসের পাতায় তাকে স্মরণীয় করে রেখেছে। সমৃদ্ধ মিসর অভিযান পরিচালনা করে তিনি সেখানে থেকে প্রচুর ধন-সম্পদ অর্জন করেন। এ আহরিত সম্পদ তিনি রোমের উন্নয়ন ও অগ্রগতির জন্য ব্যয় করেন।

ক. রাজা দাহির কে ছিলেন? ১

খ. মহাকাব্য শাহনামা সম্পর্কে যা জান ব্যাখ্যা কর। ২

গ. মিসরে প্রেরিত জুলিয়াস সিজারের অভিযানটির সাথে ভারতবর্ষের পরিচালিত সুলতান মাহমুদের কোন অভিযানটির সামঞ্জস্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সময় ও স্থান ভিন্ন হলেও উভয় বিজেতার আহরিত সম্পদ ব্যয়ের উদ্দেশ্যে কোনো ভিন্নতা নেই"— বাক্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ সখিপুর রাজ্যের এক জোতদার মাধবপুর রাজ্যের এক প্রভাবশালী ও শক্তিশালী জোতদারের বিশাল জায়গা ও অঞ্চল দখল করতে গিয়ে প্রথমে পরাজিত হয়। কিন্তু পরাজয়ের গ্লানি মোচন করতে গিয়ে সখিপুর রাজ্যের জোতদার তার প্রশিক্ষণপ্রাপ্ত সৈন্যবাহিনী নিয়ে পুনরায় মাধবপুর রাজ্যের জোতদারের উপর আক্রমণ চালায়। তুমুল ও রক্তক্ষয়ী এক যুদ্ধে সখিপুর রাজ্যের জোতদার মাধবপুর রাজ্যের জোতদারকে পরাজিত ও নিহত করে। পরাজয়ের গ্লানি মোচন করে সেই রাজ্য দখল করে।

ক. সুলতান মাহমুদ মোট কতবার ভারতবর্ষে অভিযান চালায়? ১

খ. পৃথ্বিরাজ কে ছিলেন? তার সম্পর্কে ব্যাখ্যা কর। ২

গ. সখিপুর রাজ্যের সাথে মাধবপুর রাজ্যের যুদ্ধের সাথে তোমার পাঠ্যপুস্তকের যে যুদ্ধের মিল রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত যুদ্ধের গুরুত্বের মতো তোমার পাঠ্যপুস্তকের যুদ্ধের গুরুত্ব অপরিসীম— তা বিশ্লেষণ কর। ৪

৪ ▸ "ম" রাজ্যের স্থানীয় শাসনকর্তার আমন্ত্রণ পেয়ে "প" রাজ্যের শাসক "ম" রাজ্যে একটি নতুন সাম্রাজ্যে প্রতিষ্ঠা করেন। কিন্তু এই সাম্রাজ্যের প্রতিষ্ঠার প্রথম দিকে "প" সাম্রাজ্যের প্রতিষ্ঠাতাকে 'ম' রাজ্যের শাসকের সাথে 'ব' নামক স্থানে একটি যুদ্ধে অবতীর্ণ হতে হয়। এই যুদ্ধে 'প' সর্বপ্রথম কামান ব্যবহার করন এবং 'ম' রাজ্যের শাসককে শোচনীয়ভাবে পরাজিত করেন। এই পরাজয়ের মধ্য দিয়ে 'ম' নামক শাসকের বংশের শাসনের অবসান ঘটে এবং 'প' নতুন রাজবংশ ও সাম্রাজ্যে প্রতিষ্ঠা করেন।

ক. 'বাবর' শব্দের অর্থ কী? ১

খ. বাবরনামা সম্পর্কে যা জান ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন যুদ্ধের কথা বলা হয়েছে? তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'প' রাজ্যের শাসক কিভাবে সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন তা তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▸ কীর্তিপাশার জমিদার দেবী রায় চৌধুরী খুবই রুচিবান ও সৌখিন মানুষ ছিলেন। তিনি জমিদারি কার্যক্রম পরিচালনার জন্য একটি জাঁকজমকপূর্ণ দরবার হল নির্মাণ করেন। পাশাপাশি তার নির্মিত কাচারি বাড়ি, নায়েব মহল আজও স্ব-মহিমায় দাঁড়িয়ে আছে। একই সময়ে নির্মিত নাট মন্দিরটি এখনো ধর্মীয় কাজে ব্যবহৃত হয়। তার স্ত্রী কৃষ্ণকুমারী দেবী অনিন্দ্য সুন্দরী ও বিদূষী রমণী ছিলেন। জমিদার দেবী রায় চৌধুরীর স্ত্রী প্রতি ছিল অপরিসীম ভালোবাসা। কিন্তু এক দুর্ঘটনায় পড়ে কৃষ্ণকুমারী অকালে মৃত্যুবরণ করলে জমিদার খুবই মুষড়ে পড়েছিলেন। তিনি স্ত্রীর স্মৃতি রক্ষার্থে বহু অর্থ ব্যয়ে যে সৌধটি নির্মাণ করে, আজও তা বিদ্যমান রয়েছে।

ক. সম্রাট শাহজাহানের পিতার নাম কী? ১

খ. নূরজাহান কে ছিলেন? তার সম্পর্কে ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কৃষ্ণকুমারী দেবীর সাথে সম্রাট শাহজাহানের কোন মহিষীর সামঞ্জস্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জমিদার দেবী রায় চৌধুরীর কর্মকাণ্ডের আলোকে সম্রাট শাহজাহানের স্থাপত্য কীর্তির মূল্যায়ন কর। ৪

৬ ▸ সম্রাট "আ" তার সাম্রাজ্যের সকল শ্রেণির জনগণের মধ্যে সম্প্রীতি রক্ষার জন্য একটি বিশেষ গোষ্ঠীর লোকদের বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করেন। তিনি নিজে এই গোষ্ঠীর এক রাজকন্যাকে বিবাহ করেন এবং নিজ পুত্রকে উক্ত গোষ্ঠীর এক কন্যার সাথে বিবাহ প্রদান করেন। তিনি উক্ত গোষ্ঠীর লোকদের সামরিক ও বেসামরিক বিভাগে চাকরি দেন। সম্রাট এই গোষ্ঠীর লোকদের মনোরঞ্জনের জন্য তাদের সাথে খোলাখুলিভাবে মিশতেন। ফলে সাম্রাজ্যে সুবাতাস বইতে শুরু করে।

ক. সম্রাট আকবর কত সালে আগ্রার সিংহাসন আরোহণ করেন। ১

খ. মনসবদারি প্রথা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সম্রাট "আ" এর সাথে কোন মুঘল শাসকের কোন নীতির সামঞ্জস্য পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বিশেষ গোষ্ঠীর প্রতি সম্রাট "আ" এর বন্ধুত্বমূলক মনোভাব ও সদয় আচরণ কীভাবে ভারতের মুসলমান শাসনের ইতিহাসে এক নবযুগের সূচনা করে— বিশ্লেষণ কর। ৪

৭ ▸ ১৯৫০ সালে ভারতের বিহারের প্রাদেশিক সরকার সংখ্যাগরিষ্ঠের ভাষা বাংলাকে বাদ দিয়ে অসমিয়া ভাষাকে একমাত্র দাপ্তরিক ভাষা হিসেবে ঘোষণা দেয়। এই সিদ্ধান্তের বিরুদ্ধে বাঙালিরা আন্দোলন গড়ে তোলে এবং সারাদেশে ধর্মঘটের ডাক দেয়। আন্দোলনকারীদের ওপর বিহার সরকার নির্বিচারে গুলি চালায়। এর ফলে ১১ জন ভাষা সৈনিক ঘটনাস্থলে শহিদ হয়। পরবর্তীতে আন্দোলন আরও জোরদার হলে চাপের মুখে বিহার সরকার বাংলা ভাষাকে দাপ্তরিক ভাষার মর্যাদা দিতে বাধ্য হয়।

ক. যুক্তফ্রন্টের নির্বাচনি প্রতীক কী ছিল? ১

খ. ঐতিহাসিক আগরতলা মামলা বলতে কী বোঝায়? ব্যাখ্যর কর। ২

গ. উদ্দীপকের আন্দোলনটি বাংলাদেশের কোন আন্দোলনের সাথে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত আন্দোলটি তোমার পঠিত আন্দোলন অপেক্ষা অধিকতর তাৎপর্যপূর্ণ— যুক্তিসহকারে বিশ্লেষণ কর। ৪

৮ ▸ সুদান আফ্রিকা মহাদেশের একটি বড় রাষ্ট্র। জাতিগত দিক থেকে এক হলেও ধর্মীয় দিক দিয়ে দেশটির জনগণ মুসলিম ও খ্রিষ্টান দুইভাগে বিভক্ত। দীর্ঘদিন পর্যন্ত উত্তর সুদানের অধিবাসীরাই দেশটি শাসন করে আসছিল। দক্ষিণ সুদানের খনিজ দ্রব্য থেকে প্রচুর আয় হলেও সিংহভাগ উন্নয়ন হতো উত্তর সুদানে। তাছাড়া দক্ষিণ সুদানের অধিবাসীরা অধিকাংশই ছিল গরিব। দুই অঞ্চলের এ বৈষম্যের জন্যই উভয় অঞ্চলের মানুষের মধ্যে সম্পর্কে অবনতি ঘটে। কয়েক বছরের মধ্যে শুরু হয় গৃহযুদ্ধ এবং সেই গৃহযুদ্ধের মধ্য দিয়েই ২০১১ সালে উত্তর সুদান ও দক্ষিণ সুদান নামে দুটি আলাদা স্বাধীন রাষ্ট্রের সৃষ্টি হয়।

ক. উনসত্তরের গণ অভ্যুত্থানের প্রথম শহিদ হন কে? ১

খ. ৬ দফা আন্দোলন কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত সুদানের পরিস্থিতির সাথে পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তানের মধ্যকার কোন দিকটির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দক্ষিণ সুদানের মতো শোষণ, বৈষম্য ও নির্যাতনের শিকার হয়েই পূর্ব পাকিস্তানের মানুষ স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণ করেছিল— বিশ্লেষণ কর। ৪

৯ ▸ ১৮৬৩ খ্রিষ্টাব্দের ১৯ নভেম্বর গেটিসবার্গে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন দাস প্রথা বিলোপ, নাগরিক অধিকার ও গণতন্ত্র প্রসঙ্গে এক ঐতিহাসিক ভাষণ দেন। তার এ ভাষণের স্থায়িত্বকাল ছিল মাত্র তিন মিনিট। 'গেটিসবার্গ এড্রেস' নামে খ্যাত এ ভাষণ, পৃথিবীর ইতিহাসে গণতন্ত্র প্রতিষ্ঠা এবং দাস প্রথা বিলোপের এক অনন্য দলিল।

ক. স্বাধীন বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা কে ছিলেন? ১

খ. মুজিবনগর সরকার কেন গঠিত হয়েছিল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ভাষণের সাথে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাসে কোন মহান নেতার ভাষণের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. গণতন্ত্র ও অধিকার প্রতিষ্ঠায় উভয় নেতার ভাষণ তাৎপর্যপূর্ণ হলেও বাংলার মহান নেতার ভাষণ ছিল আরও দিক নির্দেশনামূলক ও চেতনা উদ্দীপ্ত— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▸ সীমাহীন বৈষম্য, অত্যাচার ও নিপীড়নের কারণে ভিয়েতনামের দুই অঞ্চলের আর্থ-সামাজিক ক্ষেত্রে বিশাল অসমতা তৈরি হয়। এর ফলে গত শতাব্দীর মাঝামাঝিতে ভিয়েতনামের দুই অংশের মধ্যে রক্তক্ষয়ী যুদ্ধ হয়। যুদ্ধের এক পর্যায়ে দক্ষিণ ভিয়েতনামের একজন সামরিক কর্মকর্তার নির্দেশে উত্তর ভিয়েতনামের একটি অংশে মানবতাবিরোধী ঘৃণ্য ও বর্বর হত্যাকাণ্ড চালানো হয়। এতে বহু নিরপরাধ ও নিরস্ত্র নারী-পুরুষ এবং শিশুদের নির্মমভাবে হত্যা করা হয়। এ জঘন্য হত্যাকাণ্ডটি তাদেরকে বিশ্ববাসীর ঘৃণার পাত্রে পরিণত করে। অবশেষে একটি চুক্তির মাধ্যমে এ যুদ্ধের অবসান হয়।

ক. সর্বপ্রথম কোন দেশ বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে? ১

খ. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ বাঙালি জাতির ইতিহাসে অবিস্মরণীয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত হত্যাকাণ্ডটি পূর্ব পাকিস্তানের কোন ঘটনাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত উক্ত ঘটনাটি ছিল মহান মুক্তিযুদ্ধের একটি খণ্ডচিত্র—বিশ্লেষণ কর। ৪

১১ ▸ বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে জান্নাত ও ইলমা আলোচনা করছে। জান্নাত বলছে, ২৬ মার্চ ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধ শুরু হয় এবং যুদ্ধ পরিচালনার জন্য কুষ্টিয়া জেলার মেহেরপুরের ভবেরপাড়া গ্রামের বৈদ্যনাথতলায় একটি সরকার গঠিত হয়। ইলমাও জান্নাতের সাথে সহমত প্রকাশ করে বলে, এই সরকারের সুষ্ঠু তত্ত্বাবধানের ফলেই বাংলাদেশ মাত্র ৯ মাসের মধ্যে পাকিস্তানের কাছে থেকে স্বাধীনতা অর্জনে সক্ষম হয়।

ক. মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন? ১

খ. 'অপারেশন সার্চলাইট' কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সরকার দ্বারা ঐতিহাসিক কোন সরকারকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে উক্ত সরকারের অবদান পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ৮ ✓ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি : দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৩০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ প্রাচীনকাল হতেই দেশের শিল্প নগরীর সাথে ছোট শহর-বন্দরের মধ্যে নৌপথে বাণিজিক পণ্য পরিবহনের পাশাপাশি একটা সাংস্কৃতিক যোগাযোগও গড়ে ওঠে। ঐতিহ্যের ধারাবাহিকতায় বড় ব্যবসায়ী ইসমত সাহেব নরসিংদী শহর থেকে সাতটি জাহাজে করে শিল্পের কাঁচামাল, কিছু শ্রমিক, উপঢৌকন ও ব্যবসায়ের অর্থ ঢাকায় পাঠাচ্ছিলেন। জাহাজগুলো নারায়ণগঞ্জ আসলে একদল ডাকাত কর্তৃক মালামাল লুণ্ঠিত হয়। ইসমত সাহেব নারায়ণগঞ্জ প্রশাসনের কাছে এর আশু বিচারসহ ক্ষতিপূরণ দাবি করেন। কিন্তু এর যথাযথ জবাব ও ক্ষতিপূরণ লাভে তিনি ব্যর্থ হন। এতে মালামাল গ্রহীতার মনে ক্ষোভ দেখা দেয়।

ক. আরবদের সিন্ধু বিজয়ী বীরের নাম কী? ১
খ. রাজা দাহিরের স্ত্রী 'জওহর ব্রত' পালন করেন কেন? ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপকে বর্ণিত ঘটনাটি প্রাক-সালতানাত যুগের কোন বিজয়াভিযানের সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিজয়কে কি 'নিষ্ফর বিজয়' বলে আখ্যায়িত করা যায়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

২ ▸ রমেশ যে দেশে বসবাস করত, সে দেশটি সামাজিক ক্ষেত্রে নানা বর্ণে ও শ্রেণিতে বিভক্ত ছিল। রাজনৈতিক ক্ষেত্রে অনৈক্য ছিল আরও প্রকট। এ পরিস্থিতির সুযোগে পার্শ্ববর্তী রাজ্যের সাম্রাজ্যবাদী শাসক তার একজন তরুণ সেনাপতির নেতৃত্বে অভিযান পরিচালনা করে দেশটি করায়ত্ত করেন। কিন্তু সেখানে বিজয়ী শক্তির দীর্ঘস্থায়ী শাসনব্যবস্থা কায়েম করা সম্ভব হয়নি। তবে এ বিজয়ের সামাজিক ও সাংস্কৃতিক ফলাফল ছিল গভীর ও সুদূরপ্রসারী।

ক. সুলতান মাহমুদ কোন রাজবংশের শাসক ছিলেন? ১
খ. ভারতবর্ষকে 'নৃতত্ত্বের জাদুঘর' বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের সেনাপতির সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন সেনাপতির মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ফলাফল উক্ত সেনাপতির বিজয়ের ফলাফলের আংশিক প্রতিফলন— মন্তব্য কর। ৪

৩ ▸ নেতৃত্বের মতো কৌশলগত কাজ তেমন বেশি হয় না। একজন মুসলিম বিজেতা সর্বশেষ অভিযান প্রেরণ করেছিলেন জাঠদের বিরুদ্ধে। বিজেতা সোমনাথ হতে প্রত্যাবর্তনের সময় মুসলিম বাহিনী জাঠদের দ্বারা উৎপীড়িত হয়েছিল। ১৪০০ নৌকার নৌবহর নিয়ে সুলতান মুলতান জাঠদের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা করেন। প্রতিটি নৌকায় ২০ জন তীরন্দাজ ছিল এবং অগ্নি নিক্ষেপের সরঞ্জাম ছিল। জাঠদের পক্ষে ৮০০টি নৌকা ছিল। যুদ্ধে জাঠরা পরাজিত হয় এবং তাদের অধিকাংশ নিহত হয়।

ক. তরাইনের দ্বিতীয় যুদ্ধ কত খ্রিষ্টাব্দে সংঘটিত হয়? ১
খ. মুহাম্মদ ঘুরীর তরাইনের প্রথম যুদ্ধের ইতিহাস ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে যে বিজেতার কথা বলা হয়েছে তার সাফল্যের কারণ বর্ণনা কর। ৩
ঘ. এ ধরনের একজন বিজেতার অভিযানের ফলাফল মূল্যায়ন কর। ৪

৪ ▸ ভাগ্য বিড়ম্বিত যুবক ইরফান। পৈতৃকসূত্রে প্রাপ্ত একটি ক্ষুদ্র অঞ্চলের অধিপতি ছিলেন। কিন্তু নিকট আত্মীয়দের ষড়যন্ত্রের কারণে ঐ রাজ্য তার হাতছাড়া হয়ে যায়। এ অবস্থায় তিনি অভ্যন্তরীণ দুর্বলতার সুযোগ নিয়ে পার্শ্ববর্তী রাজ্য আক্রমণ করেন। উন্নত রণনীতি ও সমরাস্ত্রের সাহায্যে প্রতিবেশীর বিশাল সৈন্যবাহিনীকে যুদ্ধে পরাজিত করেন। অতঃপর ঐ রাজ্যের ধ্বংসস্তূপের ওপর একটি নতুন সাম্রাজ্যের ভিত্তি স্থাপন করার গৌরব অর্জন করেন।

ক. 'হুমায়ুন' শব্দের অর্থ কী? ১
খ. মুঘলদের পরিচয় ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে ভারতবর্ষের কোন শাসকের মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে উক্ত শাসকের কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

৫ ▸ সম্রাট নিজাম উদ্দিন একজন জনপ্রিয় শাসক। নিজে নিষ্ঠাবান মুসলমান হওয়া সত্ত্বেও তিনি অন্য ধর্মমতের প্রতি সহিষ্ণু ছিলেন। তিনি তার রাজ্যে বসবাসকারী বিভিন্ন ধর্মের অনুসারীগণের অনুষ্ঠান ভিত্তিক ধর্মীয় আচরণের মতপার্থক্য দূর করে সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠা করেন। শাসন পরিচালনায় অন্যান্য ধর্মাবলম্বী সম্প্রদায়ের সাহায্য লাভের উদ্দেশ্যে তিনি সকল ধর্মের সারবস্তু নিয়ে একটি নতুন ধর্মের প্রবর্তন করেন।

ক. সম্রাট আকবরের পূর্ণ নাম কী? ১
খ. সম্রাট আকবরের দ্বীন-ই ইলাহি সম্পর্কে কী জান? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সম্রাট নিজাম উদ্দিনের সাথে তোমার পঠিত মুঘল যুগের কোন শাসকের ধর্মনীতি প্রবর্তনের সাদৃশ্য পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. আন্তঃধর্মীয় সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠাই উক্ত মুঘল শাসকের সাফল্য ও শ্রেষ্ঠত্ব লাভের অন্যতম কারণ— বিশ্লেষণ কর। ৪

৬ ▸ অস্ট্রেলিয়ার সিডনিতে বসবাসরত বাঙালিরা প্রতিবছর ফেব্রুয়ারি মাসের একটি বিশেষ দিন উদযাপন করেন। তারা দিনের শুরুতে 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' গানটি পরিবেশনের মাধ্যমে দিবসের কার্যক্রমের সূচনা করেন। তারপর তারা খালি পায়ে প্রভাতফেরি করে একটি বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন। অপরাহ্নে তারা মাতৃভাষার চেতনায় দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে সকল শোষণ বঞ্চনার বিরুদ্ধে প্রতিরোধ গড়ার শপথের মাধ্যমে দিবসের কার্যক্রমের সমাপ্তি করেন।

ক. তমদ্দুন মজলিসের প্রতিষ্ঠাতা কে? ১
খ. কালরাত কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কর্মকাণ্ডে বাঙালির কোন আন্দোলনের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত আন্দোলনের চেতনা পরবর্তী সকল আন্দোলনে প্রেরণা যুগিয়েছিল— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ 'মুক্তভূমি' নামে গড়ে ওঠো একটি নতুন দেশ দুটো প্রদেশে বিভক্ত ছিল। প্রদেশ দুটোর মধ্যে ধর্ম ছাড়া আর কোনো সাংস্কৃতিক মিল ছিল না। শাসন কর্তৃত্ব উত্তর অংশের হাতে থাকায় দক্ষিণাংশের সংস্কৃতির উপর তারা আধিপত্য বিস্তারের ষড়যন্ত্রে লিপ্ত হয়। এরই অংশ হিসেবে তাদের নেতা এক জনসভায় সমগ্র মরুভূমিতে উত্তরাংশে প্রচলিত ভাষা ব্যবহারের ঘোষণা দেন। এতে দক্ষিণাংশের জনগণ ক্ষুব্ধ হয় এবং জনাব মাহফুজ আলমের নেতৃত্বে 'একতা' নামে একটি সংগঠন গড়ে উপরিউক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আন্দোলনে ঝাঁপিয়ে পড়ে।

ক. ৬ দফা কোথায় ঘোষণা করা হয়? ১
খ. আগরতলা মামলা সম্পর্কে বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে 'একতা' নামে সংগঠনটির মধ্যে পাঠ্যপুস্তকের কোন সংগঠনটির চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত আন্দোলন আমাদের জাতীয় জীবনে কীভাবে প্রভাব বিস্তার করে? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ ভারতের জাতীয় নির্বাচনে জোটবদ্ধ রাজনীতির সূচনা হয় ১৯৭৭ সালে ষষ্ঠ সাধারণ নির্বাচনে। এ নির্বাচনে ভারতীয় জনসংঘ, ভারতীয় লোকদল, সংগঠন কংগ্রেস ও সংযুক্ত সোশ্যালিস্ট পার্টিকে নিয়ে জনতা পার্টি গঠিত হয়েছিল। উক্ত নির্বাচনে মোরারজি দেশাইয়ের নেতৃত্বে সংযুক্ত জোট 'জনতা পার্টি' ইন্দিরা গান্ধির নেতৃত্বাধীন কংগ্রেস দলকে পরাজিত করে। কংগ্রেসের জনবিচ্ছিন্নতা ও জনতা পার্টির গ্রামীণ উন্নয়ন নীতি নির্বাচনে তাদের বিজয়ের প্রধান কারণ বলে ধারণা করা হয়।

ক. যুক্তফ্রন্টের নির্বাচনি প্রতীক কী ছিল? ১
খ. ১৪ ডিসেম্বর বিখ্যাত কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ভারতের জোটবদ্ধ নির্বাচন পাকিস্তান আমলের কোন নির্বাচনকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জাতীয় নির্বাচনে জনতা পার্টির বিজয়ের কারণ ও উক্ত জোটের বিজয়ের কারণ ছিল ভিন্ন— বিশ্লেষণ কর। ৪

৯ ▸ নেলসন ম্যান্ডেলা তার জাতির অধিকার প্রতিষ্ঠায় একজন আপসহীন ব্যক্তি ছিলেন। বর্ণবাদবিরোধী আন্দোলনের কারণে তাঁকে ১৯৬৩-১৯৯০ সাল পর্যন্ত ২৭ বছর জেলে থাকতে হয়েছে। বাংলাদেশেও এরূপ একজন মহান নেতার জন্ম হয়েছিল যাকে এদেশের মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য জীবনের বেশিরভাগ সময় জেলে কাটাতে হয়েছে। তিনি পাকিস্তান সামরিক সরকারের রাজনৈতিক, অর্থনৈতিক ও সামরিক বৈষম্য থেকে বাংলার মানুষের মুক্তির জন্য একটি ঐতিহাসিক প্রস্তাব পেশ করেন, যা ইতিহাসে বাঙালির মুক্তির সনদ নামে পরিচিত।

ক. যুক্তফ্রন্টের ২১ দফার প্রথম দফা কী ছিল? ১
খ. যুক্তফ্রন্ট কেন গঠন করা হয়েছিল? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত নেলসন ম্যান্ডেলার সাথে বাংলার কোন মহান নেতার জীবনের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত নেতার উত্থাপিত প্রস্তাবের পথ ধরে আমাদের স্বাধীনতা অর্জিত হয়— উক্তিটির সপক্ষে যুক্ত দাও। ৪

১০ ▸ ১৯৭০ সালে সাহিদা আক্তার শাকিলা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী ছিলেন। আওয়ামী লীগের নিজস্ব ছয় দফা ও ছাত্র সংগ্রাম পরিষদের ১১ দফার ভিত্তিতে আওয়ামী লীগ যে নির্বাচনে অংশগ্রহণ করেছিল তিনি ওই নির্বাচনে কেন্দ্রীয় নির্বাচন মনিটরিং কমিটির সদস্য ছিলেন। ওই নির্বাচনে পূর্ব পাকিস্তানে নৌকা প্রতীক নিয়ে একটি দল ১৬২ আসনে তাদের প্রার্থী দিয়েছিল।

ক. কত তারিখে স্বাধীনতা যুদ্ধে বাঙালির চূড়ান্ত বিজয় অর্জিত হয়? ১
খ. ১৯৭০ সালের নির্বাচনের মাধ্যমে সংবিধান রচনার সুযোগ হয়— ব্যাখ্যা কর। ২
গ. সাহিদা আক্তার শাকিলা যে নির্বাচন মনিটরিং কমিটির সদস্য ছিলেন ওই নির্বাচনের আইনগত কাঠামো আদেশ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত নির্বাচনের পটভূমি মূল্যায়ন কর। ৪

১১ ▸ মার্কিন ১৬তম প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন ১৮৬৩ সালের ১ জানুয়ারিতে গেটিসবার্গে একটি বিখ্যাত ভাষণ প্রদান করেছিলেন। যে ভাষণে তিনি দীপ্তকণ্ঠে ঘোষণা করেছিলেন ক্রীতদাসদের স্বাধীনতার কথা। যে ভাষণ দিয়েছিল ক্রীতদাসদের সমাজের মাথা উঁচু করে দাঁড়ানোর সাহস। যে ভাষণ দিয়েছিলেন সমাজকে সাম্যের অর্ঘ্যমালা। যে ভাষণ দিয়েছিল সেদিন মালিক-শ্রমিককে একই সাথে চলার অনন্য সাহস। আর এই ভাষণই ১৮৬৫ সালের মার্কিন গৃহযুদ্ধের অবসানকে ত্বরান্বিত করেছিল।

ক. বাংলাদেশকে প্রথম কোন দেশ স্বীকৃতি দেয়? ১
খ. মুজিবনগর সরকার গঠিত হয়েছিল কেন? ২
গ. উদ্দীপকে তোমার পঠিত কোন বিষয়ের ইঙ্গিত প্রদান করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ভাষণের ন্যায় তোমার পঠিত ভাষণও ইতিহাসের এক কালজয়ী অধ্যায়ের সূচনা করে— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## ৯ ✓ নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি : দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ সম্প্রতি চীনের দুটি যুদ্ধজাহাজ জাপান নিয়ন্ত্রিত সেনকাকুস দ্বীপের জলসীমায় প্রবেশ করে। চীনের কাছে দ্বীপটি দিয়ায়ুস নামে পরিচিত এবং এটিকে তারা নিয়ন্ত্রণে নেওয়ার জন্য দুবার অভিযান প্রেরণ করে। কিন্তু এ অভিযান দুটিতে তারা ব্যর্থ হয়েছিল। দুবারের পরাজয়ের গ্লানি মুছে ফেলার জন্য তারা আবার অভিযান প্রেরণ করল এবং এই অভিযানে সফলকাম হয়।
ক. হাজ্জাজ বিন ইউসুফ কে ছিলেন? ১
খ. মুহাম্মদ ঘুরীর অভিযানের প্রাক্কালে কনৌজের অবস্থা কেমন ছিল? ২
গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত অভিযানের ঘটনাবলি ভারতের ইতিহাসে কোন ঘটনার সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত অভিযানের ফলে ব্রাহ্মণাবাদ, আলোর ও মুলতানের পতন ঘটেছিল— বিশ্লেষণ কর। ৪

২ ▶ রাজশাহীর ছেলে আখতার জয়পুরহাটের বন্ধু শ্যামলের বাড়িতে বেড়াতে গিয়ে লক্ষ করল সেখানে সমাজে বর্ণপ্রথা খুবই প্রকট। সমাজ চারটি বর্ণে বিভক্ত। তন্মধ্যে দুটি বর্ণের প্রভাব প্রতিপত্তি খুব বেশি। সে এক নিম্নশ্রেণির মানুষের কাছে থেকে জানতে পারে যে, ধর্মশাস্ত্র শুনলে বা পাঠ করলে তাদের কঠোর শাস্তি দেওয়া হয়। এছাড়াও হিন্দু সমাজে আখতার এক শ্রেণির লোক দেখতে পায় যারা অস্পৃশ্য বলে পরিচিত। শ্যামলের সমাজে অনেক মেয়েকে ১২ বছর বয়সে বিবাহের পিড়ায় বসতে হয় এবং অনেক পুরুষকে ৪/৫টা বিবাহ করতে দেখা যায়। শ্যামলের সমাজ ব্যবস্থা আখতারকে পীড়া দেয়।
ক. মুহাম্মদ বিন কাসিম কত সালে সিন্ধু অভিযান করেন? ১
খ. সুলতান মাহমুদের ভারত অভিযান বলতে কী বোঝ? ২
গ. আখতারের দেখা শ্যামলের সমাজব্যবস্থার সাথে মুসলিম বিজয়ের প্রাক্কালে ভারতের সামাজিক ব্যবস্থার কী মিল লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. শ্যামলের সমাজব্যবস্থা কেমন হলে আখতার দুঃখ না পেয়ে বরং খুশি হতো? মতামত দাও। ৪

৩ ▶ জমিদার বুধাই মণ্ডল মৃত্যুর পূর্বে তার বিদূষী ও বুদ্ধিমতি কন্যা গোলাপিকে তার বিশাল জমিদারির উত্তরাধিকারিনী মনোনীত করেন। আপনজনদের নানামুখী বিরোধিতার সম্মুখীন হয়ে তাকে জমিদারি হারাতে হয়েছিল। কিন্তু শত্রুদের হাতে তার ভাইয়ের মৃত্যুর পর পুনরায় তিনি জমিদারি ফিরে পান। সকল যোগ্যতা থাকা সত্ত্বেও নারীসুলভ দুর্বলতার কারণে তিনি নানা ষড়যন্ত্রের শিকার হয়ে কাঙ্ক্ষিত সফলতার পরিচয় দিতে পারেননি।
ক. আইবক শব্দের অর্থ কী? ১
খ. রক্তপাত ও কঠোর নীতি কে, কেন গ্রহণ করেছিলেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত জমিদারের কন্যার সাথে দিল্লি সালতানাতের কোন শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. গোলাপি ও উক্ত নারী শাসকের ব্যর্থতার কারণ একই সূত্রে গাঁথা— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ ইনশা গার্মেন্টেস এর প্রশাসনিক কর্মকর্তাদের আঞ্চলিকতা ও স্বার্থের জন্য গার্মেন্টেস-এর ভিতরে শ্রমিকদের মধ্যে বিভিন্ন দলের সৃষ্টি হয়। ফলে প্রশাসনে বিশৃঙ্খলা দেখা দেয়। উদ্ভূত পরিস্থিতিতে মালিক পক্ষ উক্ত কর্মকর্তাদের মধ্যে বিচক্ষণ মি. ইলমকে পরিস্থিতি মোকাবেলার দায়িত্ব দিলে তিনি অনেক কর্মকর্তাকে বরখাস্ত করে নিজ অফিস কক্ষটি জমকালোভাবে সজ্জিত করেন। সেখানে যে কারো প্রবেশে কড়াকড়ি আরোপ করেন। তিনি অফিসে সার্বক্ষণিক নজরদারিরও ব্যবস্থা করেন। ফলে সব ক্ষেত্রে তার কঠোর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়।
ক. তরাইনের প্রথম যুদ্ধ কত সালে সংঘটিত হয়? ১
খ. 'বন্দেগান-ই চেহেলগান' কি? ব্যাখ্যা কর। ২
গ. মি. ইল্‌মের প্রশাসনিক পদক্ষেপগুলোর মধ্য দিয়ে সুলতান গিয়াস উদ্দিন বলবনের কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে গৃহিত পদক্ষেপগুলোই কী শুধু গিয়াস উদ্দিন বলবনের সালতানাত সুদৃঢ়করণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? যুক্তিসহকারে তোমার মতামত দাও। ৪

৫ ▶ মৌ তার ছোট বোন মিথিলার সাথে বর্তমান দেশের মুদ্রাস্ফীতির নিয়ে আলোচনা করছিল। মৌ বলল, তুঘলক বংশের এক সুলতানের সময়ও মুদ্রাস্ফীতি দেখা যায়। তিনি রাষ্ট্রীয় প্রয়োজনে ও গণমানুষের কল্যাণের জনই এই মহা পরিকল্পনা গ্রহণ করেন। মিথিলা বলল, তিনি যে তাম্রমুদ্রার প্রচলন করেন, তা মোটামুটি সাফল্যজনক হলেও শেষ পর্যন্ত ব্যর্থ হয়।
ক. কুতুবুদ্দিনকে ভারত রাজ্যের উত্তরাধিকারী করেন কে? ১
খ. সুলতানা রাজিয়া কে ছিলেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত শাসকের প্রতীকী মুদ্রা প্রবর্তনের কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. মিথিলার বক্তব্যের সাথে তুমি কি একমত? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৬ ▶ সাদিয়া ও মাধুর্য্য মুঘল সাম্রাজ্য নিয়ে কথা বলছিল। সাদিয়া মাধুর্য্যক জানায় এই সাম্রাজ্য প্রতিষ্ঠার প্রথমদিকে সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা 'ক' এর সাথে অন্য বংশের শাসক 'খ'-এর 'X' নামক স্থানে এক যুদ্ধ হয়। এই যুদ্ধে 'ক' কামান ব্যবহার করেন এবং 'খ' নামক শাসক শোচনীয় পরাজয় বরণ করেন এবং 'খ' নামক শাসকের বংশের শাসনের পরিসমাপ্তি ঘটে। মাধুর্য্য বিষয়টির সাথে একমত পোষণ করে এবং বলে এই যুদ্ধে জয়লাভ করার ফলে ভারতবর্ষে মুঘল রাজত্বের সূচনা হয়।
ক. পানিপথের প্রথম যুদ্ধ কত সালে সংঘটিত হয়? ১
খ. দ্বীন-ই ইলাহি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সাদিয়া কোন যুদ্ধের কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মাধুর্য্যর মতামতটির যথার্থতা নিরূপণ কর। ৪

৭ ▶ সম্রাট 'ফ' তার সাম্রাজ্যের স্থিতিশীলতা বজায় রাখার জন্য সংখ্যাগুরু সম্প্রদায়ের লোকদের বিশেষ সুযোগ সুবিধা প্রদান করেন। তিনি ভবিষ্যতের কথা চিন্তা করে ঐ সম্প্রদায়ের অভিজাত পরিবারের সাথে নিজে ও তার সন্তানকে বৈবাহিক সম্পর্কে আবদ্ধ করেন। তাছাড়া তিনি উক্ত গোষ্ঠীর লোকদের তার সাম্রাজ্যের সরকারি গুরুত্বপূর্ণ পদে নিয়োগ প্রদান করেন। এর ফলে সাম্রাজ্যে সুবাতাস বইতে থাকে।
ক. পানিপথের দ্বিতীয় যুদ্ধ কখন সংঘটিত হয়? ১
খ. বাবুরনামা বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে সম্রাট 'ফ' এর সথে মোগল সম্রাট আকবরের কোন নীতির সামঞ্জস্য পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত বিশেষ গোষ্ঠির প্রতি সম্রাট আকবরের বন্ধুত্বমূলক মনোভাব ও সদয় আচরণ ভারতে মুসলমান শাসনের ইতিহাসে এক নবযুগের সূচনা করে"— বিশ্লেষণ কর। ৪

৮ ▶ ফ্রান্সের সম্রাট নেপোলিয়ন তার রাজত্বের শেষের দিকে স্পেন আক্রমণ করে জয় করেছিলেন। কিন্তু সেটা ছিল নেপোলিয়নের পতনের অন্যতম প্রধান কারণ। এজন্য নেপোলিয়নের স্পেন আক্রমণকে 'স্পেনীয় ক্ষত' বলা হয়।
ক. শেরশাহ কীভাবে মারা যান? ১
খ. তাজমহলের সংক্ষিপ্ত বিবরণ দাও। ২
গ. নেপোলিয়নের স্পেন আক্রমণের সাথে কোন মুঘল সম্রাটের কর্মকাণ্ডের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত শাসকের দাক্ষিণাত্য নীতিকে নেপোলিয়নের স্পেনীয় ক্ষতের সাথে তুলনা করা হয়েছে কেন? ৪

৯ ▶ ১৯ শতকের শেষ দিকে ফ্রান্স ভিয়েতনাম আক্রমণ করে। তারা দেশটিকে তিনটি অঞ্চলে ভাগ করে। ফরাসিদের উদ্দেশ্য ছিল ভিয়েতনামিদের জাতীয়বাদী চেতনাকে দুর্বল করে দেয়। তারা ভিয়েতনামকে ভাগ করে ভিয়েতনামের সম্পদ নিজেদের কুক্ষিগত করতে তৎপর হয়। পরবর্তীতে ভিয়েতনামের উপনিবেশবাদ বিরোধীরা সাম্যবাদী দলের নেতৃত্বে বিদ্রোহ করে ফরাসিদের কাছ থেকে স্বাধীনতা লাভ করে।
ক. চিরস্থায়ী বন্দোবস্তের প্রবর্তক কে? ১
খ. মুসলমানরা বঙ্গভঙ্গকে সমর্থন করেছিল কেন? ২
গ. উদ্দীপকে ভিয়েতনাম ভাগের সাথে তোমার পঠিত বঙ্গভঙ্গের সাথে মিল কোথায়? চিহ্নিত কর। ৩
ঘ. বঙ্গভঙ্গের প্রতিক্রিয়ায় হিন্দুদের আন্দোলনের সাথে ভিয়েতনামের স্বাধীনতা আন্দোলনের কোন যোগসূত্র আছে কী? যুক্তিসহ মতাত দাও। ৪

১০ ▶ দক্ষিণ সুদানের তেল, গ্যাস, কয়লা ইত্যাদি সম্পদ থেকে প্রাপ্ত আয়ের বৃহৎ অংশ উত্তর সুদানে ব্যয় হতো। রাষ্ট্রীয় সুবিধা প্রাপ্তির ক্ষেত্রেও দক্ষিণ সুদানের লোকজন নানা হয়রানির শিকার হতো। এরূপ বৈষম্য আর বঞ্চনা তৎকালীন সুদানের জাতি গোষ্ঠীর মধ্যে পারস্পরিক অবিশ্বাস সৃষ্টি করে। এরই ধারাবাহিকতায় সংঘাত সৃষ্টি হয়। দুদশকের রক্তক্ষয়ী যুদ্ধ পরিস্থিতি থেকে উত্তরণের শান্তিচুক্তি এবং এর ভিত্তিতে ২০১১ সালে গণভোট অনুষ্ঠিত হয়। উভয় পক্ষ গণভোট মেনে নেয় এবং জাতিসংঘের সহায়তায় দক্ষিণ সুদান স্বাধীনতা লাভ করে।
ক. যুক্তফ্রন্ট কতটি দল নিয়ে গঠিত হয়? ১
খ. আগরতলা ষড়যন্ত্র মামলা কী? ২
গ. স্বাধীনতার পূর্বে দক্ষিণ সুদানের অর্থনৈতিক বৈষম্য ও বঞ্চনার সাথে পূর্ব পাকিস্তানের কী সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম ও দক্ষিণ সুদানের স্বাধীনতা সংগ্রামের মধ্যে প্রক্রিয়াগত ভিন্নতা রয়েছে— বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের আলোকে মতামত দাও। ৪

১১ ▶ ১৭৫৭ সালের ২৩ জুন পলাশীর যুদ্ধে বাংলার স্বাধীনতাকামী নবাব সিরাজ উদ্ দৌলার সাথে ব্রিটিশদের যুদ্ধ সংঘটিত হয়। যুদ্ধে মীরজাফর, ঘসেটি বেগমের মতো বিশ্বাসঘাতকদের নেতৃত্বে বাংলারই কতগুলো দেশদ্রোহী ব্রিটিশদের সহায়তা করে নবাবসহ বাংলার অসংখ্য মানুষকে হত্যা করে। কিন্তু তারা আজও বাংলার মানুষদের কাছে ঘৃণিত ও অভিশপ্ত।
ক. বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি কে ছিলেন? ১
খ. কাদের নিয়ে মুজিবনগর সরকার গঠিত হয়? ২
গ. উদ্দীপকে বর্ণিত 'মীরজাফরদের দল বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় বিভিন্ন নামে সক্রিয় ছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মীরজাফরদের দল ব্রিটিশদের সমর্থন দিয়ে প্রমাণ করে যে, বাংলার মানুষ হলেও তারা বাংলার স্বাধীনতা চায়নি'— উক্তিটির আলোকে মুক্তিযুদ্ধে স্বাধীনতাবিরোধীদের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

## ১০ সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ রায়হান সাহেব ক্ষমতায় এসে একটি শক্তিশালী সাম্রাজ্য প্রতিষ্ঠা করার চেষ্টা করেন। এজন্য তিনি পার্শ্ববর্তী একটি দেশে ১৭ বার অভিযান পরিচালনা করেন। যদিও সামান্য একটি অংশ ব্যতিত অন্য কোন অঞ্চল অন্তর্ভুক্ত করতে পারেননি। তিনি ধনসম্পদের প্রতি আকৃষ্ট হয়ে বার বার অভিযান পরিচালনা করেন এবং অনেক সম্পত্তি হস্তগত করে তার রাজ্যকে সমৃদ্ধ করেন।

ক. তরাইনের ১ম যুদ্ধ কবে সংঘটিত হয়? ১
খ. আরবদের সিন্ধু বিজয়ের পূর্বে ভারতে নারীর অবস্থা কেমন ছিল? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে রায়হান সাহেবের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন শাসকের উদ্দেশ্য মিল রয়েছে? তার বর্ণনা দাও। ৩
ঘ. উক্ত শাসক সাংগঠনিক দক্ষতাসম্পন্ন একজন ব্যক্তি। তিনি অর্থনৈতিক উদ্দেশ্য ছাড়াও অন্য একটি উদ্দেশ্যে অভিযান পরিচালনা করেন? ব্যাখ্যা কর। ৪

২ ▶ জনাব আব্দুর রহমান পিতার মৃত্যুর পর একটি অঞ্চলের শাসনকর্তা হন। তিনি আত্মীয়দের ষড়যন্ত্রের শিকার হয়ে নিজ রাজ্য হারান। পার্শ্ববর্তী রাজ্যের অভ্যন্তরীণ দুর্বলতার সুযোগে আক্রমণ করে বসেন। তার উন্নত রণনীতি ও সামরিক দক্ষতার কারণে একটি যুদ্ধের জয় লাভের মধ্য দিয়ে একটি বংশকে হটিয়ে একটি সাম্রাজ্যের ভিত্তি রচনা করেন।

ক. কোন মুঘল সম্রাট বাংলার নাম রাখেন 'জান্নাতাবাদ'? ১
খ. 'কবুলিয়ত ও পাট্টা' বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যক্তির সাথে মুঘল বংশের কোন শাসকের মিল রয়েছে? ৩
ঘ. উক্ত মুঘল শাসকের কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

৩ ▶ সুলতান ইউসুফ নিজ হাতে ক্ষমতা গ্রহণ করার পর সকল ধর্মালম্বীকে একই পতাকাতলে আনার জন্য ধর্মভিত্তিক বিভাজন ও আন্তঃধর্ম বিবাদ দূর করতে সচেষ্ট হন। ধর্ম নিয়ে হত্যা, হানাহানি, রক্তপাত নিরসনকল্পে ইসলাম, সনাতন ও খ্রিষ্টধর্মের সমন্বয়ে একটি ধর্মমত চালু করেন। যদিও তা মাত্র কয়েকজন ব্যক্তি গ্রহণ করে। কিন্তু সুলতান ইউসূফের উদ্দেশ্য সফল হয়।

ক. 'মনসব' শব্দের অর্থ কী? ১
খ. সম্রাট আকবরের বাংলা বিজয়ের ইতিহাস বর্ণনা কর। ২
গ. উদ্দীপকের শাসকের সাথে মুঘল বংশের কোন শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত শাসকের রাজপুতনীতি ব্যাখ্যা কর। ৪

৪ ▶



ক. মুঘল সাম্রাজ্যের সর্বশেষ সম্রাট কে ছিলেন? ১
খ. শেরশাহকে মুঘল সম্রাজ্যের অন্তবর্তীকালীন শাসক বলা হয় কেন? ২
গ. উপরের চিত্রের ঐতিহাসিক প্রেক্ষাপট আলোচনা কর। ৩
ঘ. কোন মুঘল সম্রাটকে স্থাপত্যের রাজপুত্র বলা হয়? উপরের চিত্রের আলোকে ব্যাখ্যা কর। ৪

৫ ▶ রহমান সাহেব একটি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক ছিলেন। তার সময়কালের শেষ দিকে তার চার পুত্রের মধ্যে উত্তোরাধিকারকে কেন্দ্র করে ব্যাপক সংঘর্ষ সৃষ্টি হয়। তার এক পুত্র তাকে বন্দি করে রাখে। অবশেষে কারাগারেই তার মৃত্যু হয়।

ক. কত সালে মুঘল সম্রাজ্য প্রতিষ্ঠিত হয়? ১
খ. নূরজাহান কে ছিলেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত শাসকের সাথে তোমার পঠিত বইয়ের কোন শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত শাসকের পুত্রদের মধ্যে গৃহযুদ্ধের কারণগুলো আলোচনা কর। ৪

৬ ▶ নাহিদ কানাডার টরেন্টোতে থাকে। প্রতিবছর ফেব্রুয়ারি মাসে একটি বিশেষ দিবস পালন করে। তারা দিনের শুরুতে 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' পরিবেশনের মধ্য দিয়ে দিনের কার্যক্রম শুরু করে। তার পর শহিদ মিনারে ফুল দেয় এবং নানা আলোচনার মাধ্যমে দিনের কার্যক্রম শেষ করে।

ক. আওয়ামী মুসলিম লীগ কত সালে গঠিত হয়? ১
খ. আগরতলা ষড়যন্ত্র মামলা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকটিতে বাংলাদেশের কোন আন্দোলনটিকে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত আন্দোলনের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৭ ▶ একটি প্রেক্ষাপট শুধু ধর্মীয় ঐক্যের ভিত্তিতে দুটি অঞ্চল মিলে একটি দেশ নামকরণ হলেও কেন্দ্রীয় নেতাদের অবহেলার কারণে একটি অঞ্চল বঞ্চিত হয়। যদিও অঞ্চলটিতে প্রাকৃতিক সম্পদ ও শিল্পকারখানা ছিল। 'ক' নামক একজন মহান নেতার কিছু কর্মসূচির মাধ্যমে গণজাগরণ হয় এবং এ মহান নেতার কর্মসূচিগুলোকে জাতির মুক্তির সনদ বলে অভিহিত করা হয়।

ক. ১৯৭০ সালের জাতীয় পরিষদ নির্বাচনে পূর্ব পাকিস্তান অঞ্চলে কতটি আসন ছিল? ১
খ. ১৯৫৪ সালে কীভাবে যুক্তফ্রন্ট গঠিত হয়? ২
গ. উদ্দীপকের সাথে তোমার পাঠ্য বইয়ের কোন আন্দোলনের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত আন্দোলনের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮ ▶ আসাদের রক্তমাখা শার্ট গুচ্ছ রক্তকরবীর মতো কিংবা সূর্যাস্তের জ্বলন্ত মেঘের মতো ঢাকা শহরের হাওয়া উড়ে। আসাদের শার্ট হয়ে ওঠে আমাদের প্রাণের পতাকা।

ক. ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে কোন দল বিজয়ী হয়? ১
খ. বাঙালি জাতীয়তাবাদী চেতনা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকটি তোমার পঠিত বইয়ের কোন আন্দোলনকে মনে করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আন্দোলনের ফলাফল তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯ ▶



ক. ভারত বাংলাদেশকে কবে স্বীকৃতি প্রদান করে? ১
খ. বঙ্গবন্ধুর ২৬ মার্চের স্বাধীনতার ঘোষণার ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপকে চিত্রটি কোন মহান নায়ককে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ব্যক্তির ভাষণের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

১০ ▶

শেখ মুজিবুর রহমান
সৈয়দ নজরুল ইসলাম
এম. মনসুর আলী
এ এইচ এম কামারুজ্জামান
খন্দকার মোস্তাক আহমেদ

ক. ছয় দফা কত সালে পেশ করা হয়? ১
খ. অসহযোগ আন্দোল বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে '?' দ্বারা কোন সরকারকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুক্তিযুদ্ধ পরিচালনায় উক্ত সরকারের ভূমিকা আলোচনা কর। ৪

১১ ▶ 'ক' ও 'খ' অঞ্চল ২টির সমন্বয়ে একটি দেশ। 'ক' অঞ্চল 'খ' অঞ্চলটির উপর অত্যাচার, সকলেই যুদ্ধে অংশ গ্রহণ করে। এ যুদ্ধে কতিপয় দেশ মুক্তিযুদ্ধকে সমর্থন করলেও আবার কিছু দেশ বিরোধিতা করে। অবশেষে এক রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে 'খ' অঞ্চলটি স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে।

ক. বঙ্গবন্ধু কত তারিখে স্বদেশ প্রত্যাবর্তন করেন? ১
খ. অপারেশন সার্চ লাইট বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'খ' নামক অঞ্চলটি দ্বারা কোন দেশকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত যুদ্ধে বর্হির্বিশ্বের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

## ১১ ✓ সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি : দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৩০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ সিলেট-সুনামগঞ্জ বন্যার্ত এলাকার লোকদের জন্য ত্রাণসামগ্রী আসলে ঐ এলাকার চেয়ারম্যান সেগুলো গ্রহণ করার পূর্বেই একদল লুটেরা কর্তৃক লুণ্ঠিত হয়ে যায়। চেয়ারম্যান এ ঘটনার সাথে জড়িতদের শাস্তি দাবি করলেও কোনো প্রতিকার না পেয়ে নিজেই জড়িতদের শাস্তির ব্যবস্থা করেন, ফলে উভয়পক্ষে সংঘর্ষ হয়। প্রতিপক্ষের প্রধান নিহত হয়। প্রতিপক্ষের বাকি লোকজনও প্রাণভয়ে পালিয়ে যায়।

ক. হাজ্জাজ-বিন-ইউসুফ কে ছিলেন? ১
খ. মুহাম্মদ বিন কাসিমের মৃত্যুর কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের উল্লিখিত 'লুণ্ঠনের ঘটনার সাথে আরবের সিন্ধু বিজয়ের কোন কারণটি মিল রয়েছে'? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের লুণ্ঠনকারীদের পরিণতি ও সিন্ধু বিজয়ের ফলাফল এক কি না। বিশ্লেষণ কর। ৪

২ ▸ 'আর কে ক্যাবল' কোম্পানির প্রতিষ্ঠাতা মিনহাজ মাহতাব প্রথম জীবনে শ্রমিক ছিলেন। বিশ্বস্ততা, নিরলস পরিশ্রম ও প্রতিভা বলে তিনি প্রভুর প্রিয়পাত্র হয়ে উঠেন। প্রভুর পৃষ্ঠপোষকতার একটি কোম্পানির প্রতিষ্ঠা করেন। তাছাড়া তিনি লক্ষ লক্ষ টাকা গরিব-দুঃখীদের মাঝে দান করতেন। তাই তাকে দানেশ বলা হতো। তিনি প্রশাসনিক কাজে খুব দক্ষ ছিলেন। তার কর্মকাণ্ডের গৌরবময় দিক তুলে ধরার জন্য স্মৃতিসৌধটি নির্মাণের কাজ শুরু করেন যা খুব প্রশংসিত হয়।

ক. সুলতান মাহমুদ কোন রাজ্যের শাসক ছিলেন? ১
খ. জয় চাঁদ কেন পৃথিরাজের সাথে যোগ দেয়নি? ২
গ. উদ্দীপকের বর্ণিত মিনহাজ মাহতাবের কোম্পানির প্রশাসনিক কর্মকাণ্ডের সাথে সালতানাতের কোন শাসকের কর্মকাণ্ডের সাদৃশ্য পরিলক্ষিত হয়?– ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের স্মৃতিসৌধ নির্মাণের কারণ ছাড়াও সালতানাতের স্মৃতিসৌধটি নির্মাণের আরও কারণ ছিল উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৩ ▸ পিতার মৃত্যুর পর মাত্র ১৩ বছর বয়সে পিতৃসিংহাসনে আরোহণ করেন কিশোর হেলাল। সিংহাসন আরোহণ করেই তিনি আপনজন এবং আত্মীয়-স্বজনদের বিরোধিতার মুখোমুখি। তিনি বারবার সিংহাসন হারান আবার তা পুনরুদ্ধার করেন। প্রবল বিরোধিতার মুখোমুখি হয়ে তিনি পিতৃরাজ্য ছেড়ে দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন। আত্মবিশ্বাসী হেলাল পার্শ্ববর্তী দেশের দিকে দৃষ্টি নিবদ্ধ করেন এবং বহু প্রতিকূলতা পেরিয়ে অনেকগুলো রক্তক্ষয়ী যুদ্ধে বিজয়ী হয়ে তথায় তিনি নিজ বংশের নামে শক্তিশালী সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন। যা কয়েক শতাব্দী গৌরবের সাথে টিকেছিল।

ক. বাবর শব্দের অর্থ কী? ১
খ. 'বাবরনামার' পরিচয় দাও। ২
গ. উদ্দীপকের উল্লিখিত হিলালের জীবনালেখ্য কোন মুঘল সম্রাটের জীবন প্রবাহকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকে উল্লিখিত হেলালের কৃতিত্ব উক্ত মুঘল সম্রাটের কৃতিত্বের পূর্ণ প্রতিচ্ছবি নয়।' বিশ্লেষণ কর। ৪

৪ ▸ দীপালি উপজেলা চেয়ারম্যান পদে মজুমদার পরিবারের সদস্যরা যুগযুগ ধরে নির্বাচিত হয়ে আসছে। চাকরির সন্ধানে এসে বাদশা মিয়া পরিবার নিয়ে দীপালি উপজেলা বসতি স্থাপন করে। ধীরে ধীরে উক্ত উপজেলায় বাদশা মিয়ার পরিবারের প্রভাব বাড়তে থাকে। বাদশা মিয়ার আদর্শ নীতি-নৈতিকতা সবাইকে মুগ্ধ করে। বিগত উপজেলা পরিষদ নির্বাচনে আদর্শ প্রার্থী হিসেবে মজুমদার পরিবারের প্রার্থীকে শোচনীয়ভাবে পরাজিত করে বাদশা মিয়া উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হন। তিনি উপজেলার প্রশাসন ও যোগাযোগ ব্যবস্থায় আমূল পরিবর্তন আনয়ন করেন। তবে তার মৃত্যুর পর যোগ্য নেতৃত্বের অভাবে উপজেলা চেয়ারম্যান পদটি আবার মজুমদার পরিবারের পক্ষে চলে যায়।

ক. শেরশাহের বাল্যনাম কী? ১
খ. 'কবুলিত' ও 'পাট্টা' বলতে কী বোঝায়? ২
গ. বাদশা মিয়ার ক্ষমতা গ্রহণের দৃশ্যপটটি ভারতবর্ষে কোন আফগান শাসকের ক্ষমতা লাভের প্রক্রিয়াকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "ভারতবর্ষের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে বাদশা মিয়ার চেয়ে উক্ত আফগান শাসকের ক্ষমতা লাভের অবদান আরও সুদূরপ্রসারি।" বক্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৫ ▸ জনাব নীরু চৌধুরী রূপায়ণ জেলা পরিষদের চেয়ারম্যান। তার জেলার অধিকাংশ অধিবাসী সনাতন ধর্মাবলম্বী। তাই তিনি সংখ্যাগরিষ্ঠ জনগণের সহায়তা লাভ ও স্বীয় ক্ষমতা দীর্ঘায়িত করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে। তিনি প্রভাবশালী সনাতন ধর্মাবলম্বী পরিবারের সাথে আত্মীয়তার সম্পর্ক স্থাপন করেন। যোগ্যতা অনুযায়ী জেলার গুরুত্বপূর্ণ পদগুলোতে তাদের নিয়োগ দান করেন। ফলে জেলায় শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠিত হয়। সকলের সহযোগিতা তিনি রূপায়ণ জেলাটিকে একটি আদর্শ জেলায় পরিণত করেন।

ক. সম্রাট আকবরের রাজস্ব সচিব কে ছিলেন? ১
খ. সম্রাট জাহাঙ্গীরের ওপর নূরজাহানের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের উল্লিখিত চেয়ারম্যান সাহেবের কর্মকাণ্ডে সম্রাট আকবরের কোন নীতির প্রভাব পরিলক্ষিত হচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'আদর্শ জেলা পরিষদ প্রতিষ্ঠার মতো উক্ত নীতিও শক্তিশালী ও সুসংহত ভারতবর্ষ প্রতিষ্ঠায় সম্রাট আকবরকে সহযোগিতা করেছিল'– বিশ্লেষণ কর। ৪

৬ ▸ বালি উপজেলার নতুন কহেলা গ্রামে চেয়ারম্যান নির্বাচন নিয়ে গ্রামবাসীর অসন্তোষ তুঙ্গে। গ্রামবাসী স্বৈরাচারী চেয়ারম্যান সরিয়ে নতুন চেয়ারম্যান নিযুক্ত করার জন্য বারবার নির্বাচন দাবি করে আসছিলেন এবং এ ব্যাপারে তারা সংঘবদ্ধ হয়ে বিভিন্ন কর্মসূচি ঘোষণা করে। আন্দোলনের চাপে কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে তাদের দাবি মেনে নিলে নতুন চেয়ারম্যান নির্বাচিত হয়। কিন্তু পূর্ববর্তী চেয়ারম্যান প্রভাব খাটিয়ে নতুন চেয়ারম্যানকে জেলে পুরে দেয় এবং বিভিন্ন অজুহাত ও কৌশলে গ্রামবাসীর ঐক্য ভেঙে দেয় এবং কঠোর নিয়ন্ত্রণের মাধ্যমে আবারও একচ্ছত্র কর্তৃত্ব স্থাপন করে।

ক. তমদ্দুন মজলিস গঠিত পরিষদের নাম কী? ১
খ. ছিয়াত্তরের মনন্তর কেন ঘটেছিল? ২
গ. উদ্দীপকের গ্রামবাসী সংঘবদ্ধ হওয়ার সাথে যুক্তফ্রন্ট গঠনের কী সাদৃশ্য পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর গ্রামবাসীর সংঘবদ্ধ আন্দোলনের পরিণতির মতোই যুক্তফ্রন্টের পরিণতিও একই হয়েছিল? ব্যাখ্যা কর। ৪

৭ ▸ মরিয়মদের কলেজে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তারা ভাষার জন্য বাঙালির আত্মত্যাগের ঘটনা, প্রেক্ষাপট ও পরবর্তী ঘটনা প্রবাহ হতে বিশদভাবে বর্ণনা করলেন যে মরিয়ামের মনে তা গভীর রেখাপাত করে। ভাষা শহিদদের প্রতি গভীর শ্রদ্ধায় তার মন অবনত হয়, একজন বাঙালি হিসেবে, সে গর্ববোধ করে। অতঃপর বাড়ি ফিরে সে মায়ের কাছে তার অনুভূতি ব্যক্ত করে।

ক. ভাষা আন্দোলনের সূত্রপাত কখন হয়? ১
খ. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের বিজয় লাভের কারণ কী? ২
গ. ৫২ এর ভাষা আন্দোলনের মধ্যেই স্বাধীনতার বীজ নিহিত ছিল– বিশ্লেষণ কর। ৩
ঘ. ভাষার জন্য বাঙালির আত্মত্যাগের পরবর্তী ঘটনা প্রবাহের চূড়ান্ত রূপ তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪

৮ ▸ 'X' রাষ্ট্রের বেশ কয়েকটি প্রদেশের মধ্যে পূর্ববর্তী একটি প্রদেশ ছিল জনবহুল। এ প্রদেশটি কেন্দ্র থেকে বিভিন্ন অগণতান্ত্রিক আচরণের শিকার হয়। মাতৃভাষা কেড়ে নেওয়া হয়, প্রাদেশিক স্বায়ত্তশাসন অস্বীকার করা হয়, শিক্ষা, সামরিক ও বেসামরিক ক্ষেত্রে বৈষম্য সৃষ্টি করা হয়। এমতাবস্থায় উক্ত প্রদেশের একজন প্রধান ও জনপ্রিয় নেতা কয়েক দফা সংবলিত একটি প্রস্তাব পেশ করে তার জনগণের অধিকার প্রতিষ্ঠার প্রয়াস চালিয়ে যান।

ক. আগরতলা ষড়যন্ত্রের মামলা কত সালে দায়ের করা হয়? ১
খ. ছয় দফা কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জনবহুল প্রদেশের নেতার কয়েক দফা প্রস্তাবটির সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন প্রস্তাবের সাদৃশ্য রয়েছে? – ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রস্তাবের গুরুত্ব বা তাৎপর্য অপরিসীম–উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৯ ▸ একটি চলচ্চিত্রে দেখানো হয় একটি দেশ স্বাধীনতা লাভের জন্য যুদ্ধ করেছে। ঐ দেশেরই কিছু লোক সংগঠিত হয়ে নিজ দেশের বিরুদ্ধে নানা তৎপরতা চালিয়ে যাচ্ছে। দেশের পক্ষের যোদ্ধাদের অবস্থান হানাদার বাহিনীকে জানিয়ে দেওয়া, ঘরবাড়ি জ্বালিয়ে দেওয়াসহ নানা কর্মকাণ্ডের মাধ্যমে নিজ দেশের স্বাধীনতাকে তারা অস্বীকার করে।

ক. চরম পত্র ও জল্লাদের দরবার অনুষ্ঠানটি কে পরিচালনা করেন? ১
খ. মুজিবনগর সরকার সম্পর্কে সংক্ষেপে বর্ণনা কর। ২
গ. চলচ্চিত্রে দেখানো স্বাধীনতাবিরোধী লোকদের কর্মকাণ্ডের সাথে মুক্তিযুদ্ধের সময়ে কোন শ্রেণির লোকদের কর্মকাণ্ডের মিল রয়েছে? –ব্যাখ্যা কর। ৩
ঘ. মুক্তিযুদ্ধের সময়ে উক্ত দিকটি আমাদের স্বাধীনতাকে কলঙ্কিত করেছে– কথাটি বিশ্লেষণ কর। ৪

১০ ▸ ব্রিটিশ আধিপত্যের বিরুদ্ধে পেট্রিক হেনরি আমেরিকার স্বাধীনতা অর্জনের জন্য বলেছিলেন, 'জীবন কি এত প্রিয়, আর শান্তি কি এতই মধুর যে, শিকল আর দাসত্বের নামে তাকে কিনতে হবে? আমাকে স্বাধীনতা দাও। নয়তো মৃত্যু দাও। দেশের অধিকাংশ জনগণ তার এ বক্তব্যে উদ্বুদ্ধ হয়ে স্বাধীনতা সংগ্রাম করলেও অনেক অমেরিকান ব্রিটিশদের সহযোগিতা করে। তারা ব্রিটিশ শাসন কার্যকর রাখার চেষ্টা করে।

ক. ছয় দফা দাবি কে পেশ করেন? ১
খ. মহান মুক্তিযুদ্ধে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের স্বাধীনতা বিরোধী ও ব্রিটিশ সহযোগী আমেরিকানদের সাথে মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের স্বাধীনতা বিরোধীদের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের পেট্রিক হেনরীর বক্তব্যের চেয়ে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ ছিল আরও শাণিত দিকনির্দেশনামূলক ও তাৎপর্যপূর্ণ।" বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জিহাদ ও জিহান দুই ভাই। একটি অভিন্ন ফাণ্ড থেকে তাদের সংসারের সকল ব্যয় মেটানো হয়। জিহান অধিক পরিশ্রম ও অধিক আয় করলেও জিহাদ নেতৃত্ব ও অভিভাকত্বের সুযোগ নিয়ে বিভিন্ন কৌশলে জিহানকে বঞ্চিত করতে থাকে এবং অন্যায়ভাবে নিজের অবস্থার পরিবর্তন করতে থাকে। এ অবস্থা দীর্ঘদিন চলতে থাকায় জিহান প্রতিবাদী হয় এবং যৌথ পরিবার থেকে বের হয়ে একক পরিবার গঠন করে। জিহান জিহাদের অভিভাকত্ব হতে মুক্ত হয়ে নিজের পরিচয়ে প্রতিষ্ঠিত হতে থাকে।

ক. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়? ১
খ. ১৯৭০ সালের নির্বাচনের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের উল্লিখিত পরিস্থিতির সাথে তৎকালীন পূর্ব ও পশ্চিম পাকিস্তানের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের জিহানের মতো পশ্চিম পাকিস্তান কর্তৃক পূর্ব পাকিস্তানের প্রতি বঞ্চনা ও অবহেলার ফলই ছিল স্বাধীন সার্বভৌম বাংলাদেশ"। – বিশ্লেষণ কর। ৪

## ১২ সরকারি বরিশাল কলেজ, বরিশাল

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি : দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ তিনি ২৬ বছর বয়সে গজনির সিংহাসনে আরোহণ করেন। তিনি ছিলেন একজন দক্ষ প্রশাসক, সামরিক সংগঠক এবং শিল্প-সংস্কৃতির পৃষ্ঠপোষক। আব্বাসি খলিফার নিকট হতে তিনি 'ইয়ামিন-উদ-দৌলা' ও 'আমিন-উল-মিল্লাত' উপাধি লাভ করেন।

ক. মুসলমানদের সিন্ধু বিজয়কালে মুসলিম বিশ্বের খলিফা কে ছিলেন? ১
খ. তরাইনের ২য় যুদ্ধের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন শাসকের কথা বলা হয়েছে? তার ভারত অভিযানের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. বিজেতা ও নৃপতি হিসেবে তার কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

২ ▸ পলাশির যুদ্ধে নবাব সিরাজ-উদ-দৌলার পতনের মধ্যে দিয়ে ইংরেজদের ভারত বিজয়ের পথ প্রশস্ত হয়। ঘটনা প্রবাহে ১৭৬৪ সালে বক্সারের যুদ্ধে ইংরেজদের বিজয় লাভের মাধ্যমে বাংলায় ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন প্রতিষ্ঠা সুনিশ্চিত হয়। প্রকৃতপক্ষে বক্সারের যুদ্ধ ছিল পলাশির যুদ্ধ অপেক্ষা অধিক তাৎপর্যপূর্ণ।

ক. গ্রান্ড ট্রাঙ্ক রোড কে নির্মাণ করেন? ১
খ. 'বাবরনামা' সম্পর্কে সংক্ষেপে লেখ। ২
গ. উদ্দীপকের পলাশির যুদ্ধের ন্যায় একটি যুদ্ধ ভারতে মুঘল শাসন প্রতিষ্ঠার পথকে প্রশস্ত করেছে। তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত যুদ্ধ অপেক্ষা খানুয়ার যুদ্ধ ছিল অধিক তাৎপর্যপূর্ণ— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▸ ফাতেমীয় খলিফা আল হাকিম তার রাজ্যের সকল ধর্মাবলম্বীকে একই পতাকাতলে আনার জন্য একটি ধর্মমত প্রচলন করেন। কিন্তু এ ধর্মমতটি জনসাধারণের মধ্য প্রভাব বিস্তার করতে না পারায় তার মৃত্যুর সাথে সাথে ধর্মমতটির পরিসমাপ্তি ঘটে।

ক. 'হুমায়ুন' শব্দের অর্থ কী? ১
খ. 'মনসবদারি প্রথা' কী? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত খলিফার সাথে কোন মুঘল শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত মুঘল শাসকের রাজপুত নীতি পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৪ ▸ পৃথিবীর প্রাচীন সপ্তাশ্চর্যের একটি হলো ব্যাবিলনের 'শূন্য উদ্যান'। খ্রিষ্টপূর্ব ৬০০ অব্দে ব্যাবিলনের রাজা নেবুচাদনেজার তার রানি আমিতিসের জন্য এটি নির্মাণ করেন।

ক. কোন মুঘল সম্রাটকে জিন্দাপির বলা হয়? ১
খ. কবুলিয়ত ও পাট্টা কী? ২
গ. উদ্দীপকের উদ্যানটি সম্রাট শাহজাহানের কোন স্থাপত্যের কথা মনে করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'স্থাপত্যের রাজপুত্র' হিসেবে উক্ত শাসকের কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

৫ ▸ অটোমান সুলতান মহামতি সুলায়মানের রাজত্বকালে (১৫২০-১৫৬৬ খ্রি.) তার প্রিয়তমা স্ত্রী হুররাম সাম্রাজ্যের রাষ্ট্রীয় কর্মকাণ্ডে সক্রিয় ভূমিকা রাখেন। অটোমান ইতিহাসের সবচেয়ে প্রভাবশালী ও ক্ষমতাধর নারীদের মধ্যে তিনি ছিলেন অন্যতম। সৌন্দর্য ও বুদ্ধিমত্তা দ্বারা তিনি সুলতানের উপর প্রভাব বিস্তার করেন। হেরেম থেকে রাজদরবার সর্বত্রই তার প্রভাব লক্ষ করা যায়।

ক. সম্রাজ্ঞী নূরজাহানের প্রকৃত নাম কী? ১
খ. মুঘল সাম্রাজ্য পতনের কারণ সংক্ষেপে লেখ। ২
গ. হুররাম সুলতানের সাথে কোন মুঘল সম্রাজ্ঞীর চারিত্রিক মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুঘল নীতিতে তার প্রভাব আলোচনা কর। ৪

৬ ▸ এই আন্দোলনকে বলা হয় বাঙালিদের মুক্তির প্রথম আন্দোলন।
১৯৪৮ সালের ২ মার্চ 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠন করা হয়।
'রাষ্ট্রভাষা বাংলা চাই' স্লোগানের মাধ্যম ১৪৪ ধারা ভঙ্গ করা হয়।

ক. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট কতটি আসন লাভ করেছিল? ১
খ. ছয় দফা কর্মসূচিকে 'বাঙালি জাতির মুক্তির সনদ' বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে কোন ঐতিহাসিক আন্দোলন নির্দেশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত আন্দোলনের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৭ ▸ পূর্ব পাকিস্তানের প্রতি পাকিস্তানি শাসকদের নীতি ছিল বৈষম্যমূলক। সকল প্রকার ব্যাংক, বীমা, বাণিজ্যিক কেন্দ্র, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান পশ্চিম পাকিস্তানে গড়ে তোলা হয়। পূর্ব পাকিস্তানের সস্তা কাঁচামাল দিয়ে তাদের অধিকাংশ বাণিজ্যকেন্দ্র ও কলকারখানা চলত। ফলে খুব সহজেই পূর্ব পাকিস্তানের সম্পদ পশ্চিম পাকিস্তানে পাচার হয়ে যেত।

ক. আগরতলা মামলা কবে দায়ের করা হয়? ১
খ. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের ফলাফল সম্পর্কে লেখ। ২
গ. উদ্দীপকে পূর্ব পাকিস্তানের প্রতি কোন ক্ষেত্রে বৈষম্যের চিত্র প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পূর্ব পাকিস্তানের প্রতি পাকিস্তানি শাসক গোষ্ঠীর বৈষম্যমূলক নীতিই বাংলার স্বাধীনতা ত্বরান্বিত করেছে— পাঠ্যবইরে আলোকে বিশ্লেষণ কর। ৪

৮ ▸ ১৮৬৩ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন দাসপ্রথা বিলোপ, নাগরিক অধিকার ও গণতন্ত্র প্রসঙ্গে এক ঐতিহাসিক ভাষণ দেন। পৃথিবীর ইতিহাসে গণতন্ত্রের জাগরণে ভাষণটি এক অনন্য দলিল।

ক. ঐক্যবদ্ধ পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় কত খ্রিষ্টাব্দে? ১
খ. ১৯৭০ সালের নির্বাচনের ফলাফল সম্পর্কে লেখ। ২
গ. উদ্দীপকের ভাষণের সাথে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাসে কোন মহান নেতার ভাষণের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে উক্ত ভাষণের ঐতিহাসিক তাৎপর্য নিরূপণ কর। ৪

৯ ▸ একাত্তরের মুক্তিযুদ্ধকে নিয়ে বাংলা সাহিত্যে রচিত উপন্যাসগুলোর মধ্যে সৈয়দ শামসুল হকের 'নিষিদ্ধ লোবান' অন্যতম। উপন্যাসটির মূল চরিত্র বিলকিস, যার স্বামী একজন গণমাধ্যম কর্মী। পঁচিশে মার্চের ভয়াল কালরাত্রিতে ঘর ছেড়ে বের হয়ে আর ফিরে আসেনি। এ উপন্যাস মুক্তি সংগ্রামের নারীর ভূমিকা, মুক্তিযুদ্ধ চলাকালে বাঙালির জীবনে নেমে আসা ভয়াবহ পরিস্থিতির চিত্র ফুটে উঠেছে।

ক. স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম কবে উত্তোলন করা হয়? ১
খ. বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণা বাঙালিদের আত্মত্যাগে উদ্বুদ্ধ করেছিল— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'কালরাত্রি' শব্দটি দ্বারা কোন ঘটনাকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুক্তিযুদ্ধে বাংলার নারী সমাজের ভূমিকা আলোচনা কর। ৪

১০ ▸ ⇒ বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে এর ভূমিকা অপরিসীম।
⇒ ১৯৭১ সালের ১০ এপ্রিল গঠিত হয়।
⇒ ১৯৭১ সালের ১০ এপ্রিল শপথ গ্রহণ করে।
⇒ সদর দপ্তর ছিল কলকাতা ৮নং থিয়েটার রোড।

ক. মহান মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন? ১
খ. অপারেশন সার্চলাইট কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তথ্যগুলো দ্বারা ঐতিহাসিক কোন সরকারকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে উক্ত সরকারের অবদান আলোচনা কর। ৪

১১ ▸ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. তমদ্দুন মজলিস কবে গঠিত হয়? ১
খ. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে রাজাকার বাহিনীর কার্যক্রমের ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপকের চিত্রটি কোন ঐতিহাসিক ঘটনার সাক্ষী? ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্রটি যে যুদ্ধের সাথে সম্পর্কিত সে যুদ্ধে বহির্বিশ্বের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ১৩ ঢাকা কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 6 8

সময়—৩০ মিনিট

**ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র — বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. কত খ্রিষ্টাব্দে মুহাম্মদ বিন কাসিম সিন্ধু বিজয় করেন?**
K ৭১০ L ৭১২
M ৭১৩ N ৭১৪

**২. ভারতে স্থায়ী মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন কে?**
K মুহাম্মদ বিন কাসিম L সুলতান মাহমুদ
M মুহাম্মদ ঘুরী N কুতুবউদ্দিন আইবেক

**৩. কিতাবুল-হিন্দ কে রচনা করেন?**
K আল কিন্দি L আল ফারাবি
M আর রাজি N আল বেরুনী

**৪. গজনি কোথায় অবস্থিত?**
K ইরাক L সিরিয়া
M আফগানিস্তান N ইরান

■ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ৫নং প্রশ্নের উত্তর দাও :**
আব্দুল্লাহপুরের যুবক ইব্রাহীম তার পারিবারিক সচ্ছলতা আনয়নের জন্য বেশ কয়েকবার বিদেশে চাকরি গ্রহণের মাধ্যমে প্রচুর অর্থ উপার্জন করেন। এই অর্থসম্পদ দিয়ে তার গ্রামের বাড়িতে অট্টালিকা তৈরি করে বাড়িটিকে অনিন্দ্য সুন্দর করে গড়ে তোলেন।

**৫. অনুচ্ছেদে উল্লিখিত ইব্রাহীমের কর্মকাণ্ড কোন সুলতানের কর্মকাণ্ডের অনুরূপ—**
K কুতুবুদ্দিন আইবেক L সুলতান মাহমুদ
M মুহাম্মদ ঘুরী N সুলতান ইলতুৎমিশ

**৬. আরবদের সিন্ধু বিজয়ের কারণ—**
i. রাজা দাহির কর্তৃক বিদ্রোহীদের আশ্রয়দান
ii. উমাইয়া সাম্রাজ্যবাদী নীতি
iii. সামুদ্রিক বাণিজ্যের নিরাপত্তা বিধান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৭. সোমনাথ মন্দির কোথায় অবস্থিত?**
K ভারত L পাকিস্তান
M আফগানিস্তান N বাংলাদেশ

**৮. তরাইনের যুদ্ধ কার কার মধ্যে সংঘটিত হয়?**
K মুহাম্মদ বিন কাসিম ও রাজা দাহির
L মুহাম্মদ ঘুরী ও পৃথ্বিরাজ চৌহান
M মুহাম্মদ ঘুরী ও জয়চন্দ্র
N জয়চন্দ্র ও রাজা দাহির

**৯. মুহাম্মদ ঘুরীর ভারত অভিযানের প্রাক্কালে বাংলা কাদের অধীনে ছিল?**
K সেনদের L পালদের
M মৌর্যদের N চৌহানদের

**১০. মুহাম্মদ ঘুরীর ভারত অভিযানের কারণ ছিল—**
i. সাম্রাজ্য প্রতিষ্ঠা
ii. ইসলাম প্রচার
iii. নিজ রাজ্যের নিরাপত্তা বিধান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১১. পাকিস্তান প্রতিষ্ঠার ভিত্তি কী ছিল?**
K সংস্কৃত L ধর্ম
M ভাষা N বর্ণ

**১২. "উর্দু এবং উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা।" ঘোষণাটি কার?**
K লিয়াকত আলী খানের
L আইয়ুব খানের
M ইয়াহিয়া খানের
N মোহম্মদ আলী জিন্নাহর

**১৩. বাঙালি জাতীয়তাবাদী চেতনা বিকাশের প্রথম পদক্ষেপ কোনটি?**
K লাহোর প্রস্তাব
L ভাষা আন্দোলন
M ছয়দফা আন্দোলন
N ১৯৬৯-এর গণঅভ্যুত্থান

**১৪. বাংলা একাডেমির পূর্ব নাম কী ছিল?**
K বর্ধমান হাউজ L গভর্নর হাউজ
M রেস্ট হাউজ N সার্কিট হাউজ

**১৫. ভাষা আন্দোলনের ফলে গড়ে উঠে—**
K বাঙালি জাতীয়তাবাদের চেতনা
L পাকিস্তানি জাতীয়তাবাদের চেতনা
M মুসলিম জাতীয়তাবাদের চেতনা
N উর্দু ভাষাগত জাতীয়তাবাদের চেতনা

**১৬. ১৯৫৪ সালের নির্বাচনে মুসলিম লীগের পরাজয়ের কারণ কী?**
K ভোট জালিয়াতি
L কম সংখ্যক ভোটারের উপস্থিতি
M যুক্তফ্রন্টের নানা অপপ্রচার
N জনসমর্থনের অভাব

**১৭. ছয়দফা কর্মসূচির অন্যতম পটভূমি হচ্ছে—**
i. বৈষম্যমূলক নীতি
ii. পাক-ভারত যুদ্ধ পরবর্তী অবস্থা
iii. পাকিস্তানি শাসকদের ষড়যন্ত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. ছয় দফা দাবি কোথায় উত্থাপন করা হয়?**
K ইসলামাবাদে L করাচিতে
M রাওয়ালপিন্ডিতে N লাহোরে

**১৯. আগরতলা মামলার প্রধান উদ্দেশ্য ছিল—**
i. পূর্ব বাংলাকে নেতৃত্ব শূন্য করা
ii. মুসলিম লীগের বিজয় সুনিশ্চিত করা
iii. জাতীয়তাবাদী আন্দোলনকে স্তিমিত করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২০. ১৯৬৯ সালে ছাত্ররা কত দফাভিত্তিক আন্দোলন ঘোষণা করে?**
K ২১ দফা L ১৩ দফা
M ১১ দফা N ১০ দফা

**২১. কোন ঘটনার প্রেক্ষিতে আইয়ুব খান পদত্যাগ করতে বাধ্য হন?**
K ছয় দফা কর্মসূচি ঘোষণার ফলে
L যুক্তফ্রন্ট নির্বাচনে জয়লাভ করার ফলে
M গণঅভ্যুত্থানের সূচনা হওয়ায়
N একুশ দফা কর্মসূচি

**২২. ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পরিষদে কতটি আসন লাভ করে?**
K ১৬৫ L ১৬৬
M ১৬৭ N ১৬৮

**২৩. ৭ মার্চের ভাষণের মূল তাৎপর্য কোথায় নিহিত?**
K মুক্তিযুদ্ধের প্রস্তুতিতে
L বঙ্গবন্ধুর বাগ্মিতায়
M স্বাধীনতার ঘোষণায়
N স্বায়ত্তশাসন আদায়ে

**২৪. '২৩ বছরের ইতিহাস আমাদের বঞ্চনার ইতিহাস'— উক্তি কোন মহান নেতার কণ্ঠে ধ্বনিত হয়?**
K মওলানা আব্দুল হামিদ খান ভাসানী
L বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
M হোসেন শহীদ সোহরাওয়ার্দী
N এ. কে. ফজলুল হক

**২৫. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ—**
i. বাংলাদেশের স্বাধীনতার মূলমন্ত্র
ii. স্বাধীনতার দিক নির্দেশনা
iii. বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৬. স্বাধীন বাংলার বেতার কেন্দ্র কোথায় অবস্থিত?**
K ঢাকা L চট্টগ্রাম
M খুলনা N সিলেট

**২৭. মুক্তিযুদ্ধে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের ভূমিকা ছিল—**
K মুক্তিযুদ্ধবিরোধী প্রচার
L ইসলাম ধর্ম বিরোধী প্রচার
M স্বাধীনতা সংগ্রামে সাফল্য লাভে অবদান
N বিদেশে সাহায্যের আবেদন

**২৮. ১৯৭১ সালের অস্থায়ী সরকার প্রতিষ্ঠা করা হয় কেন?**
i. ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্য
ii. ক্ষমতার অপব্যবহারের জন্য
iii. মুক্তিযুদ্ধকে সাংগঠনিক রূপ দেয়ার জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i L iii
M ii N i, ii ও iii

**২৯. ১৯৭১ সালের ১৪ই ডিসেম্বর বুদ্ধিজীবীদের হত্যা করা হয় কেন?**
K দেশকে মেধাশূন্য করার জন্য
L প্রতিশোধ গ্রহণের
M যুদ্ধ জয়ের জন্য
N ভয় দেখানোর জন্য

**৩০. বঙ্গবন্ধু স্বদেশ প্রত্যাবর্তন করেন কত তারিখে?**
K ১০ জানুয়ারি, ১৯৭২
L ১১ জানুয়ারি, ১৯৭২
M ২০ ফেব্রুয়ারি, ১৯৭২
N ১০ মার্চ, ১৯৭২

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | N | ৪ | M | ৫ | L | ৬ | N | ৭ | K | ৮ | L | ৯ | K | ১০ | N | ১১ | L | ১২ | N | ১৩ | L | ১৪ | K | ১৫ | K |
| ১৬ | N | ১৭ | N | ১৮ | N | ১৯ | L | ২০ | M | ২১ | M | ২২ | M | ২৩ | K | ২৪ | L | ২৫ | K | ২৬ | L | ২৭ | M | ২৮ | L | ২৯ | K | ৩০ | K |

## ১৪ শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা

### ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট পূর্ণমান–৩০

**১. সোমনাথ মন্দির কোথায় অবস্থিত?**
K দিল্লি L রাজস্থান
M উত্তর প্রদেশ N গুজরাট

**২. 'আরবদের সিন্ধু বিজয় একটি নিষ্ফল উপাখ্যান' এই উক্তিটি কোন ঐতিহাসিকের?**
K ঈশ্বরী প্রসাদ
L স্টেনলি লেনপুল
M পি কে হিট্টি
N এ বি এম হাবিবুল্লাহ

**৩. ভারতবর্ষের প্রাচীনতম অধিবাসী কারা?**
K আর্য L শক
M হুন N দ্রাবিড়

**৪. 'ইয়ামিন-উদ-দৌলা ও আমির-উল-মিল্লাত' কার উপাধি?**
K মুহাম্মদ বিন কাসিম
L সুলতান মাহমুদ
M মুইজউদ্দিন মুহাম্মদ ঘুরী
N কুতুবউদ্দিন আইবেকের

**৫. আরবদের সিন্ধু বিজয়ের প্রাক্কালে ভারতবর্ষ সম্পর্কে বলা যায়–**
i. কোনো রাজনৈতিক ঐক্য ছিল না
ii. কোনো কেন্দ্রীয় সরকার ছিল না
iii. বর্ণভেদ প্রথা বিদ্যমান ছিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড় এবং ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
বড় হয়ে তুষার বিশ্বজয়ের স্বপ্ন দেখে। সে ঐ আরব বিজেতার মতো হতে চায় যে ১৭ বার ভারতবর্ষে অভিযান পরিচালনা করেছিল এবং প্রত্যেকবারই অভিযানে সফল হয়েছিল।

**৬. তুষার কার মতো হতে চায়?**
K ইবনে বতুতা L মুহাম্মদ বিন কাসিম
M সুলতান মাহমুদ N মুহাম্মদ ঘুরী

**৭. এ ধরনের এক বিজেতা চেয়েছিলেন–**
i. ভারতের অর্থনৈতিক উন্নতি সাধন করতে
ii. ভারতে ইসলাম ধর্ম প্রচার করতে
iii. মধ্য এশিয়ায় একটি শক্তিশালী রাজ্য প্রতিষ্ঠা করতে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৮. 'তুযুক-ই বাবর' কোন ভাষায় রচিত?**
K ফারসি L তুর্কি
M হিন্দি N ইংরেজি

**৯. কত খ্রিষ্টাব্দে পানিপথের প্রথম যুদ্ধ সংঘটিত হয়েছিল?**
K ১৫২৬ L ১৫২৭
M ১৫৩০ N ১৫৫৬

**১০. কোন মুঘল সম্রাটকে জিন্দাপির বলা হতো?**
K বাবর L শাহজাহান
M আকবর N আওরঙ্গজেব

**১১. শেরশাহের প্রকৃত নাম ছিল–**
K হাসান L ইব্রাহিম
M ফরিদ N ফজল

**১২. আগরতলা ষড়যন্ত্র মামলায় মোট আসামি কতজন?**
K ৩০ L ৩৫
M ৩৬ N ৩৭

**১৩. কত সালে যুক্তফ্রন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়?**
K ১৯৫২ L ১৯৫৩
M ১৯৫৪ N ১৯৫৫

**১৪. কত সালের সংবিধানে বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়?**
K ১৯৭২ সালের সংবিধানে
L ১৯৬২ সালের সংবিধানে
M ১৯৫৬ সালের সংবিধানে
N ১৯৪৩ সালের সংবিধানে

**১৫. কে শহিদ মিনার প্রথম উদ্বোধন করেন?**
K আবুল বরকতের বাবা
L জব্বারের বাবা
M শফিউর রহমানের বাবা
N শহিদ সালামের বাবা

**১৬. 'বাঙালির তাজা রক্ত মাড়িয়ে আমি কোনো সম্মেলনে বসতে পারি না' উক্তিটি করেছেন–**
K বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
L মওলানা ভাসানী
M শেরে বাংলা এ. কে. ফজলুল হক
N হোসেন শহীদ সোহরাওয়ার্দী

**১৭. কত তারিখে বাংলাদেশের অস্থায়ী সরকার শপথ গ্রহণ করে?**
K ১৯৭১ সালের ১০ মার্চ
L ১৯৭১ সালের ১০ এপ্রিল
M ১৯৭১ সালের ১৭ মার্চ
N ১৯৭১ সালের ২৬ মার্চ

**১৮. বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণের মূল লক্ষ্য ছিল–**
K পশ্চিমা শক্তিকে ধ্বংসকরণ
L পূর্ণ স্বায়ত্তশাসন প্রতিষ্ঠা
M জাতীয়তাবাদের বিকাশ
N স্বাধীনতা লাভের জন্য মানসিক প্রস্তুতি

**১৯. বাংলাদেশের অস্থায়ী সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন?**
K তাজউদ্দীন আহমদ
L শেখ মুজিবুর রহমান
M ক্যাপ্টেন মনসুর আলী
N সৈয়দ নজরুল ইসলাম

**২০. মুক্তিযুদ্ধের অনিয়মিত বাহিনীর সরকারি নাম ছিল?**
K গণবাহিনী L মুজিব বাহিনী
M লাল বাহিনী N হালিম বাহিনী

**২১. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির রচয়িতা কে?**
K আব্দুল লতিফ
L গাফফার চৌধুরী
M আব্দুল জব্বার
N আতিকুল ইসলাম

**২২. খলিফা ওয়ালিদের সাম্রাজ্যবাদী গভর্নর কে ছিলেন?**
K কুতাইবা
L হাজ্জাজ বিন ইউসুফ
M তারিক বিন জিয়াদ
N মুসা বিন নুসাইর

**২৩. হুমায়ুন শব্দের অর্থ কী?**
K বিশেষ প্রতিভা L ধর্মভীরুতা
M সৌন্দর্যপ্রীতি N ভাগ্যবান

**২৪. 'দস্তরুল আমল' এ কয়টি আদেশ সন্নিবেশিত হয়?**
K ১১ L ১২
M ১৩ N ১৫

**২৫. মনসবদারি ব্যবস্থা কোন সম্রাট প্রবর্তন করেছিলেন?**
K বাবর L হুমায়ুন
M আকবর N শাহজাহান

**২৬. লোদী বংশের সর্বশেষ শাসক কে ছিলেন?**
K সিকান্দার লোদী L বাহুলুল লোদী
M ইব্রাহীম লোদী N বাহরাম লোদী

**২৭. ১৪ ডিসেম্বর বুদ্ধিজীবীদেরকে হত্যা করা হয় কেন?**
K দেশকে মেধাশূন্য করার জন্য
L প্রতিশোধ গ্রহণের জন্য
M যুদ্ধ জয়ের জন্য N ভয় দেখানো জন্য

**২৮. পূর্ব বাংলার কয়টি রাজনৈতিক দল যুক্তফ্রন্ট গঠন করে?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**২৯. মুক্তিযুদ্ধের কোন সেক্টর নৌ কমান্ডারদের নিয়ে গঠিত ছিল?**
K ২নং সেক্টর L ৪নং সেক্টর
M ৮নং সেক্টর N ১০নং সেক্টর

**৩০. ১৯৭১ সালের ২৫ মার্চ গণহত্যার অভিযানকে কী নামে আখ্যায়িত করা হয়?**
K অপারেশন জ্যাকপট
L অপারেশন সার্চলাইট
M অপারেশন ব্ল্যাক আউট
N অপারেশন রেড অ্যালার্ট

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | L | ৩ | N | ৪ | L | ৫ | N | ৬ | M | ৭ | M | ৮ | L | ৯ | K | ১০ | N | ১১ | M | ১২ | L | ১৩ | M | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | N | ১৯ | L | ২০ | K | ২১ | L | ২২ | L | ২৩ | N | ২৪ | L | ২৫ | M | ২৬ | M | ২৭ | K | ২৮ | N | ২৯ | N | ৩০ | L |

## ১৫ ✔ সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

সময়—৩০ মিনিট **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

**১. ৭১২ সালে সিন্ধুর শাসনকর্তা কে ছিলেন?**
K মুহাম্মদ বিন কাসিম
L রাজা দাহির
M হাজ্জাজ বিন ইউসুফ
N সুলমান মাহমুদ

**২. ভারতের নিম্নবর্ণের হিন্দুরা কেন ইসলামের প্রতি আকৃষ্ট হয়?**
i. ইসলামের সাম্য ও শান্তির বার্তা পেয়ে
ii. আরব বণিকদের সাথে ব্যবসা করার উদ্দেশ্যে
iii. শাসকদের নিপীড়ন থেকে মুক্তি লাভের আশায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৩. 'শাহনামা' গ্রন্থের রচয়িতা কে?**
K আবুল কাশেম ফেরদৌসি
L আল-বেরুনি
M আবুল ফজল N আবুল হাসান ফিদা

**৪. মায়ের দিক থেকে বাবর ছিলেন—**
K চেঙ্গিস খানের বংশধর
L কুবলাই খানের বংশধর
M তৈমুর লঙ-এর বংশধর
N পাহাড় খানের বংশধর

**৫. কোন মুঘল সম্রাট বাংলার নাম রাখেন 'জান্নাতাবাদ'?**
K বাবর L হুমায়ুন
M আকবর N শাহজাহান

